BENGALI FAMILY LIBRARY.

গাৰ্হস্য বাঙ্গালা পুস্তক সংগ্ৰহ।

KRILOF'S FABLES.

ক্রীলফের নীতিগপ

জীযু**ক্ত মধুস্থদন মুখে**†পাধ্যায় কর্ত্তক

ইংরাজী ভাষা হইতে অ রুবাদিত।

CALCUTTA:

Printed for the School Book and Vernacular Literature Society,

AT THE GIRISHA-VIDYARATNA-

No. 58-5, UPPER CIRCULAR BOAD.

August, 1870.

Price—6 Annas. मूना—। do हर जारित

NOTICE.

Krilof's Fables are as popular in Russia as Æsop's were in Greece; they have not only amused tens of thousands of people of all classes by their keen sarcastic with but they have produced a mighty influence for good in reforming social evils in Russia; they helped to effect by moral means what the Emperor Nicholas failed to do by the severest punishments. They expose evils which are common to every country and may in this respect be very useful to the people of India.

J. Long.

Calcutta
August. 1870.

মাতৃ ভাষার জীর্দ্ধি না হইলে দেশের জীরদ্ধি হয় না। ভূতপূর্বে রুষিয়া দেশীর ভদ্ লোকেরা স্বদেশীয় ভাষার প্রতি অপ্রদ্ধা করিয়া অপর নানা ভাষা শিথিতেন, এবং যত্ন পূর্বক ফরাশী-ভাষায় কথেশপকথন ও লিখন পঠন ক্রিতেন। সাধারণ লোক বিদ্যালোক অভাবে যে মুর্খ হইতেছে, ইহা তাঁহার? ভ্রমেও এক--বার বিবেচনা করিতেন না। কিন্তু এক্ষণে ভাঁহা-(मत (म जग मृत्त अश्वतात स्इतिष्ठ, तक्रतम्भीत ক্লতবিদ্য ভদ্র-লোকদিগের ন্যায় ভাঁহারা,স্থিক নিদ্ধান্ত করিয়াছেন, যে, স্বদেশীয় সাহিত্য এবং স্বদেশীয় ভাষার উন্নতি ব্যতিরেকে জুনু-সমাজের জীরদ্ধি সাংন কোন মতেই সন্তা-বিত নয়।

রুবিয়ানদিগের নীতিগর্ভ গণ্প এবং হিতোপ-দেশ এন্থের প্রতি বিশেষ শ্রদ্ধী আছে, জন-পদবর্গের ধর্মনীতি শিক্ষার জন্য উহা যথা-

ষোগ্য উপায় বিবেচনা করিয়া, জন কয়েক মহাত্মা পণ্ডিত, ফরাশী ভাষা হইতে কয়েক খান নীতিগর্ভ গণ্পা রুষিয়া ভাষায় অনুবাদ করেন। ঐ সকল গ্রন্থ সাধারণলোকদিগের দারা বিশেষাগ্রহ সহকারে পরিগৃহীত হইলে, ক্রীলফ নামা এক জন সন্বিবেচক মহা পণ্ডিত স্বজাতীয় ভাষায় এক খানি নূতন নীতিগপো প্রণয়ন করিতে আরম্ভ করিলেন। সমাজের ্দোষ সংশোধন এবং লৌকিক অভিপ্ৰায় প্ৰকাশ -করণ, ভাঁহার ব্য**ঙ্গোক্তি বিশিষ্ট** কাব্যের মুখ্য তাৎপৰ্য্য হওয়াতে, তদ্ৰচিত কাব্য পাঠে সক-লেরই সন্তোষ জন্মিয়াছিল। সমাট নিকো-^{্ল}াষ ক্রেমিয়া দেশে স্বেচ্ছাচারী অধীশ্বর ছিলেন বটে, কিন্তু ক্রীলফের নীতিগম্পের প্রতি তাঁহার এমনি প্রদা জিমিয়াছিল, যে গবর্ণমেণ্ট দ্বারা তাঁহার পরিশ্রামের বিশেষ পুরস্কার করেন। এমন কি, সাধারণ প্রজা বর্গের তৎপ্রতি ক্লত-জতা প্রকাশ জন্য, ক্রীলফ পরলোক প্রাপ্ত হইলে তাঁহার ভাস্তোটিকিয়ার সমস্ত ব্যয় গ্রণ্মেণ্ট হইতে দেওয়ান; আর ভাঁহার আর-

ণার্থ সেণ্টপিটর স্বর্গ রাজধানীতে অভ্যুৎকৃষ্ঠ একটি স্মৃতি স্তম্ভ নির্মাণ করেন।

করাশী এবং জরমান ভাষাতে ক্রীলফের নীতিগম্প অনুবাদিত হইয়াছে। কিন্তু এপ-র্যান্ত উহা ইংরাজী ভাষার মনোহর পরিচ্ছদে পরিহিত হয় নাই। সম্প্রতি দৈশহিতৈষি মহা পণ্ডিত শ্রীযুক্ত রেডরেও জেম্ম লং সাহেৰ উহার কয়েকটি গম্প মনোনীত করিয়া ইংরা-জীতে অসুবাদ করিয়াছেন। রুবিয়ার সামাজিক দোষ ভারতবর্ষীয় লোকদিগের সমাজে অনেক দেখিতে পাওয়া যায়, জতএব এতদেশের প্রধান প্রধান ভাবায় ঐ ইংরাজী অনুবাদ সাত্র-বাদিত হয়, ইহা সাহেবের নিতান্ত ইচ্ছা। সম্প্রতি অহ্বাদক সমাজ এবং ক্ষুলবুক সোসাইটীর আদেশারুদারে আমি উহা বঙ্গভাষায় অনু-বাদ করিলাম। কথাচ্ছলে ধর্ম-নীতি শিখাই-বার নিমিত, এই গ্রন্থ উত্তম। সংস্কৃত ভাষায় যেরপ হিতেপদেশ, পারদ্য ভাষায় যেরপ গোলস্তা, রুষিয়া ভাষায় তেমনি জীলফের নীতিগপা; এই নীতিগপা অনুবাদ করিয়া

আমি কৃত দূর ক্রতকার্য ইইয়াছি বলিতে পারি
না, ক্রবিয়ার সাধারণ লোকদের যেরূপ উহা
কণ্ঠস্থ, তত্রত্য কারখানার শ্রমোপজীবী লোকদিগের নিকট যেরূপ উহা সমাদৃত, উহাতে যেরূপ
ক্রবিয়া দেশের মঙ্গল সাধন করিয়াছে, আমার
বঙ্গভাষাস্থাদে তাহার যদি শতাংশের একাংশত হয়, তবেই শ্রম সার্থক জ্ঞান করিব। ইতি

भन :२११ मान। } वि अधुक्रमन मूरश्राहा।



গৰ্দভ ও বুলবুল বেঁ।স্তা, অথবা অযোগ্য বিচারক।

এক দিন এক গর্মভ এক বুলবুলবোঁস্তাকে বলিল, ভাই! ভোমার স্বরের চমৎকারিভার কথা অনেকেই বলিয়া থাকে। তুমি এডদ্রেপ সাধারণ প্রশংসা পাইবার বোগ্য পাত্র কি না, নিজে ভাহা বিচার ক্রিবার জন্য, স্কর্ণে ভোমার স্বর প্রবণ করিছে আমি নিভাক্ত ইচ্ছুক হইয়াছি।

বুলবুলবোঁস্তা ভাহাতে সন্মত হইয়া আপন প্রম্
সুদ্দর কণ্ঠদেশ হইতে নানাপ্রকার স্মধুর সর প্রকাশ
করিতে উদ্যত হইল। প্রথনে লে কিচ মিচ করিয়া
একটি আশ্চর্যা শীব দিল, পরে বছবিধ ভিন্ন ভিন্ন শন্দ
করিয়া সুক্র দিতে লাগিল। কথন কথন সে খাদি
গাইয়া মুদ্ধ-স্বর ধরে, কখন বা এমনি পঞ্চম স্বরে
গায়, যেন নিকটবর্তী পাহাড় হইতে বংশীধ্বনি
হইতেছে লোকের এমনি বোধ হয়। নির্থরের জল
পতিত হইবার সময় বেরূপ ব্রেরার শন্দ হয়, প্রোতের
জল ভীরবর্তী কুক্র কুক্র প্রস্তর সমূহে লাগিলে যেরূপ
মনোহর কলকল ধ্বনি হয়, বুলবুল বোঁস্তা একএকবার

সেইরপ সুমধুর ধানি করিল। আহা । প্রকৃতি যেন স্থির হইয়া তাহা এবণ করিতে লাগিলেন, আনন্দের পরিসীমা নাই, প্রাতঃকালীয় সেই মনোহর গায়কের সঙ্গীত এবণে বিমোহিত হইয়া **অপর পক্ষী**গণ যেন নিঃশব্দে স্তন্তিতপ্রায় হইল। গর্মত নিঃশাস রুদ্ধ করিয়া এক দূক্টে পক্ষীর প্রতি চাহিয়ারহিল। মেষপাল आञ्चारम विष्त्रश्-कृमि-मरशा नृजा कतिरा नांशिन। মেষপালক ও মেষপালিকা পক্ষীরপ্রতি উর্দ্ধ চৃটি করিয়া পরস্পার হাস্য করিতে লাগিল। এইরূপ সকলের আনন্দ उंप्लामन कविमा वृतवृत्रांचा आंत भारेन ना। তখন গৰ্মত বিমীতভাবে গায়ককে নুমস্কার করিয়া कहिल, "গান दफ़ मन्त इग्न नाहे, लाटक हाहे ना ভুলিয়া ভোমার গান শুনিদেও শুনিতে পারে। ভাই ! ष्टुः तथेत्र विषय এই, यत्रभक्ति उं क्रिके कतिवात निमिक এগ্রামের মুরগের কাছে ভোমার ছুই একটি পাঠ न ७३१ इस नारे।

ন্ত্র্বল বুলবুল বেঁক্তা গর্দভের এতাচুশ বিচারের কথা শুনিয়া হতজান হইল, ক্লণমাত্র দেখানে আর তিন্তিতে পারিল না, বার কতক ডানা নাডিয়া সত্ত্র দুরে উড়িয়া গেল। এশ্বলে সন্দীত ও স্থার বিষয়ে গর্দভের দ্বারা দোষাদোষ বিচার যেরপ হইল, সেরপ বিচারকের সিন্ধান্ত-বিচারে যেন আমাদিগকে কখন পড়িতে না হয়।

ত্ইটি পিপা, জখবা কার্য্যে কিন্তু কথায় নয়।

একদা একটি খালি এবং অপরিট মদভরা ছুইটি
পিপা একই রাস্তার গমনদীল হইল। মদ্যপূর্ণ
পিপাট নিঃশক্ষে মাট খবিয়া যাইতে লাগিল।
খালিটা লাফিয়া ছাফিয়া এ দিক, ও দিক হেলিয়া
ছুলিয়া অত্যন্ত গোলমাল করিয়া চলিল। ইহার
ভক্তার বড় বড় শক্ষে পাকা রাস্তা বেন কাঁপিয়া
উঠিল, ভাহার চারিদিকে মেখের ন্যায় ধূলি উড়িতে
লাগিল। পবিকেরা দূর হইতে ইহার আগমনের
কর্মশ শদ্দ শুনিয়া ভয়ে পথের পার্শ্বদেশ দিয়া
চলিল। খালি পিপাটার উচ্চতর শক্ষে জানগদবর্গ আহ্লাদিত হইয়া ভাহার প্রশংসা করিল বটে,
কিন্তু আমার বিবেচনায় শান্তগতি বিশিষ্ট ভাহার
নীরব সন্ধী অধিক প্রশংসার যোগ্য।

বে ব্যক্তি নিয়ত আপন চাইলচুল এবং কার্যার প্রশংসা আত্মনুখে করে, সে অতি তুদ্ধ দৃণার্হ এক জন গণেপ ব্যতীত জার কিছুই নয়। যে লোকে ভারিত্ব ভক্তত্ব এবং যথার্থ গুণু আছে, অবশ্যই সে কথাবার্তাক বিনীত স্বভাব হয়। মহাবীর পুরুষেরা কার্যা কালে অনেক কথা কয় না, তাঁহাদিগের কার্যাই ভাঁহাদের গুণের পরিচয় দেয়।

কাঠ বিড়াল, অথবা বহু বিলয়ে পারিতোষিক লাভ।

একদা এক কাঠবিড়াল এক সিংহের কর্মে নিযুক্ত হইয়াছিল। মে কি কর্ম্ম করিত তাহা আমি জানি ना, त्कवन এই माज वनितनहे यर्थके इहेरव, रा, ভাহার প্রস্তু তাহার কার্য্য দেখিয়া বড় সম্ভূট হই-য়াছিলেন। ভভার পক্ষে এওঁদপেকা অধিক বা আর কি আছে। সিংহ পুরস্কার রূপে কাঠ বিড়া-লকে এক গাড়ী বাদান দিতে অঙ্গীকার করি-লেন। কেবল অঙ্গীকার মাত্র সার হইল, সিংহের मिछे कथा कांठे विफालत कथा भाष्टि कतिन ना। বছ কাল গেল, প্রভুর পারিভোষিকের কথা মনে পড়িলে, এক এক দিন धे कुछ की दित एक इटेंड অশ্রু পতিত হইড; তথাপি সে তাহার সাক্ষাতে কোন কথা বলিভ না, বরং কফকপেে মেখিক হাসিয়া, যাহাতে প্রভু সন্তট হন এমন যত্ন পাইত। काठ विकास यथन वांधीन अञ्चाजीय वसूमिशतक थञ्जू त इत्क डिग्निं। श्रवमानत्क थेक्ट्रित थोटेटड पर्थ, তথন এক দৃষ্টে তাহাদের প্রতি উদ্ধ দৃষ্টি করিয়া থাকে। তাহাদিগের আনন্দ-জনক চাইলচুল এবং अञ्चली प्रिया এक এकवात मन्न करत, पृत कत রাজ কর্ম্মে আমার আর কাজ নাই, আমি উহা-मिट शत मटन शिया, मिनि, किन्छ श्रेष ! ताजात কোন না কোন গুরুতর আবশ্যক কর্মহেতু সে মনো-রথ সিদ্ধ করিতে পারে না। এই রূপে তাহার

যোবনকাল অতিবাহিত হইলে, ক্রমে ইদ্ধ দশা উপস্থিত হইল। তথন রাজ-প্রসাদের পরিবর্তে কাঠ-বিড়ালের অপমানিত হইবার উপক্রম হইল। এক দিন রাজা কোন বাহানা না করিয়া স্পট্টই ভাহাকে কহিলেন, ভোমার কর্ম্ম করিবার আর ক্ষমতা নাই, শীঘ্র তুমি আপন পদ পরিজ্ঞাগ কর। রাজাজ্ঞায় হর্মল জন্ধ পদ্যুত হইলে, তিনি ছাহার সমস্ত বেতুন চুকাইয়া দিয়া পূর্মাশীকৃত পারিভোষিক রূপে এক গাড়ী বাদাম দিলেন। সে বাদাম এমনি সুস্থাদ ও সুগন্ধ বুক্ত উৎকৃষ্ট ছিল, যে, তৎকালে বছ অস্থান্দ করিলেও অমন বাদাম কুক্রাপি পাওয়া ঘাইত না। অভাগার বৈকুঠে সুথ নাই, ছভাগা বশতঃ ইয়া বছদিন পূর্মে কাঠবিড়ালের দ্ব সকল ভগ্ন হইয়াছিল, অতএব বছকালের প্রাথিত ঐ উত্ম দ্বোসকল পাইয়াও সে আসাদন করিতে পারিল না।

টাকা, অথবা ব্যবহার-ভ্রম্ট ক্লয়ক।

অলক্ষার শাস্ত্র কি উপকার-জনক ? একথা অস্থীকার করা রড় কৃষ্টিন বিষয় হয়। কিন্তু অনেকবার দেখা গিয়াছে, বিদ্যা যত ব্লব্ধি হইতে থাকে, তত ভোগ-বিলাসেরও প্রাহুতাব হয়, ভাউতাও আপন চিভাকর্ষক প্রলোভনের সহিত দিন দিন ব্লিড হইতে থাকে। অতথ্ব বিদ্যা দানের প্রস্তাবে আমাদিগকে সভর্ম ধাকিতে হইবে, যেন সাধারণ লোকদিগের মুর্থতারূপ कर्तनं चुके एक मन कतिएक शिया, छारामिर शत अखः क्रित्तं प्रमुद्ध मन करित छारा किर में करित जारा मिर शत आधार मान्यका यम छारा करित करित मार्थ । छारामिर शत यां छारिक कां छीय मत्र मान्य । धर मान्य चारा विकास यां छारिक कां छीय मत्र मान्य । धर मान्य

একদিন এক মূর্খ চাদা ভূমিতলৈ হঠাৎ একটি টাকা
কুড়াইয়া পাইল। মুদ্রাটি মৃতিকায় আহত থাকাতে
তাহার ঔচ্জুলাগুণ কিছুমাত্র ছিল না, না থাকুক, এই
ছ্ববস্থা প্রযুক্ত তাহার মূল্যের হানি হয় নাই। এক
জন বণিক তাহার হস্তে মুদ্রা অবলোকন করিয়া তৎক্ষণাৎ তাহাকে বলিল, ভাই! ঐ মাটিলাগা টাকাটি
যদি তুমি আমাকে দেও, তবে উহার পরিবর্তে আমি
তোমাকে ভিন অঞ্চলি পিয়সা দি। এই কথা শুনিয়া
চাসা মনে মনে বলিতে লাগিল, টাকার মূল্য দিগুণ
করিবাব বুদ্ধি আমার কি নাই, পায়সা দেখাইয়া
চনাকে আমার প্রতি হাস্য করিভেছে যুটে, কিন্তু
কৌশলছারা এখনই আমি তাহাদিগকে প্রত্নাপ্রহাস
করিব।

্রনম্ভর চংসা এক টুকরা ইট কুড়িয়া লইয়া, থানি-কটা খড়িমটি এবং কতকগুলি কল্পর সংগ্রহ করিল, কবিয়া, ইচ্ছান্ত্রসারে টাকাটিকে একবার ঘবে, একবার পিষে, একবার পরিস্কার করে, একবার চিত্রণ করে, এইরপ নানা কর্ম করিতে লাগিল। করিতে করিতে তাহার ইচ্ছাসুযায়ী টাকাটির মাটিয়া রং ছুর হইল বটে, কিন্তু তাহাতে করিয়া গুজবর্ণ উচ্জুলতার পরিবর্তে পীতবর্গ উচ্জুলা প্রকাশ পাইল, এবং ভারও বিশেষ রূপে কমিয়া গেল। অভগ্র জেলাভে টাকার যে সামান্য লাভ হইল, ভাহা একেবারে মূল্যে ন্টা হইল।

ত্রিখার জোরা, কিয়া পরিবর্ত্তে কর্মদা উন্নতি হয় না।

ত্রিথা নামা একজন রুষীয় লোকের কাকতানঃ
নামে একটি জোঝা ক্যুইয়ের কাছে ছিড়িয়। গিয়া
ছিল। পাঠকগণ! ইহাতে সে ব্যক্তি কিছু বিরক্ত হইয়া
থাকিবে, তোমাদের এমন বোধ হইতে পারে, কিন্তু
তা কিছুই হয় নাই। ত্রিথা আস্তীনের চারিভাগের
এক ভাগ কাটিয়া জোঝাতে যোড়া দিল। তাহাতে
তাহার জোঝাটি একএকার মেরামত হইল বটে,
কিন্তু কমিয়া যাওয়াতে আস্তীনটী আর তাহার মণিবন্ধ পর্যন্ত আইল না, না আসুক, ত্রিথা তাহাতে
লক্ষা বোধ-করিল না। না করিলে কি হইবে,

^{*} কাকতান, করীর তদ্র কুলীনদিগের একটি প্রদিদ্ধ পরিচ্ছদ, ইউরোপীরা জীলোকদিগের গাউন কাপ্পট্রের ক্যার উহা পদের গুলকদেশ পর্যন্ত ঝুলিয়া পড়ে। এই পরিচ্ছদ প্রিধানের সন্ত্রম রক্ষার জন্য অনেকধার আনেক লোককে ঋণগ্রন্থ হইতে হয়।

লোকে দেখিয়া উপহাস করিয়া তৎপ্রতি হাস্য করিতে লাগিল। উত্তর প্রদানে কিখা তাহাদের একজনকে কহিল, পারবলু অর্থাৎ হে নহাশয়! জ্ঞান আনার বিলক্ষণ আছে, আনি নির্ব্বোধ নহি, জ্বোকা লংক্ষারের কোশল আনার মন্তক হইতে প্রকাশ পাইবে, তুমি অবিলয়ে আন্তীন আনার যেমন লম্বা হওয়া বিধেয় তেমন দেখিতে পাইবে। তথন পায়ের দিকে জোকার যে ভাগটি কুলিয়া রহিয়াছিল, সেই লম্বা অংশ কাটিয়া সে আন্তীনে যোড়া দিল। তাহাতে আন্তীনটা লম্বা হইয়া মণিবন্ধ পর্যান্ত লাগিল বটে, কিন্তু জোকাটি একবারে কনিয়া গেল, কটিদেশের অধোভাগেও স্পর্শ করিল না।

অতিরিক্ত সুঁদ দিয়া টাকা ধার করত সংসার ভরণ পোষণ করে, এমন অনেক লোক আছে। তিথার দৃষ্টান্ত তাহাদিগের প্রতি বিশেষরূপ প্রয়োগ করা যাইতে পারে। তাহাদিগকে দেখিলে আদার এই বোধ হয়, যেন তিথার ন্যায় মেরামত করা জোকা ভাহারা পরিয়া রহিয়াছে।

कुक्कु इमिट्शंड रक्कुड, अथरा रक्कुडा मझकीय व्यवसाय ।

একদা স্ক্রপ বিশিষ্ট ছইটি কুছুর এক রন্ধন-শালার নিকটে সর্বান্ধ বিভার করিয়া সুখে রেজি সেবন করিতেছিল। ভাহারা পাশা পাশি শুইয়া উভয়ে

करथोशकथन कतिरा नाशिन, श्रीकिमिशरक प्रियो কোন চীৎকার করিল না। অন্ধকার ভিন্ন সুশিক্ষিত कुङ्कुत कीन मट्डि उग्नानक नटर, এই जनारे लाटक বলিয়া থাকে, " চাঁদ উঠ্লে কুকুরেরা, জাভি-সভাবে কাড়ে রা "। কথোপকথন কালীন কুকুরদম প্রথমে মনুষ্যজাতির বিরুদ্ধে যত পারিল তত বলিতে লাগিল। পরে স্বজাতীয় পশুদিগের অচুষ্ট অতি মন্দ, পাক-শালার পাচক লোক দিণের অসদ্বাবহার এবং লোভের বিষয়, কোন কোন প্রভুৱ নির্দয়তা, শুভাশুভ কার্য্য, ইত্যাদি নানা বিষয়ে নানা কথা কহিয়া, অবশেষে वन्नुडा वियरत्र करथां भक्थन कतिरङ नां शिन। डाहाता বলিল প্রকৃত প্রণয় দ্বারা ছুই জনের চিত্ত সংমিলিত रहेत, क्लान विश्विष्ठि जीरात्र क्लामन जाव मकल दितम ଓ कर्षे कतिए भीति ना। यथार्थ दन्त-**मिरिशेत शरक मकनरे जाननकनक, सूथ द्विश्वन रुग्न,** घुःथ উভয়ের মধ্যে বিভক্ত হইয়া থাকে, কথা না কহিয়াও পরস্পর সাক্ষাৎ হইবা মাত্র তাহারা অতুল আনন্দ সন্তোগ করে ।

ষদি আমরা এইপ্রকার বন্ধুতারপ চূচ বন্ধনে আবদ্ধ হইরা চিরকাল কাল যাপুন করিতে পারি, তবে আমাদিশের অন্তঃকরণ সাস্ত্রনা প্রাপ্ত হইবে, নিয়মিত কর্ত্তর কর্মা কোন মতেই কঠিন বোধ হইবে না। অনুষ্টক্রনে এক প্রভুর দার রক্ষা কঁরণে যদি আমরা উত্যে নিযুক্ত হই, প্রস্পান্ধ দল্প এবং বদান্যতা গুণ প্রকাশ করি, তাহা হইলে আমাদের জীবন্ধানা কুশলে অতিবাহিত হইবে; কারণ প্রেম

जित्र कीरत्नत सूथ नारे। छोरे तामा आमि त मकल कथा विनिवास, ভাহাতে ভোমার कि विदय-চনা হয় ? অসুষদ্দী বন্ধু উত্তর করিল, আমি বয়ং এ বিষয় এতক্ষণ বিবেচনা করিহতছিলাম, পরস্পর **उर्जन गर्जन ७ लड़ारे इन्नाम ना कतिया, छारे** खामा ! चारेम जामता वक्तुव-शारण शतियक हरे। অদ্য আমি ভোষাকে বন্ধু বলিয়া সম্বোধন করি-नाम, शृत्क आमानित्रात डेउता शतम्भत त नेर्दा छ नीतम अथना हिन, अमा जारा मकनरे पृत रहेन। अन्तर्थ कान्यांभन जात आमामित्गत इहेत्व ना, आमता উভয়ে পাশা-পাশি গিয়া আক্রমণকারীদিগকে আক্র-मन कार्रव, ब्रुज्ञत्न এक श्रांत दि एत्रा दिक्षी देव, একতে আহার ও শর্ন করিব, এক সঙ্গে খেলা कतिय, अञ्चल मिथित डेज्यारे अधिन जुनिया নানা প্রকার সোহাগ করিতে থাকিব। আহা, এই जरून जाद नत्न छमग्र इट्टल मन आधात द्रमन मिहिक এবং আর্দ্র ইয়া থাকে, বদ্ধো! সন্ম-ভির চিচ্ন স্বরূপ ভোমার পায়ের থাবা আমাকে मिड। ভোষা বলিল, আমি সমাত হইলাম, এই আমার পারের থারা লও, ভোমার স্থুর প্রস্তাবে চকুর জল আমার আর সম্রণ হয় না। এই কথা विनया वसूत्रम, श्राम्भात आनिस्म क्रिन। छाडाती উভয়ে সৌহার্দ্ধের এইরূপ পরাকাঠা প্রকাশ করি-ख्टिह, এवन • সময়ে রश्वन-भौनात मोत्री त्रोत्रा चत्र इहेटड अक्थान छानत्वद्र हांड डाहाटमत मनुत्थ নিকেপ করিল। করিবাদাত তাহাদিগের সন্ধি ভল

হইল, তাহারা পুর্বেষ যে সকল কোমল প্রস্তাব ও চূঢ় প্রতিজ্ঞা করিয়াছিল সে সকলই দুর হইল। রামা সত্ত্ব হাইয়া অন্থি ধরিবা যাত্র, ভোদা দে ড়িয়া গিয়া তাহার ঘাড়ে পড়িল। আর পুর্বেপ্রণয় ও আলিঙ্গনের চিহ্নবাত্র নাই। দন্ত কিড়িমিড়ি করিয়া উভয়ে উভয়কে ভয়ানক দংশন করিছে লাগিল, তাহাতে তাহাদের ছুই জনেরই পুষ্ঠের লোম একে-বারে ছিড়িয়া গেল, এমন কি, দাসী এক কলসী জল ঢালিয়া দিলেও তাহাদের যুদ্ধ নিয়ন্ত হইল না। মসুষ্য-জাতির মধ্যে এরূপ বন্ধুত্ব প্রায়ই দেখিতে পাওয়া যায়। বর্ত্তমান কালে আমরা এমন অনেক লোককে দেখিতে পাই, যাহাদিগের পঙ্কে এই মনো-হর গণপাট প্রকৃত চিত্র স্থর্ম হয়। এক সময় তাহারা প্রণয়ের সমুদ্ধুল প্রভা ও প্রজ্বলিত শিখা প্রকাশ

লোককে দেখিতে পাই, যাহাদিগের পক্ষে এই মনোহর গণপটি প্রকৃত চিত্র স্বরূপ হয়। এক সময় তাহারা
প্রণয়ের সমুজ্জুল প্রভা ও প্রজ্ঞালিত শিখা প্রকাশ
করিয়া থাকে, লোকে তাহাদিগকে প্রকৃত প্রেমী
বন্ধু বলিয়া মান্য গণ্য করে, তাহাদিগের কাপটা
রহিত বন্ধুত্ব একপ্রকার প্রবাদ-স্বরূপ হয়। কিন্তু
তাহাদিগের সমুখে একখানি অন্থি নিক্ষেপ কর,
তাহা হইলেই তাহাদিগের মনোগত ভাব সকল
প্রকাশিত হইবে, তাহাদিগের প্রেম সুদ্দর স্থিন
বেচনা সকল-দুরে পলায়ন করিবে। তথন রামা
ভোমার কোনল ভাব এবং কোনল প্রণয় প্রকৃত্ত
ভূটান্ত হইরা উঠিবে।

চতুস্তাল বাদ্য, অথবা স্বাভাবিক ক্ষতা প্রয়োজনীয়।

এক গৰ্দভ, মহা মক্ষরা এক বানর, এক ছাগ এবং এক বক্রপদভল্লক, এই চারি পশুর মনে এক দিন এক সুখজনক ভাব উদয় হইল যে, তাহারা চারি জনে আপন আপন স্বরশক্তি সংমিলিত করিয়া এক গায়ক-সম্প্রদায় সংস্থাপন করিবে। তাহারা বছ অবেষণ করিয়া এক যোড়া তৃবলা একটি বাঁশী একটি ভানপুরা এবং ছুইটি বেহালা আনয়ন করিল। বটরক্ষের ছায়া-স্থিত হরিত্বণ দুর্বাদল তাহাদের বসিবার গালিচা সরুপ হইল। অনম্ভর সমতালিক বাদ্যপ্রিয় সম্প্রদায় বেতালায় বাদ্য বাজাইতে नांशिन, आंद्र मत्न कदिन आमां मिर्गद दोना स्थिनिया জগৎ মোহিত হইবে। সঙ্গীত আরম্ভ হইবা মাত শুনা গেল যে গায়কেরা বেহালার ছডি লইয়া কঁন কো শব্দে বেহালা বাজাইভেছে। সম-তাল অথবা সমভালের নিয়ম তাহাতে কিছু মাত্র नारे। दानत ज्थन पूर्ण मिंहेकारेया दलिल, এक-টুক বিলয় কর, বাজনা অতি মন্দ হইভেছে, আমা-मिगरक स्थान• **পরিবর্ত্তন করিতে হই**তে। 'বক্ষো ভল্ক! ভুমি ভোমার ভানপুরাটি লইয়া বংশী-भरतंत ममूर्य दम, आमता छुटे जरन दिशाना नहेशा সামনা সামনি বংস। তোমরা এখনই দেখিতে পাইবে. ইহাতে বাদ্যের কভ উৎকর্ষ ও কভ উন্নতি হয়, আমাদিণের বাদ্য শুনিরা বন ও পর্বত পর্যান্ত

নৃত্য করিতে থাকিবে। এই রূপে চারি জন বাদ্যকারী স্থান পরিবর্ত করিয়া পুনর্মার বাদ্য বাজাইতে
আরম্ভ করিল, পুনর্মার পূর্ম্বরৎ বেতালা হইতে
লাগিল। গর্মভ তথন চীৎকার শব্দ করত মাথা
নাড়িয়া বলিল, থাম, তোমাদিগের কোন বুদ্ধিতে পারিয়াছি। কৃতকার্য্য হইবার জন্য আমাদিগকে এক
জনের পর এক জন সারি বাঁধিয়া বুদিতে হইবে।
এই পরামশে তাহারা সকলেই সন্তুট হইয়া, তদ্যুরূপ কার্য্য করণ যে বিধেয় এমন বিবেচনা করিল।
পরে এক পঁজিতে সারি সারি বদিয়া আথড়াই
বাদ্য আরম্ভ করিল। কিন্তু তাহাতেও বাদ্য কিছু
মাত্র ভাল হইল না।

সম্প্রতি কিরপ করিয়া বসিলে গীতবাদা উৎকৃষ্ট হইবে, এই তর্ক তাহাদিগের মধ্যে ভয়ানক রূপে চলিল। প্রত্যেকেই আপনাপন সদভিপ্রায় প্রকাশ করে, পরস্কু কাহারো অভিপ্রায় গ্রাহ্য হয় নাঁ। ভর্ক বিতর্কের ওঁচা ওঁচি বকাবকি গোলমালে বনের পশু পকী সকল ভয় পাইয়া উঠিল। বাজন্দারদিগের এই অবস্থা দেখিয়া গায়কপ্রেষ্ঠ বুলবুলবোঁস্থা আর ধাকিছে পারিল না, দে হঠাও তাহাদিগের সন্মুখভাগে আসিয়া পরিদৃশ্যমান হইল। তাহাকে দেখিয়া চারি জনে একবাক্য হওত, বিচারের ভার তথপ্রতি সমর্পন করিয়া বলিল, বন্ধো। অভুগ্রহ পূর্মক তুনি এখানে অপ্রক্ষণ বিশিষ্ক করিয়া আনাদিগকে এ উৎপাত হইতে মুক্ত কর। আখড়া, হাপন করণ

বিময়ে আমরা বড়ই তাক্ত বিরক্ত হইয়াছি, কিরপে তাহা সমাধা করিতে হইবে তাহা বলিয়া দেও। বাদ্য-যন্ত্রের পক্ষে যাহা যাহা আবশ্যক সে সকলই আমাদের আছে, চারিটি যন্ত্রের কোন যন্ত্রেই দোষ নাই; এখন কিরপ করিয়া বদিলে সমতালিক উৎকৃষ্ট বাদ্য হয়, তোমাকে তাহাই বলিতে হইবে।

.এই কথা শুনিমা সন্ধাকালের মধুর গায়ক বুলবুল-বোঁস্তা বলিল, অনর্থক জম নাতা! বিশুদ্ধ কর্ণ ও বিশুদ্ধ আস্থাদ ব্যতিরেকে যদি সঙ্গীত বা বাদ্য আরম্ভ হয়, ভবে স্থান পরিবর্ভ কর, বা নিয়ম পরিবর্ভই কর, ভোমরা সাম্প্রদায়িক গীত বাদ্য কথনই উত্তম করিভে সক্ষম হইবে না।

দৈৰবাণী বা উত্তম অধ্যক্ষের আবিশ্যকতা।

পূর্বকালে দেব-পূজকদিণের মন্দিরে কোন কোনা কাঠ-প্রতিমা আশ্চর্যা দৈববাণী কহিত। ভাহার কথা শুনিবার জন্য সকলে তথায় আগ্রহ হইয়া যাইত, এবং ভাহার আশ্চর্যা ক্রিয়াভে বিশ্বাস করিত। এজন্য ঐ দেব-মন্দিরে স্বর্ণ রোপ্য বিবিধ উৎকৃষ্ট উপ-চৌকন সর্ব্ধস্থান হইতে আসিত। প্রাতঃকাল অব্ধি সন্ধ্যা প্রয়স্ত উক্ত দেবতার ক্ষণমাত্র অবকাশ থাকিত না, লোকে, যত প্রশ্ব জিজ্ঞাসা করিত, সাধ্যমতে ভাহাকে ভাহার সত্তর দিতে হইত। প্রশ্ন কালীন ধূপ ধূনা প্রভৃতি গন্ধ জবা জালাইয়া ভাহার। কত প্রার্থনা করিত, সে যাহা বলিত অবিচার্য রূপে ভাহারা ভাহাই বিশ্বাস করিত।

কি আশ্চর্যা! কি লজ্জা! এক দিন এরপ একটি দেবতা নির্বোধের নায় অনর্থক কথা বলিতে আরস্ত করিল। সে অসংলগ্ন প্রহেলিকা ব্যতীত আক কিছুই বলিল না, যা বলিল তার মানেও নাই। তবিষ্যৎ বিষয়ে সে যে বিচার করিয়া চদব্বাণী বলিল, কার্য্য ও ঘটনায় ভদ্মিরীত হইয়া মিথ্যা প্রকাশ পাইল। ভাহাতে দেব-পূজক লোকেরা সাতিশায় চমৎকৃত হইল।

জানপদ বর্গ আশ্চর্যাধিক হইয়া পরুস্পর বলাবলি করিতে লাগিল, আনাদিগের আরাধ্য দেবের ভবিষ্য-দ্বাক্য কথন রূপ জ্ঞান কোথায় গেল ? তিনি এখন এত বিভাষের কথা বলেন কেন ৪

পাঠকগণ! এই পরিবর্ত্তের কারণ আদি তোমাদিগকে স্পাট্টরূপে বলি। এক জন পুরোহিত শূন্যগর্ভ কাঠ-প্রতিনার ভিতরে বদিয়া থাকিত, প্রয়োজন হইলে সেই ব্যক্তিই প্রশ্নোন্তর করিত। পুরোহিত যদি স্বচতুর ও স্বুদ্ধিনাশ হইত, তবে সকল কৃর্ম্ ভাল রূপে চলিত, কার্যা সাফলোর কোন মতেই ব্যতিক্রম ঘটিত না। কিন্তু যদি সে ব্যক্তি মূর্থ ও নির্মোধ হইত, তবে জানশূন্য কাঠ-প্রতিমার ভিতর, জানশূন্য ব্যক্তির রব ব্যতীত আর কিছুই হইত না।

কথিত আছে, আনাদের পূর্বপুরুষদিণের মধ্যে রাজনন্ত্রীগণ বিজ্ঞার নিমিক্ত বিশেষ প্রমিদ্ধ ছিল,

কিন্তু এ বিজ্ঞতা তাহাদিণের নিজ হইতে জন্মিত না, তাহাদিণের ভিন্ন ভিন্ন কর্মাধ্যক্ষণণ আপনাপন কর্ম সকল ভাল করিয়া করিভ বলিয়াই হইত।

-0-

বোয়াল মৎ मा, অথবা ধনীর দও।

একদা মংস্যাধিপতির নিকটে বোয়াল মংস্যের বিরুদ্ধে এই অভিযোগ করা হইল, যে, তাহার प्रिताच्या श्रक्षतिगीत अश्रत मह्मा मकल जिलिए পারে না, সে সকলেরই হিংসা করিয়া থাকে। বোয়াল সম্ভান্ত বলিয়া সচ্ছদেদ যাইবার জন্য, বিচারকের আজায়, জলভরা একটা বড় গামলা হারা ভাহাকে आमान्टि लहेगा या अग इहेन। प्राय अगान कतियांत নিমিত অসংখ্য সাক্ষী তদিকদে লওয়া গেল। সাক্ষ্য नरेश ज़ज़ महा अने वाधी वित्वहना कविया, जुविकाली অপন্ন কয়েক ব্যক্তিকে তাহার বিচার-কার্য্যে নিযুক্ত क्रिट्रलन । निक्रेटर्डी मग्रमान এवः शुक्रविगीत शाएफ যে সকল পশু চরিয়া বেড়াইতেছিল, তাহাদিগের भीर्छ भानान नागान प्रशेष गर्फड, प्रशे किनिए छागन, এবং ब्रुहेि नित्युक अकर्माना अस्। এই विहासकनन গন্তীর মুখে বিচার করিতে বসিলে, মহা ধূর্ত্ত শৃগাল প্রতিবাদীর পক্ষ ক্রইয়া ওজর ও উত্তর করিতে नाशिन। उथन वामी भएताता कहिन, विठातक মহাশায়গণ। সুবিচার করিতে আজা হউক, বোয়ালের

পক্ষে ঐ যে শৃগাল এত বক্তৃতা করিতেছে, সৈ কেবল আল্লাভের জন্য জানিবেন, আসামী উহাকে প্রতিদিন বহু মৎস্য মারিয়া দেয়। উকীল অমনি উচ্চৈঃ-স্বরে বলিল, মহাল্লা বোয়াল কি বদান্য ব্যক্তি! যাহাহউক বিচারকদিগের অপক্ষপাতিতা পূর্বাবিধি অন্য ছিল, বর্তুমান বিচারে আরো স্কৃচ্ হইয়া উচিল। উকীল এত বক্তৃতা করিয়াপ্র কোন্মতে প্রতিবাদীকে নির্দ্ধোধী করিতে পারিল না, বোয়াল মথার্থই শুরুতর অপরাধের অপরাধী সাব্যস্ত হইল।

পাপের প্রলোভে লুক হইয়া আর কোন দাগাবাজ যেন এমন কুম্ম না করে, অতএব সাধারণ লোককে ভয় দেখাইবার নিমিত্ত বিচারকেরা আজা দিল, "বোয়ালকে ফাঁশি দিতে হইবে"। এই দণ্ডাজা হইবা মাত্র, শুগাল দোহাই ধর্মাবতার! দোহাই ধর্মাবতার! দোহাই ধর্মাবতার! বলিয়া উল্জৈম্বরে কহিল, আপনাদিগের স্বিচারে বোয়াল যথন হীন অপরাধের অপরাধী প্রমাণীকৃত হইল, তথন দণ্ডবিধি অমুসারে ইহা অপৌকা গুরুতর দণ্ড তথপ্রতি অহিয়া থাকে। অনন্তকালের জনা ইহার দণ্ড ছরাআদিগের পক্ষে যেন একটি মারণীয় দৃটান্ত বরুক্ত হয়, মহা পাপ করিলে শেবে আমাদেরও বোয়ালের দশা হইবে, যেন ছফ লোকদের এমন বিবেচনা হয়। অতএব জলমগ্র করিয়া উহার প্রাণ

এই বাক্যে বিচারকেরা এক-ব্রাক্যে বলিয়া উচিল, এ বড় ভাল দণ্ড হইমাছে, অতএব কাল বিলম্ করিন না, তংক্ষণাৎ তাহারা বোয়ালকে গ্রিয়া জনে ফেলিয়া দিল। স্তরাং মহা ধুর্ত্ত শৃগালের বুদ্ধিতে সে যাত্রা তাহার আর প্রাণ নম্ট হইলনা।

হাতী ও নেড়ীকুকুর, অথবা হিংল্রকের আক্রমণ।

সাধারণ লোকদিগকে দেখাইবার নিমিত্ত এক-বার একটি হস্তীকে উত্তমরূপ সুসন্জিত করিয়া প্রকাশ্য রাজপথে ছাডিয়া দেওয়া হইয়াছিল। এই পশুটি বড়ই ছুষ্পাপ্য, সচরাচর দেখিতে পাওয়া যায় না, এজনা বহু-সন্থাক অলম লোক কেতিত্লাক্রান্ত হইয়া তৎপশ্চাৎ গমন করিতে লাগিল। এমন একটা নেড়ীকুজুর দেড়িয়া ভাহার কাছে আসিয়া তজ্জন গজ্জন করত থেউ থেউ করিতে লাগিল, এবং ভাষার গতি প্রতিবন্ধকতা করিবারও চেটা পাইল। **जन्मर्गात्र, प्रकृषा प्रत्यत्र-भृद्धि এक मिय-शांतर**कत्र কুকুর ভাহাকে কহিল বন্ধো! ক্ষান্ত হও, আর ক্লেশ করিও না, পরিশ্রম করিয়া তুমি গলদ্খর্ম ও শ্রাস্ত হইয়াছ; কিন্তু হস্তী তোমাকে দুক্পাতও করিতেছে া, সে সুশান্ত ও সুধীর রূপে আপন পথে চুলিয়া যাই-তেছে। ইহাতে কুংসিতমূর্তি নেডীকুকুর্টা কহিল, হা! হা! এতে। আমার সাহস। কোন কট না সহিয়া আমি খ্যাত্যাপন্ন ইইলাম, এটি কি ভাল কর্ম্ম নয়? এখন স্ভাতীয় অন্যান্য কুকুরেরা বলিবে, নেড়ী মহা বলবান ওঁ পরাকৃত্তি বীর হইয়াছে, নতুবা হস্তীকে আক্রমণ করিতে তাহার কিসে সাহস হইল।

বানর, অথবা জনর্থক পরিশ্রম।

এক দিন প্রাত্তঃকালে এক কুষক লান্ধলে গোরু সংযোগ করিয়া কেত্র কর্ষণ করিতেছিল, মন দিয়া বিশেষ পরিশ্রম করাতে তাহার মাথার ঘাম পায়ে পডিতেছিল। যে যে লোক তাহার কাছ দিয়া চলিয়া যাইতেছিল, এরূপ কঠিন পরিশ্রম করিতে দেখিয়া मकत्वरे प्रशा कतिया जारातक विलल, "वाका ! नेश्वत ভোষাকে প্রসন্ন হউন।" তথায় একটি কুদ্র বানর দাঁডাইয়াছিল, স্বভাবতঃ বানরজাতির অনুকরণ শক্তি বিলক্ণ-রূপ আছে, সকলের মুখে প্রশংসা-বাদ শুনিয়া তাহার মনে হিংসা উৎপত্তি হওয়াতে, সেও ঐরপ কঠিন পরিশ্রম করিতে চৃচ্ প্রতিজ্ঞা করিল। সেখানে ছোট একখান কাঠের কুঁদা পড়িয়াছিল, বানর সেই কাঠ খানা লইয়া ব্যস্ত সমস্ত হইল, এক-বার তাহা বহিয়া লইয়া যাইতে চেষ্টা করে, একবাঁর পড়িয়া ফেলিয়া দেয়, একবার এদিকে ঘুরায়, এক-বার ওদিকে ঘুরায়, একবার তুলিয়া ধরে, কিন্তু কিরূপে এরুগ কার্য্য নির্বাহ কুরিভে হয় ভাহার 'কিছুই জানে.না। একখান কাঠ লইয়া এইরূপ নানা কর্ম করিতে করিতে সে ঘর্মাক্ত-শরীর হইল, হাঁপাইয়া দীর্ঘ নিশ্বাদ পরিত্যাগ করিতে লাগিল। তথাপি কোন লোকে তাহাকে জ্বশংস্থ করিল না. वतः विनन त निर्साध कूछ वानत जुरे कान कारकत নহিস্, তোর যে পরিশ্রম সে কেবল অনুর্থক শ্রম মাত।

ক্লমক ও ভল্লুক-চর্মা, অথবা ক্লডেগুর কর্মা।

এক इफ कृषक এयः अकजन मजुत अक मिन मना।-কালে কোন বন দিয়া বসতি-ভূনি পলীগ্রামে প্রত্যা-গ্ৰন ক্রিতেছিল , আসিতে আসিতে হঠাৎ তাহারা একটা ভল্লকের সমুখে পড়িল। কুষক চীৎকার করিয়া না উঠিতে উঠিতে ভালুকটা প্রথমে দেছিয়া ভাহার উপরে পড়িল, পড়িয়া একেবারে তাহাকে ভূতলশায়ী করিল, পরে পা দিয়া এপাশে ও পাশে ভাহাকে গড়া-গড়ি দেওয়াইতে লাগিল। কৃষকের কোন্ অঙ্গ কোমল, কোন্ত অল প্রথমে আহার করিবে, ভল্লক गरन गरन এই বিবেচনা করিতেছে। এমত সময়ে কৃষক, ভল্লুকের পদতল হইতে মজুরকে সম্বোধন করিয়া উচ্চঃস্বরে বলিল, ভাই গোপাল! মৃত্যু আমার নিকটবর্ত্তী, এ সময়ে তুমি আশাকে পরিত্যাগ করিও না। এই কথা শুনিবা মাত্র গোপাল মহাবীয় ভীনের ন্যায় বীরত্ব প্রকাশ পূর্বক, একেবারে ৫দে ড়িয়া আসিয়া, ভলুকের মন্তকে এমনি কুড়া-লীর আঘাত করিল, যে, করিবামাত্র ভাষার মাথা দ্বিখণ্ড হইয়া গৈল। পরে সবলে কুড়ালীর ফলা-টাও তাহার উদরে চালাইয়া দিল। ইহাতে ভল্লুক কণমাত্র আর দাঁড়াইতে পারিল না, ভয়ানক চীৎ-কার শব্দ পূর্মক ভূতলে পতিত হইয়া প্রাণ পরি-जारिश कतिल। ज्यम कृषक निर्दिष्त्र शांद्रजायांन করিয়াও, প্রাণদাতা মজুরের নিকট কৃতজ্ঞতার লেশনাত

প্রকাশ করিল না, বরং ভিরস্কার করিতে লাগিল।
মজুর বলিল, আমার দোষ কি যে তুমি আমাকে
এত তিরস্কার কর। চাসা কহিল, দোষ কি, আবার
বলছিস্, তুই মূর্য, তুই গাধা, তুই এমনি করিয়া
ভালুকটাকে প্রহার করিয়াছিস্, যে, ভাহার শরীরের
সমুদায় উর্ণা সম্পূর্ণ রূপ নই ইইয়াছে।

--0-

থলিয়া, অথবা অর্থের ফল।

একদা এক ভদ্রলোকের বার্টার বৈঠুকথানার এক কোণে আর্দ্র ভূমিতে একটা থলিয়া পড়িয়াছিল, বৈশাথ অবধি চৈত্র পর্যান্ত সমস্ত বৎসর ভূত্যের। তাহাতে জুভার ধূলি পুঁছিত। বার্টার কর্তার বুদ্ধি-চাঞ্চল্য হেতু হঠাৎ এক দিন থলিয়াটির অদুষ্ট ফিরিয়া গেল, ভিনি ভাহাকে অপ্রভাশিত রূপে উচ্চ পদস্থ করিয়া স্বর্ণ মুদ্রায় পরিপূর্ণ করিলেন, এবং বীচ-কান্ঠ নির্ম্মিত অভি শক্ত একটি বাক্লে পূরিয়া, ভালা লাগাইয়া দিলেন। ভখন ভংপ্রভি ঘত্ন ও অমুরাগের আর পরিসীমা রহিল না। পলিয়াটি প্রভুর কীড়ার পুত্তলিকা স্কর্প হইল, ভিনি ভাহাকে ক্ত সোহাগ করেন, একবার উপরে ভূলেন একবার নীচে রাথিয়া দেন। এমনি সাবধানে রক্ষা করিয়া থাকেন, যে, কি মশা কি মাছি কি একটুক বাভাস পর্যান্ত প্রবেশ করিয়া ভংশয়ার বিদ্ন জ্লাইজে, পারে না। অপপ দিনের মধ্যে সমস্ত সহরের লোকেরা থলিয়া মহাশয়ের সহিত পরিচিত হইল, তাহার সহিত কথা কহিতে সকলেই প্রার্থনা করিতে লাগিল। তাহার সেণিদর্য্য দেখিয়া সকলেই মোহিত হয়। যদি দৈবাৎ কোন দিন বাক্লের ঢাকা খোলা থাকে, তবে যে তাহাকে দেখে সম্প্রেহে তাহারই চক্ষু হইতে অশ্রুদ্ধিতি হয়, এখং বিশেষ সেণ্হাদ্দ প্রকাশ করিতে থাকে।

এরপ সমুমে সমুস্ত হইলে পর, কদর্যা খলিয়া-টার অহস্কারের আর সীমা রহিল না, অভি-মানে ফুলিয়া উচিয়া সে কতই বক্ বক্ করে, কতই আবেদি করিতে থাকে, একবার চুপ করিয়া রহে, একবার বড়র বড়র করিয়া বছ কথা কয়, কখন বা আলুগোরব আপনি জয়তাক বাজাইয়া প্রকাশ করে। এমন কি, বেদব্যাস অপেকাও সে আপিনাকে অধিক জ্ঞানী ও পণ্ডিত বোধ করিতে লাগিল। এখন থলিয়া মহাশ্য কত প্রকারের কত অনুর্থক কথা ক্রেন, গুরুত্র বিষয়ে আত্ম অভিপ্রায় প্রকাশ করেন, অশুদ্ধ সংশো-ুপন করেন, এবং সিদ্ধান্ত করিয়াও থাকেন। লোকের গুণাগুণের কথা পড়িলে, কথন তিনি বলৈন, "অমুক ব্যক্তি সদাশ্য সুবিখ্যাত লোক, অমুক গণ্ডমুর্থ, আমার অভিপ্রায়ে সে ব্যক্তি এচজন চাদা ব্যতীত আর किंছूरे हिल ना, ও व्यक्तित भारत वर्ड मन्त पना घिँटिय।" देनांदक शे कतिया छाँशत अहे देनववांनी मकल श्वनित्व थोत्क. गर्शभंग किक विलिख्टिन, ্রিলেয়া তাঁহার কতই প্রশংসা করে। যদিও তিনি

অলম ব্যক্তির নায়ি আধাডিয়া গণ্প বলেন, যদিও তিনি পাগলের নায় বিহল কথা কহেন, তথাপি কেহ তৎকথায় তাচ্ছীলা বা উদাসা প্রকাশ করে না। এমন কি, থলিয়া বারুর যতক্ষণ পর্যান্ত নিদানা হয়, ততক্ষণ লোকে তাহার চতুস্পার্শ্বে দণ্ডায়মান থাকে। হায়! হায়! মলুয়া সর্বাতেই এইরপে নির্দ্ধিত। ধলিয়াও স্বর্ণে পরিপুরিত হইলে জ্ঞানের কথা ভিন্ন অপর কথা কহে না, আমরা ইহাও বিশ্বাস করি। পরস্ত এই ঘূণিত সম্ভানু সেই অপদার্থ ব্যক্তির কত দিন পর্যান্ত থাকে? যত দিন তাহাতে মোহর থাকে। মোহর কুরাইলে আর কেহ তৎপ্রতি দ্বপাত করে না। পুনরায় সে ধূলি এবং কর্দ্দে লিপ্ত হয়া ঘরের কোণে নিক্ষিপ্ত হয়। তাহার বিষয়ে আর কেহ কোন চিল্কামাত করে না।

পাঠকগণ! এই উপাথান বলিয়া সমস্ত মনুষা-জাতিকে নিন্দা করিতে আমি ইচ্ছা করিতেছি না, কিন্তু আমা-দিগের রাজস্ব-সংগ্রাহক মহোদয়গণ, আমাদের উচ্চ পদস্থ পরাক্রান্ত ভদ্ত মহাশয়-গণ, আমাদের অতুল ধনাল বড় বড় কুঠীওয়ালা পোদার সকল, এবং বিভবশালী পেট-মোটা বণিক সম্প্রানায়, ইহাদের মধ্যে অনেকেই কি উক্ত থলিয়ার মত অপদার্থ লোকদিগের সহিভ আচার ব্যবহার করেন না। কলা যে ব্যক্তি এক জন সামান্য চামাছিল, কলা যে আহারাভাবে অজ্ঞাননে কাল যাপন করিত, কি জ্মাত কি গ্রীম্ম কি বর্ষা সকল অতুতেই যে ব্যক্তি জীণ বস্ত্র পরিধান করিয়া পথে পথে হাটিয়া বেড়াইত, পায়ে জুল্বা নাই, নাথায়

একটি ছাতিও নাই। মাছ, ধরা জালিয়ার নাায় সাংসারিক কার্যারপ জল তোল পাড় করিয়া জাল ফেলাতে, বোধ কর সে ব্যক্তি একেবারে সাত ঘড়া ষ্ঠ মুদ্রা পাইল। তাহাতে তাহার বাছ এখা বিলকণ বাড়িল, বড় মানুষের মত ঘোঁড়া গাড়ি চাইল চুলও হইল। এমন লোকের ৰাটীতে গিয়া পুর্বেক সহলোক মহোদয়েরা কি আহার বিহার করেন না ? এমন লোক কি ভদ্র সমাজে এক জন ভদ্র লোক বলিয়া পরিগণিত হয় না! কালি যে বাজি রাজপারিষদ আমীর ওমরার দ্বার প্রবেশ করিতে সাহস করিত না, আজি তাহাকে কি সেই সংকুলো-দ্ববের সহিত এক সঙ্গে বেরুষে চড়িয়া বেড়াইতে দেখা যায় না? "অর্থেন সর্বেবশাঃ" প্রথিবীস্থ লোকের দুষ্টিতে, মনুষ্য যতই বিজ্ঞান শাস্ত্র এবং ধর্মা শান্ত্রে পারদর্শী হউন, কোটি মুদ্রাধি-পতি ধনাল্যের কাছে তিনি কল্কী প্রাপ্ত হন না। একলৈ হে ধনী মহাশয়গণ, এই সময়ে আমি ভোমা-দিগকে একটি উপদেশ দি, সতর্ক থাকিও, ধন-মদে মত্ত তোমরা শীঘ্র হইও না। লোকে তোমাদিগকে रह मौना करत, सा क्वल धरनत जना करत, अरणत कना करत ना । देनव धूर्य हेनांग्न अकवांत मर्खवां ह हेरेल, থলিয়ার ন্যায় পুনরায় তোশাদিগকে ঘরের কোণে পড়িয়া থাকিতে ইইবে, বার্টীর ভূত্যেরা ভোমাদিগকে नरेशा शास्त्रंत भूति धुँ हिर्दा

গোপাল বাবুর মৎস্যের ঝোল, অথবা " সর্ব্বমত্যন্ত গর্হিতং ৷ ''

"গো—প্রিয় প্রতিবাসি যাদব! নিবেদন করি, আর থানিক মৎস্যের ঝোল খাও।

যা —প্রণাম করি তাই! আমি যথেষ্ট খাইয়াছি, ঝোল আমার কও-দুশ পর্যান্ত আসিয়াছে।

গো—ভাহাতে আদে যায় কি, এ বাটীর ঝোলট অতি উত্তম রালা হইয়াছে, ইহা পান করিলে ভোমার চিত্ত পরিতৃপ্ত হইবে।

ষা—এ কথা যথার্থ বটে, কিন্তু ঝোল খাইয়া আমি তিনটি বাটি খালি করিয়াছি।

গো—তুমি কি গনিছ? তবে এই চতুর্থ বাটিট তোমাকে থাইতে হইবে। ভাই! আমোদ করিয়া থাও। তুমি অবশ্যই স্বীকার করিবে, যে, এরূপ প্রস্তুত ঝোল তোমাকে কথনই ক্লান্ত করিবে না। আহা! ইহার কেমন স্থাদ। এই যে জেলীর বোতলাট দেখিতেছ, গলিত চন্দন কাপ্তের ন্যায় ইহা স্থান্ধ, প্রিয়-বন্ধো! তুমি এটি খাইতে অস্বীকার করিও না। এ সর ভাজা অনেক যত্বে প্রস্তুত হইয়াছে, উহা অতি মুখরোঁচক, মাছের ঝোলের পর উহা ভোমাকে বড় ভাল লাগিবে। ভুলিয়া যাইতেছি, এ কোপ্তা আমার বড় প্রিয় খাদ্য, খাইলে অক্রচির ক্রচি হয়? মচ্মচ্যা অথচ মুখে দিলে ক্লিয়া যায়। উহা-রপ্ত পাঁচ ছয়টি ভোমাকে আহার করিওে হইবে। খাও খাও, মনে কিছু ভাবনা করিও না। দাদা

রামদাস! বাহিরে আইস, নিমক্তিত বন্ধুকে ভাল করিয়া খাইতে এবারে তুমি অনুরোধ কর।

এইরপে গোপাল বাবু বছ আহার করিবার জন্য প্রতিবাদী যাদবকে সাধ্য-সাধনা করিতে লাগি-লেন; তাহাকে নিশ্বাদ ফেলিবার অবকাশ দিলেন না। যাদবের গলায় গলায় খাওয়া হইয়াছে; উদরে বিন্তৃ-মাত্র স্থানাভাব, ছঃখের শেষ নাই, অসুরোধও ছাড়া-ইতে পারে না, অগত্যা তাহাকে জেলী সর ভাজা এবং কোপ্তার কিয়দংশ আহার করিতে হইল। কিন্তুরাগে তাহার শরীর কাঁপিতে লাগিল, সাহস করিয়া যেমন সে গোটাকতক গিলিয়া ফেলিল, অমনি গোপাল বাবু বৃলিয়া উচিলেন, যে মানুষ অধিক খায়, আমি তাহাকে বড় ভাল বাসি; বছ ভোজন করিতে খ্লা করে, এমন লোক আমার প্রিয় পাত্র নহে। এস, ঐ পাত্রের সমস্ত সামগ্রী গুলী তুমি ইচ্ছা পূর্ব্বক খাও।

হায়! এবারের প্রস্তাবটি বাদবের পক্ষে অভান্ত অসহ হইয়া উচিল, ভাল সামগ্রী হইলে কি হইবে, সে বৈধ্যাবলম্বন করিতে আর পারিল না। শীঘ্র আপেনার ছাভা চাদের লইয়া গোপাল বাবুর বাটীর বাহিরে দেখিয়া গেল, পুনরায় আসিয়া আর কখন মুখ দেখাইল না।

সুবিজ্ঞ তাগ্যান গ্রন্থকারের। কোনু সময় কিরুপ প্রস্থ লিখিয়া পাঠকদিগকে সন্তুট করিতে হয়, তীক্ষু বুদ্ধি দারা তাহা বিশেষরূপ জানেন। যাহা লেখেন সন্ধিবেচনা পূর্মক লেখেন, বহুকাল মেনীভাবে থাকেন, তথাপি অপ্রোজনীয় নীরস গ্রন্থ প্রকাশ করেন না। এ নিয়নের বশবর্তী না হইলে, তাঁহাদিগের গদ্য পদ্য রচনা মৎস্যের ঝোলের ন্যায় পাঠকদের বিরক্তি জনক হয়।

-0-

রাজহংদ অর্থবা পূর্ব্বপুরুষের মান্যে র্থাভিমানী হওয়া।

একদা এক জন কৃষক একগাছি লয়া লাচি হাতে লইয়া, নিকটবর্জী বাজারে এক পাল রাজহংস ভাড়া-ইয়া লইয়া যাইতেছিল। অবশাই স্বীকার করিতে হইবে. সেই নীচবংশ-জাত চাসা তাহাদের প্রতি সদ্ব্যবহার করে নাই, ভাহাদের গতিশক্তি সত্ত্র নহে বলিয়া, রাজপথে তাহাদিগকে অত্যন্ত প্রহার ও তাড়াতাড়ি করিতেছিল। বেলা হইলে বাজার উচিয়া যাইবে, এই তাহার ওজর। ইতিহাসে বর্ণিত আছে, সকল যুগেই লোভ ধেনন মনুষ্যজাতির ধাংস-কারক হয়, • ভেমনি রাজহংসের্ও নাশক হইয়া থাকে 🖭 যাহা হউক, কৃষকের এ ওজর রাজহংদেরা গ্রাহ্য করিল না। পথিমধ্যে হঠাৎ এক জন ভ্রমণ-কারীকে দেখিয়া, অসভা চাসার বিরুদ্ধে তাঁহার निकष्ठे अखिरगांश कतिल ; तिलल , महाभेते ! आभा-দের মত ছর্ভাগা এ পৃথীতলে নাই, এন্থলে আমরা যে কত কট সহিতেছি তাহা আপনাকে কি জানা-

ইব। আনাদিগকে নীচ জ্ঞান করিয়া, এই অসভ্য চাসা ভয়ন্ধর রূপে ভাড়াইয়া লইয়া যাইভেছে। আনরা যে কভ সন্মানের যোগ্যা, এ গগুমুর্থ ভাহা জ্ঞানে না; আনাদিগের পূর্ব্ধপুরুষেরা রোম নগর রক্ষা করিয়াছিলেন, ইহা কি সর্ব্ধান্ত নহে? ভ্রমণকারী উত্তর করিলেন, ভাল, ভাহা গ্রাহ্থ করিলান, ইভিহাসে ভোনাদের পূর্বপুরুষদের বিষয়ে যাহা বর্ণিভ হইয়াছে, ভাহাতে ভোনাদের অধিকার কি! রোন নগর ভোনাদের আদিপুরুষ দারা রক্ষা হইয়াছিল, এ কথা আমি পড়িয়াছি, সভ্য; ভাহার কোন সন্দেহ নাই; কিন্তু ভোনরা কোন কার্যাের হও? আনি পুনরায় জিজ্ঞানা করি, ভোনরা নিজে কি মহৎ কর্মা করিয়াছ ? যদি কিছুই না করিয়া থাক, ভবে কি জন্য ভাঁহাদের নাগ্য সন্ত্রান্ত হইতে চাহ।

রাজহংসগণ! তোমরা আপনাদিগের পূর্বপুরুষদিগকে কুশলে থাকিতে দেও, তাঁহাদিগের সত্
কীর্ত্তি কীর্ত্তন করা বিধেয় বটে, কিন্তু আমি তোমাদিগকে অধিক তিরস্কার করিতেছি না, তোমরা উত্তমের মধ্যে কাবাব করিবার যোগ্য ব্যতীত আর
কিছুই নহ।

এইশাপ বাড়াইলে বাড়াইতে পারি। পাতে হংস কট হয় সেই ভয়ে মরি॥

শুগাল এবং বেজী অথবা উৎকোচ-গ্রাহী বিচারক।

একদা এক বেজী কোন শৃগালকে কহিল, সখে! এত ভাড়াভাড়ি দেডিয়া তুমি কোথায় মাইভেছ ? একবার পশ্চাদ্দিকে ফিরিয়া চাহিতেছ না, কারণ কি ? भूगान वनिन, शंग ! लांटक निका - क्रेश विष-द्रि আমার উপর বর্ষণ করিতেছে, ছফ্ট প্রভারক বলিয়া আমি গণ্য হইয়াছি। ध যে হংস-কুক্কু টদিগেব বাসস্থান খড়ুয়া ঘর খানি দেখিতেছ, উহীতে আমি নাায় বিচার করিতে প্রব্ত হইয়াছিলাম। এই ঘূণার্হ পরিশ্রেন-জনক কর্মে নিযুক্ত হইয়া আমার লাভ কিছু হয় নাই, লাভের মধ্যে রাতিতে নিজা নাই. मिटन **थारे**दांत व्यदकांम नारे, व्यागांत भातीतिक স্বাস্থ্য দিন দিন লোপ হইতেছে, তথাপি আমাকে कन-नमारक निका-जाकन इटेल इटेग्नारह 1 এই-রূপ ধৃণিত, অপমানিত এবং অপবাদিত হওয়াতে, মনে আমার বড়ই ধিক্কার হইতেছে। জগতের लांक, जे निन्धुकिंगरात्र यपि এই क्रेश निन्धियो म অবণ করে, ভুবে অভঃপর নির্দ্ধেষিতা কিরূপ হুর্দ্ধা-পন্ন হইবে, ভাহা তুমিই বিবেচনা কর। আমি 🏝 এক জন চোর ? ইহা মনে হইলে আমাকে পাগল করিয়া ফেলে। এখন তুমি আমার সতভা বিষয়ে সাক্ষ্য প্রদান কর। এরপ ছঙ্কর্মে, ভূষিত, হুইতে ভূমি কখন কি আমাকে দেখিয়াছ? সাবধান হইয়া স্মবণ কর, তুমি কোন রূপে কোন এমন একটি দোষ আনার দেখাইতে পার কি না? বেজী বলিল, না, বিহ্নো!
যদিও সর্বদা দেখি না বটে, ভথাপি ছুঃখিত হইয়া
আমি তোমাকে বলিতে বাধ্য হইলাম, আমি একবার ভোমার নাকে পক্ষী জাতির কোমল কুজ পালক
লাগিয়া রহিতে দেখিয়াছি।

রাজকর্মচারী অনেক লোকেই ছুঃখ প্রকাশ করিয়া दिल्हा थोरकन, व्यामानिरगत नगन टोका वेकिए नारे, মত আম তত্র বায়। নগরের সমস্ত লোকের নিকটে ভাহারা ঘোষণা করিয়া দুেন, যে, কি আপনার জন্য, কি পরিবারদিণের জন্য, তাঁহারা কিছুই রাখিতে পারেন নাই। সময় ক্রমে তাঁহারাই আবার জমী-माती क्य करत्न, गरनांश्त अक्रीनिका निर्माण कतिया ভাহাতে বাস করেন, নগদ টাকা দিয়া কত স্থাবর বিষয় কিনেন। এখন জিজাসা করি, এরপ লোক-দিগের আয় ব্যয় নিরপণ কিরপে সম্পন্ন হয়। যদি রাজ-ধর্মাধিকরণে কেহ প্রমাণ করিতে যায়, যে, গোপনে উৎকোচ লইয়া তাঁহারা এড বিভব করি-য়াছেন, সে কর্ম করা বড়ই ছুরুহ হইয়া উঠে। শুগালের গম্প উল্লেখ করিয়া লোকে কিন্তু বলিতে ছोड़ ना, "क्षिम्न शीनक उर्राटक नाटक पृष्टे इरेग्नारह।"

পরিশ্রমী ভলুক অথবা বল ও কেশিল উভয়ই আবশ্যক।

একদা এক কৃষক যোগালি বক্ত করণ ব্যরসা করিয়া অনেক লাভ করিত, তাহাই তাহার পরিবারগণের উপজীবিকা ছিল। এ ব্যবসায়ে কেহ কথন অপ্প সময় ও অপ্প বৈধৰ্য শক্তি ছার। কৃতকার্য্য হয় না। বৈধৰ্য্যাবলম্বন পূর্মক চাসাকে বিস্তর পরিশ্রম করিতে হইত। একটা ভালক তাহার দৃষ্টাস্তান্তুসারে সেই রূপ কর্ম করিতে ইচ্ছা করিল। কাঠের জন্য এক ক্রোশ পর্যান্ত লোক দিগের বাগানের আম জাম কাঁঠাল প্রভৃতি গাছ সকল ন্য করিতে লাগিল, তাহাতে লোকে কাতর দানি করিয়া উইজঃম্বরে তাহাকে বিস্তর গালীগালি দিল। যাহা হউক এত অপচয় করিয়াও ভলুকের সকল পরিশ্রম রুধা হইল, যোয়ালি বক্র করণ ব্যবসায়ে দে কৃতকার্য্য হইতে পারিল না। অতথ্য বিরক্ত হইয়া দে এক দিন বেগে গমন করত, কুষককে এইরূপ সম্বোধন পূর্বক বলিল, সহ-কর্মকারি বন্ধো! আমি ভোমার পরামশ চাহি, আমাকে বুঝাইয়া দেহ; আমার নখুরে কাঠ সকল ভগ্ন হইয়া যায়, ব্যাপার ? তথাপি আমি ভাহ। নোয়াইতে পারি না •কেন ? বিজ্ঞানশাল্রে এ বিষয়ের উপদেশ বাক্য কি ! কৃষক উত্তর করিল, প্রিয়-বন্ধো! ''বৈধর্যা''•উহার এক माज छेशरमभ दोका, किन्नु छोमोर्ड के देशर्या-भिक्तिय একটি আঁচড় মাত্র নাই।

প্রস্থা এবং দম্যু অথবা লম্পট প্রস্থারদিগের দণ্ড।

একবার এক সুপ্রসিদ্ধ গ্রন্থকার ও এক দস্থা, উভয়ে একই সময়ে য্মালয়ের নারকীয় প্রদেশে উপস্থিত গ্রন্থকারের গোরবে পৃথিবী পরিপূর্ণ ছিল, তাঁহার গম্ভীর বিদ্যার প্রশংসা সর্বত সকল লোকে করিত। কিন্তু তিনি আদি-রস ধর্ণন করিয়া স্বর্চিত পুস্তকের মধ্যে ভ্রম্টভারপ গরলের কুটিল দেশির্ট লুক্কা-য়িত রাথিয়াছিলেন, ধর্মানীতি এবং সদভিপ্রায় कतिया विमान-यून्स्त, कामिनी-कूमात, চক্রকান্ত প্রভৃতি প্রন্তের ন্যায় রসিকভার বাহ্য আলোক দীপ্তিনান করিয়াছিলেন। তিনি সাতিশয় প্রশংসিত স্তীকু বুদ্ধি ছারা এমনি হুর্তাগ্য স্থক প্রস্তুত করি-য়াছিলেন, যে, ভাহা ভাঁহার মৃত্যুর পরে দেশের সর্ব-নাশ করিল। ভাঁহার অনুষদ্ধী বন্ধু প্রকাশ্য রাজ-পথে দস্মারতি ও হত্যা করিয়া কিছু দিন ছুরাচার-मिरगंत यथारयांगा थां जिनां कतियां हिन वर्षे, কিন্তু জল্লাদের রক্ষুশীত্র ভাহার জীবনান্ত করিল। তুরাত্মা, জানপদ বর্ণের অধিক অপকার আর করিতে পারিল না।

ঐ উভয় ব্যক্তি যমালয়ে উপস্থিত না হইছে হইছে. উভয়ের অদুফে যাহা ঘটিবে, তাহা একেবারে দিদ্ধান্ত হইল। যমূরাজ একবার দৃষ্টিপাত করিয়া দোষী-দ্বয়ের দোষ বিচার করিলেন। কোন কথা বলিতে হয় না, তাঁহার ভয়ানক বিচারালয়ে থার্মিক ও অধা- র্মিককে জনায়ালেই জানিতে পারা যায়। প্রত্যেক অপরাধী আপন বিবেক-শক্তি ছারা আত্ম অপরাধ এবং তদণ্ড দেখিতে পায়। স্পন্টাক্ষরে সমুদায় যেন ভাহার সন্মুখে লেখা থাকে। উকীল মোক্তার সেখানে গিয়া বক্ত্ ও ভর্ক করিতে পারে না, তথায় প্রবেশ করিতে তাহাদের চিরকাল নিবেধ আছে।

ষমবাজের অট্টালিকার মধ্যে একটি কুঠরীর ভিত্র প্রস্থানিত অগ্নি নিরস্তর স্থালিয়া থাকে, তাঁহার ভূত্য মোটা অথচ ভারি ছুই গাছি লোহ-শৃন্ধলে আঁকড়া লাগাইয়া ঐ গুহের কড়ি কাঠে বিদ্ধ করিল। যমের আজ্ঞায় অপর এক ভূতা আপন নাশক হস্ত দারা বড় বড় ছুইখান লোহার জাল প্রস্তুত করিয়াছিল, পূর্ব্বোক্ত শৃন্ধলে ঐ ছুইখান জাল ঝুলিয়া দেওয়া হইল। তদ-শনে আগত ছুই ব্যক্তির ক্রাস্ত আশ্চর্য্যের আর সীমা রছিল না, হত্জান হইয়া ভাহারা বক্র মুখে পরস্পার দেখা দেখি করিতে লাগিল। কি করিবে, ভাবিয়া কিছু হির করিতে পারিল না, অপত্যা ভাহাদিগকৈ জালে উঠিয়া নিজ নিজ হানে উপবে-শন করিতে হইল।

দস্য যে • শৃষ্ঠলে উপবিষ্ট ছিল, যম-ভূতা তাহার নীচে • রাশীকৃত শুক্ষ কাঠ সংগ্রহ করিয়া চারি হাত উচ্চ করিল; পরে গল্ধক ও দেটা। তেল তত্ত্পরি প্রলেপন করিয়া তাহাতে স্বাগ্নি ছালাইয়া দিল। মূছ তির্কের মধ্যে প্রজলিত কাঠ-রাশির সাগ্নি-শিখা উদ্ধে উথিত হইল। ফট্ ফট্ শব্দ হইতে লাগিল, এবং ক্রনে তাহা লোহার স্বালের চতুর্দ্ধিক পরিবেইন

করিলে, অগ্নির ধূম মেছের ন্যায় গৃহের ছাদ স্পর্শ করিল। তাহাতে দম্যর ছংখের আর সীমা রহিল না। সে মনে মনে অনুতাপ করিয়া কহিতে লাগিল, রাজপথে দস্কারতি করিয়া আমি কি কুকর্ম করিয়াছি; লোকের ধন প্রাণ অপহরণ না করিলে আজি আমায় এরূপ দারুণ যন্ত্রণা সহিতে হইত না। যাহা হউক, গ্রন্থারের ভাগে প্রথমে এত কঠিন দণ্ড হয় নাই, অপেকারত অপে দণ্ড দৃষ্ট হইয়াছিল। একটি ভুতা সামান্য অগ্নি তাহার অধোড়াণে প্রজ্বলিত করিয়া ত্তুপরি প্রকাণ্ড এক কড়া জল বসাইয়া রাখিল, ইহার উত্তাপে তাঁহার শরীর ঘর্মাক্ত হইল বটে, কিন্তু তাহাতে দারুণ ছংখ সহিতে হইল না; বরং যৎকালে তাঁহার সন্ধী দম্য পুড়িয়া সিদ্ধ হইভেছিল, তিনি দয়াশূন্য নয়নে তাহা অবলোকন করিতে ছিলেন। পরস্তু কিয়ৎকণ পরে কড়ার জল ফুটিয়া বুদবুদ উচিতে লাগিল, মহাপণ্ডিত গ্রন্থকারের কাতর ধ্বনি এবণ করা' গেল। তথন নির্দয় ভূতা ঐ অগ্নিতে আরো কিছু কাঠ নিক্ষেপ করিল, তাহাতে উত্তাপে কড়ার তলা সিশ্চর-বর্ণ হইয়া জল ভয়ানক উফ হইল। গ্রস্থকার সেই জলে প্রধান একটি পদ নিক্ষেপ করিলেন, তংপরে অপর,পদটিও দিতে ২ইয়াছিল। একটি কথা কহিবার ক্ষতা নাই, যেগন একটি শব্দ তাঁহার জিহ্বা হইতে বিনিৰ্গত হয়, অমনি নিৰ্দয় ভূত্য অগ্নিতে এক আটি শুষ্ক কঠি কেলিয়া দেয়। ইহাতে গ্রন্থকারের অসীম ক্রোধ হওয়াতে তাহার চফু হইতে যেন অগ্নির আভা বহিৰ্ণত হইতে লাগিল। তিনি ঈশ্বর নিন্দা করিয়া

কহিতে লাগিলেন, আমা অপেকা শত গুণে যে ব্যক্তি দোষী তাহার অগ্নি নির্বাণ হইল, কিন্তু আমাকে এই নিদারুণ যন্ত্রণা সহিতে হইয়াছে। হে দেবতা মকল! ভোমাদিগের ন্যায়প্রতা কোথায়?

উষ্ণ-জল-দক্ষ মহাপণ্ডিত এইরপে ঈশ্বর নিন্দা করিলে, নরকাধিপ্তাত্রী দেবী আলেক্টো ভাহাকে প্রভিক্ষল দিবার জন্য হঠাৎ এক গভীর গহুর হইছে বহির্গত হইলেন। সহস্র সহস্র সর্প বেণী স্বরূপ হইয়া ভাহার মস্তকে ঝুলুতে ছিল। গ্রন্থকার ভাহাকে দেখিয়া বাক্য-রহিত ও জ্ঞান-হত হইলেন। দেবী বলিতে লাগিলেন। দক্ষ কবি সভ্য় ও সসম্ভ্রুমে ভাহা প্রবণ করিতে লাগিল।

"রে ছরায়ন্ হততাগ্য! যে ঈশ্বর তোর ভূতপূর্বন মহাপরাধের জন্য যথার্থ দণ্ড দিয়াছেন, দে ঈশ্বরকে সাহস করিয়া তুই নিন্দা করিতেছিস? ঐ গুপ্ত হস্তা দশ্য যে সকল দোয় করিয়াছিল তাহার জীবনের শেষ হওরাতে সেই সকল দোষেরও শেষ হইল। কিন্তু তৌর দোষ শেষ হইবার নহে, তোর অধর্ম-স্কুচক দৃষণীয় লেখা পৃথিবীতে যত দিন থাকিবে, যুগে যুগে পৃথিবীর লোক উহা যত পাঠ করিবে, ততই তোর দোষ রিছা ইইবে, তার আর কোন সন্দেহ নাই। তোর লেখা পড়িয়া কত লোক সংপথ পরিভাগে পূর্বক কুপথগানী হইয়াছে, ভাহার সঙ্খ্যা করা যায় না। মৃত্যু হওয়াতে মর্ত্যালোকে বহু দিন তোর অহি শেকলৈ ভস্মাৎ হয়াছে বটে, কিন্তু ভোর সহস্র দোষ দীপ্তিমান করিয়া যে দিন স্থ্যা উদয় না হয়, সে দিনই নয়।

এ সকল দোষই ভোৱ ভয়ানক লেখার কদর্যা ফল মাত্র। তোর স্মকালীন যে স্কল গ্রন্থকার ছিল, ভোর সাংঘাতিক দুটান্তে তাহাদের কি বিষোৎপত্তি হয় নাই? স্বর্চিত এত্তে তুই নাট্যশালার প্রিয় হইয়া পবিত্র ঈশ্বর-মন্দিরকে উপহাস করিয়াছিল। তুই এই জগতে এমন পাপের বীজ বপন করিয়াছিম. रि महस्र वर्मास्त्र गर्धा जोहा एकसी द्रक हरेगा ফলে ফুলে পরিপূরিত হইবে। সে ফুল বিষময় ফুল, সর্মত্রে তাহা নাশকগন্ধ বিস্তারিত করিয়াও শুষ हरेशा मतिरव ना, आवात **अन्कृ**ष्टिं हरेशा रमरभंत अनिके कतित्व। ता असूथी प्रकृतः। ता अधास তোর অপকারক গ্রন্থ সকল জগতের অপকার করিতে নিরুত্ত না হয়, সে পর্যান্ত তুই নরকের অসীম যন্ত্রণা ভোগ কর।" এই সকল কথা বলিতে বলিতে কোখে আলেকটোর ছুই চকু রক্তবর্ণ হইল, তিনি কম্পিত-কলেবর হইয়া আপন কচিন হস্ত দারা ঐ পাপাত্মাকে ধরিয়া পূর্বোক্ত ফুটস্ত জলে ডুবাইয়া দিলেন এবং অনস্ত কালের জনা বিষম ভারি লোহার ঢাকনি ভাহার উপরে চাপান গেল।

--0--

প্রদেশাধিপতি অথবা উত্তম কর্মাধ্যক হইলে বিশেষ লাভ হয়।

একদা এক মহাধনাতা প্রদেশাধিপতি সমস্ত বিভ-বের সহিত মনোহর নিজ কেন শধ্যা পরিত্যাগ করিয়া, যে স্থানে যদরাজ অদ্বিতীয় রূপে রাজত্ব করিয়া থাকেন, সেই অন্ধকারময় দেশে যাতা করিলেন। সংক্রেপে বলি, দেশাচারাল্লযায়ী তাঁহার মানবলীলা সম্বরণ হইল। উক্ত তমসারত রাজ্যে এক বিচারালয় সংস্থাপিত আছে। তথায় উপস্থিত হইবা মাত্র বিচারক তাঁহাকে জিজ্ঞাসা করিলেন? রাজনীতি বিবয়ে তোমার উপুাধি কি? তোঁমার জন্ম স্থান কোথায়? তিনি উত্তর করিলেন, আমি এক জন দেশা-ধিপতি, পারস্য দেশে সামার জন্ম স্থান। বছ কাল পীড়া দারা হুর্ম্বল হওয়াতে, নিজে আমি রাজ্য শাসন বা রাজকার্য্য সম্পাদন করিতে পারি নাই। আমার কর্ম্মাধ্যক্ষ দেওয়ানজী সমুদায় কর্মা নির্মাহ করিয়াছিলেন। বিচারক মহাশয় এই কথা শুনিয়া তাহাকে বলিলেন, "তবে তুমি অবিলম্বে দেবলোকে গমন কর।..

অধিনীকুমার তৎকালে বর্ত্তমান ছিলেন, বিচারুক দিগের এই বিচারে তিনি অসন্তুফ হইয়া ভয়ম্বরে কহিলেন, বিচার তাল হয় নাই, ইহাতে করিয়া ছুন্ম হইবে তার কোন সন্দেহ নাই।

প্রধান বিচারক চিত্রগুপ্ত প্রত্যুক্তর করিলেন, ভাই
তুমি এ বিষয়ের কিছুই বুঝিতে পার না; মৃত ব্যক্তির
কথা শুনিবা মাত্র তোমার কি বোধ হয় নাই, যে সে
নিতান্ত অকর্মণ্য নির্বোধ ব্যক্তি। যদি সে স্ক্ষমতা
ব্যবহার করিয়া রাজকার্য্য সম্পাদম করিত, তবে
ভাহাতে কি উপকার হইত বল। লাভের মধ্যে
সমুদায় রাজ্য নই ইইত, হতভাগ্য প্রজালাক সকল

এত তুঃখ সহা করিত, যে তুমি তাহাদের অঞ্জল
নিবারণ করিতে সক্ষম হইতে না। অতএব তাহার
রাজকর্মে অক্ষমতাকে সোভাগ্যের বিষয় বলিতে
হইবে, স্বর্গীয় সুথ প্রাপ্ত হইবার সে যথা-যোগ্য
ব্যক্তি।

গত কলা আমি একজন বিচারককে বিচারাসনে বসিয়া বিচার করিতে দেখিয়াছি। মৃত্যুর পর অব-শাই তিনি দেবলোকে গমন করিবেন।

া গৰ্দ্ধভ, অথবা নিৰ্কেণ্যের সন্মান।

একদা এক কৃষকের শিক্ত ও শান্ত-স্কাব একটি গর্দত ছিল। তাহার প্রভু তৎপ্রতি সন্তুন্ট হইয়া বলিত, এ জন্তুটি আমার মুক্তা ও রত্মরূপ হয়। পাছে কেহ তাহাকে চুরি করিয়া লইয়া যায়, এই ভয়ে সে তাহার গলায় একটি কৃদ্র ঘন্টা বাঁধিয়া দিল। ইহাতে গর্দত অভ্যক্ত অহক্ষারী হইয়া গা ফুলাইয়া চলিতে লাগিল; অবশা, অলক্ষ্ত এবং সুসজ্জিত হওল বিষয়ে গর্দ্ধতের কিছু জ্ঞান ছিল, তাহা না হইলে বা দে আপনাকে এক জন মহাপুরুষ বলিয়া বোধ করিবে কেন? কিন্তু অবিলম্বেই সে দেখিতে পাইল, যে ছুর্ভাগা বশতঃ ভূতন পদ পাইয়া ভাহার বিশেষ উপকাশ হয় নাই, রুবং অপকারই হইয়াছে, তাহাতে সকল

জাতীয় গৰ্দ্ধত এক প্ৰকার চৈতন্য পাইয়াছে। পাঠক-न्। এ বিষয়ের মর্ম এক্ষণে আমি তোমাদিগকে সংক্ষেপে জাত করি, উল্লিখিত গর্দ্দভটি শাস্ত ছিল বটে, কিন্তু সৎস্বভাব ছিল না, যে অবধি ঘন্টা দারা দে সুসজ্জিত হইয়াছিল, সে অবধি বিনা দণ্ডে সে আর চাতুর্যা প্রকাশ করিতে সক্ষম হইত না। পুর্বে সর্যপ এবং যবের ক্ষেত্রে শাইয়া ইচ্ছান্তসাকে লোকের শাস্ত্র ভক্ষণ করিত, করিয়া নিঃশব্দে ফিরিয়া আসিত, কেহ ভাহার দণ্ড বিধান করিতে পারিত না। কিন্তু এক্ষণে তাহার সে আমোদ জন্মের মত গেল, তাহার গলার ঘন্টা অনবরত বাজিত, অতএব শর্ষপ কেত্রের ধারে গেলেই, লোকে তাহার ঘনীর শব্ভনিয়া লাচি কাঁটা মারিয়া ভাড়াইয়া দিত। এইরূপে গেরিবাবিত পেটুক জন্তুর ছঃথের আর সীনা রহিল না। লুকাইয়া নিজ প্রভুর কেতে শস্য খাইতে গেলে প্রভু প্রহার. करतन, প্রতিবাদীদের কেত্রে গেলে প্রতিবাদিরা মারে, যেখানে যায় সেই থানেই মারি খায়, স্করীং মূতন মর্যাদা তাহার পক্ষে কাল হইয়া উচিল, কিছুদিন না খাইতে পাইয়া ক্রমে তাহার অস্থিচর্ম্ম দার হইল।

যে সকল লোক ছোট পদ হইতে ক্রমে উচ্চ পদাভি-বিক্ত হয়, তাহাদিগের মধ্যে কত দুই প্রবঞ্চককে দৈথা গিয়া থাকে; যখন তাহাদিগের দামান্য ছজে য় পদ ছিল, তখন তাহাদের চাতুর্য ও প্রবঞ্চনা কেহ ধরিতে পারিত না, কেহ•কিছু° টের পাইত না, সকলই অবাধে চলিয়া যাইত। কিন্তু সন্ত্রান্ত পদে অভিষিক্ত হইলেই, ছোট ঘন্টারুপ নিশান ভাহাদের গলদেশে ঝুলিতে থাকে, ভাহাদিগের পদ-শুক দূর হইতে টের পাওয়া যায়।

--0-

নেক্ডিয়া ব্যান্ত ও শৃগাল অথবা অকর্মণ্য বস্তু দান।

যে সকল বস্তু আমাদিগের নিজ ব্যবহার্য নহে, তাহাই আমরা আহ্লাদিত হইয়া অপরকে দান করি। এ কথাটি শুদ্ধ আমরা গণ্পে শিক্ষা পাই নাই, মনুযোর আচার ব্যবহারে পদে পদে ইহা দৃষ্ট হইয়া থাকে। কিন্তু নির্মাল অকপট সভ্য, মনুযোর অপ্রিয় ও ভয়জনক, একারণ ভাহাকে আবরণ ভারা আছাদিত করিয়া তাহারা সংসার যাতা নির্মাহ করে।

একদা এক শৃগাল নিকটবর্তী কোন গৃহস্থের পালিত হংগ কুক্কু টদিগের কুটারে গিয়া উদর পুরিয়া নাংস ভোজন করিল, এবং ভবিষ্যতে আহার করিবার জন্যেও কিছু সংগ্রহ করিয়া আনিল। বছ আহারে ক্লান্ত হইয়া সে কত্ব গুলি তৃণের উপর শায়ন করিয়া নিজাতুর হইয়াছে, এমত সময়ে দূর হইতে দেখিল, একটা ক্ষুধিত নেকডিয়া ব্যান্ত তাহার সহিত সাক্ষাৎ করিতে আগিতেছে। মৃহূর্ত্তেকের মধ্যে ব্যান্ত তাহার নিকটে আগিয়া বলিল সংখ! আজি আমার কি অশুভ দিন, কি কুক্ষণেই রাজি প্রভাত হইয়াছিল, কল্য অবধি, কি দুরে কি নিকটে, একখানি অস্থি পর্যান্ত

ভক্ষণ করিতে পাই নাই, এজন্য আমি তোমার কাছে যাত্ঞা করিতে আইলাম, যদি তুমি আমাকে কিছু আহার দিয়া আমার প্রাণ রক্ষা করিতে পার। ভাই। कुक्रुदाता उग्रानक, रमयशानकशन नर्सनाइ आमारनत উপরে চৌকি দিতেছে; খুরিয়া খুরিয়া এমনি ক্লান্ত ও জ্রান্ত হইয়াছি, যে, আর এক ঘনী কাল তুমি আমাকে थोंना निया कूषांभी छिना कतित्व आंति श्रीत्व नित्या যাইব। শুগাল বলিল, প্রিয় বন্ধো! ভোমার কথা শুনিয়া আমি বড় ছঃখিত হইলাম, এখানে শুষ্ক তৃণ ব্যভিরেকে আর কিছুই নীই, ইচ্ছা হয়তো ইহারই কিছু খাও, এখাদ্য আমি ভোমাকে এত দিতে পারি, যে এক ঘট। খাইয়া তুমি ফুরাইতে পারিবে না, কুপাও তোমার সম্পূর্ণ পরিভৃগু হইবে। কিন্তু নেকড়িয়া ব্যান্ত নাংসভুক পশু, সে নাংসেরই প্রয়াসী ছিল, ধূর্ত্ত मृगान तम विषय जिल्ला त्ताथ कतिया तहिन, এकि কথাও বলিল না। সুতরাং প্রকাঞ রুদ্ধ পশুকে, প্রভারিত হইয়া অগত্যা মরে ফিরিয়া যাইতে হইল, শুগালের নিকট মাংস থাকাতেও তাহার কুথা কিছু-यांज माखि रहेल ना ।

বাদ্যকারী অথবা শস্তার ভিন অবস্থা।

বাদ্য-বিদ্যাভিলাধী এক ব্যক্তি এক দিন কোন বন্ধুকে ভোজনার্থ বাদীতে নিমন্ত্রণ করিল। নিমন্ত্রিভ ব্যক্তি সাভিশয় বাদ্য ভাল বাসিত। অভএব নিমন্ত্রণ-

কারী অস্তাব করিল, তুমি আপন ইচ্ছানুসারে তাল শান দিয়া বাজাইতে পার বটে, কিন্তু অদ্যকার ভোজে সূত্র শিক্ষিত যে একদল গায়ক সম্প্রদায় আসিয়াছে, তাহাদের গীভ বড় একটা সুপ্রাব্য হউক বা না ইউক, তাহাদের সঙ্গে তাল দিয়া তোমাকে বাদ্য বাজাইতে इरेटर। **এই প্রস্তাবে সকলেই সম্মত হইল, গা**য়কগণ বিশেষ উৎসাহ এবং সাহস প্রকাশ করিয়া গাইতে আরম্ভ করিল, কিন্তু সুর, তাল এবং মানের ঘর বেমিল অথচ ভিন্ন ভিন্ন হওয়াতে সকলই অনিয়ম ও বিশৃষ্খল হইয়া উচিল। তাহাতে নিমন্ত্রণকারী সাতিশয় আশ্চ-র্যাবিট হইলেন, কুশ্রাব্য কর্কশ বাদ্য ও গীতের গোলে তাহার কর্ণও বধির হইয়া গেল। উইচ্চঃস্বরে ব্রালি, নমস্কার গায়ক মহাশয়গণ! আপ-নারা বোধ করিতেছেন, গাওনা বড় উত্তম হইতেছে, কিন্তু আপনাদিগের ধূয়ার শব্দে এক ব্যক্তির যে মাথার খুলি উড়িয়া যাইতেছে, ইহা আপনারা বুঝিতে পারিতেছেন না। এই কথাতে নিযন্ত্রিত বাদ্যকারী উত্তর করিল, সভ্য সভাই গায়কগণ কিছু উচ্চস্বরে शांन कतिराज्य वर्षे, किन्छ प्रथ जार्रापत वावरात কেমন প্রশংসনীয় হয়, তাহারা ভোমার ন্যায় অধিক মদ্য কথন পান করে না।

বন্ধুগণ! আমার কথায় বিশ্বাস কর, যদিও ভোমরা, অপ্প মদ্যপান করিয়া থাক, তথাপি, সাবধান হইয়া অত্যে বুঝিতে হইবে, যেন তাহাতে করিয়া আপনা-দিগের ব্যবসার হানি না হয়।

কামান এবং জাহাজের পালি অথবা বল ও ব্যবস্থা উভয়ই আবশ্যক।

একদা এক জাহাজের কামান সকল পালিদিগের প্রতি হিংসা করিয়া দেবতাগণকে সম্বোধন করিয়া कहिल. बे इंडडोंगा शालि मकल आंश्रनीपिंगरक আমাদের ন্যায় উপকারক বোধ করে ইহাই কি রুথা-ভিনান নহে। যথন ঋড় ও তুফান উপস্থিত হয়, তথন, ময়ুর যেরূপ মেঘাগমে আপনাদিগের অকর্মণ্য পেগম বিস্তার করিয়া দৃত্য করিতে থাকে, ইহারাও আপনাদিগকে সুবিস্তৃত করিয়া তেমনি ফুলিয়া উঠে। বজুাখাতের সময়ে কেমন বিভিন্ন দুট হয়, তথন আমা-দের শক্তি হুস্তর সমুদ্রকে শাসন করিয়া জাহাজ সঞা-লিত করে, মৃত্যু কেবল আমাদের মুখে আছে। আর आंगता उदारमत मर्क भगन कतिय ना। কার্য্যের ভার আপনাদের হস্তে লইব; হে উত্তর বায়ু অমুক্ল হইয়া আইস, তোমার দৃশ্কা বাভাস যেন বিপক্ষপক্ষকে প্রতিকল প্রদান করে। এই প্রার্থনাতে . উত্তর বায়ু জীসিয়া পালিতে এফনি আঘাত করিতে লাগিল যে তাহা খণ্ড খণ্ড হইয়া ছিঁড়িয়া গেল। অভঃপর কিয়ৎক্ষণ বিলম্বে বায়ু নিহুত হইলু বটে, কিন্তু মাস্ত্রল ও পালি না থাকাতে জাহাজখানি তরত্বের ক্রীড়ায় পুত্তলিকা স্বরূপ হইল। দেখিতে দেখিতে বৈধেটিয়াদের জাহাজ আসিয়া এক পার্শ্ব হইতে

উপর্যুপীরে এমনি গোলার্ফি করিল, যে, চালনীর মন্ত জাহাজ খানি একেবারে জলমগ্ল হইল।

প্রত্যেকেরই আপনাপন নিয়মিত কর্মু আছে, অস্ত্র শস্ত্র কানান যেরূপ রক্ষা করে, ব্যবস্থা দ্বারা জাহাজ সেই রূপ পরিচালিত হয়।

হৃদ্ধ এবং যুবা নেকুড়িয়া ব্যাঘু অথবা উপযুক্ত দর্শকের আবশ্যকতা।

আপনার আহার আপনি খুজিয়া লইতে পারিবে বিলয়া, এক রদ্ধ নেকড়িয়া আপন অপ্পবয়ক্ষ পুত্রকে বন মধ্যে প্রেরণ করিল। বলিয়া দিল রাখালদিগের খরচে তুমি যদি আপন খাদ্য অবেষণ করিয়া লইতে পার, তবে আমি তোমাকে একটি কপালিয়া পুরুষ বলিব। পিতৃজাজ্ঞায় ব্যাত্রপুত্র বন পর্যাটন করণান্তর গৃহে প্রজ্যাগভ হইয়া বলিল, পিতঃ আমার সঙ্গে আসন, একাকী যাইতে আমার ভয় হয়। এক স্থানে আমি নিশ্চয়ই উত্তম খাদ্য দেখিয়া আদিয়াছি। ঐ যে উক্ষ পর্বতটি দেখিতেছেন, উহার উপরিভাগে এক পাল মেষ নিয়ত চরিয়া বেড়ায়, জন্মধ্যে কভকগুলি ছোট এবং কভকগুলি বড় আছে।

কেই ধরিয়া ভক্ষণ করিব। এত বহুসভাকে মেষ बे পाला मरधा जारह, य, डेशिनिगरक गर्मा কর। বড় সহজ ব্যাপার নহে। কিন্তু অপেকা কৰুন, মেষপালক ওখানে আছে কি না আমি অগ্রে দেখিয়া আসি; শুনিয়াছি সে ব্যক্তি বড় সাবধানী সতক ও ধূর্ত । আমি সাবধান পূর্ব্বক গুড়ি নারিয়া গিয়া তাহার কুক্কুর গুলাকে দেখিয়া আসিয়াছি, ভাহারা শান্তমূর্ত্তি ছবল ও সুশীল, অতএব বোগ হয়, मारम कतिया शीरलंद मर्पा अर्दम कतिए शीतिरल, বড় একটা অনিষ্ট ঘটিবে না। পুত্রমুখে এতাবং হুতান্ত শুনিয়া রুদ্ধ নেকড়িয়া বলিল, তোমার মেষপালের লোভে আনি লুকা হইব না, কারণ আনি বিশেষ জানি, নেষপালক নিজে যদি সাবধানী হয়, তবে সে আপন কুছুরগণকে অবশাই বিশ্বস্ত রাখিবে। চল আমি ट्यामारक अर्थत रमय्योत्वत मर्था नहेशा यहि, रम श्रांत नितार्शित ଓ निः गत्न आंगता श्रांनेशन कतिया সাহস করিতে পারিব, কারণ যদ্যপিও তথায় অনৈ-कछनी रमसत्रकक कूक्र्त आहि, उथीि रमस्त्रीनक নিজে গণ্ড মূর্থ। তুমি বিশেষ জানিও, মেষপালক यन हरेता, कुक्कुद्रगण कथनरे जान हम ना।

--0-

বালক ও সর্প অথবা লক্ষ্য দিবার পূর্ব্বে ভাল করিয়া দেখ।

একদা এক বালক বাইন মাছ ধরিতে গিয়া হঠাৎ একটা দর্প ধরিয়া কেলিল। তাহাতে দে এমনি ভয় পাইল, যে, তাহার সমস্ত শরীর মলিন ও বিবর্ণ হইতে লাগিল। বালকের তাস দেখিয়া সর্পের অন্তঃ-করণে যেন কিছু দয়া হইল, সে স্থিরতাবে তাহার প্রতি চৃষ্টিপাত করিয়া বলিতে লাগিল "রে নির্বোধ বালক! এবার আমি অন্তগ্রহ করিয়া তোকে ক্ষনা করিলাম বটে, কিন্তু ভবিষাতে এমন ছ্লাহসিক কর্মা তুই কখন করিন্না। আমি এক্ষণে তোকে সভক করিয়া দি, আরবার তুই যদি আমাকে তাচ্ছীলা করিস, তবে ভোর ভাগ্যে কি ঘটবে তুই তা জানিসুনা।

বণিক ও সমুদ্র অথবা ভবিষ্যতের উপর নির্ভর করিও না।

এক দিন এক বণিকের জাহাজ চড়ায় লাগিয়া জলমগ্র হইল। ভাহাতে বণিক সন্তরণ দ্বারা তরক্ষোপরি
ভাসিয়া ভাসিয়া, ক্রমে তটে উপস্থিত হইলেন। একে
প্রাণের ভয়, ভাহাতে আবার সন্তরণের দারণ পরিশ্রম, তিনি যৎপরে নাস্তি ক্লান্ত হইয়া ভটের উপর
কাদাতেই নিদ্রা গেলেন। কিয়ৎক্ষণ বিলম্বে নিদ্রা
ভঙ্গ হইলে, তিনি সমুদ্রকে অভিশাপ দিয়া কহিতে
লাগিলেন, 'রে প্রর্ভ সমুদ্র! তুই আমার সর্বানাশের
মূল কারণ, ভোর দোবেই আমার এভাচ্শ প্রবস্থা
ঘটিয়াছে। প্রথমে তুই বিশাস-ঘাতক আমুক্লাভা
ক্রিস, পরে প্রভারক স্থিরতা দেখাইয়া আপনার উপর

লোকের বিশাস জন্মাইস, তৎপরেই তাহাকে অর্তলস্পর্শ গভীর স্থানে লইয়া গিয়া তাহার সর্বাস্থ অপহরণ করিস। তোকে আর কেই কি কথন বিশাস করিতে পারে? তথন সমুদ্র সম্বায়-রূপ থারণ করিয়া ছল্ম বেশে সম্ভরণকারী বণিকের নিকট আইল, আর বলিল, তুমি অকারণে আমাকে অভিসম্পাত করিয়া এত তুর্বাক্য কহিতেছ কেন? আমার জলে সাঁতার দেওয়া বা জাহাজ ভাসন কোন মতেই ভয়ানক বা বিপদ-জনক নহে। কিন্তু প্রতি বৎসর বরুণরাজের ভয়ঙ্কর গজ্জন ধরনি আমার অগাধ গভীরভার মধ্যে হয়, এ শদ কথনই আমাকে শান্তি ও কুশলে থাকিতে দেয় না। আমি পবন রাজারও অধীন, তিনি নিদ্রিত হইলেই চলিত বায়ু নির্ভ হয়; তথন তুমি আমাকে, ইক্ছা হয় তো, নিজে পরীক্ষা করিয়া দেখিতে পার, আমি পৃথিবীর ন্যায় শাস্ত ও স্থাহিরমূর্তি হইব।

এই গণ্পে উত্তম উপদেশ শিক্ষা পাওয়া যাইতে পারে বটে, কিন্তু যে ব্যক্তি সাগর জলে জাহাজ চালা- -ইয়া যাইতে চাহে, চলিত বায়ু ও তর্ম ব্যতীত সমুদ্রে ভাহার কোন উপকার হয় না।

क्रमक उ शर्फाङ ज्यथना निर्द्यारभंत कार्याः।

একদা এক কৃষকের উদ্যানে কারু ৩৫ চড়াই প্রভৃতি ছুটস্বভাব পক্ষী জাতি আদিয়া বড়ই উৎপাত করিত। কৃষক তাহাদিগকে ভাডাইবার

জন্য এক গৰ্মত ভাড়া করিয়া আনিল। গৰ্মভটি সুধীর ও সচ্চরিত্র হওয়াতে অতি লোভ বা চোর্যোর কর্ম কিছুই করিত না। যে কার্য্যে নিযুক্ত হইয়াছিল, প্রাণ প্রেণ সে কার্য্য স্মাধা করিবার জন্য অবিশ্রামে দিন রাত্রি পক্ষীদিগকে বাগান হইতে তাড়াইভ। এমন কি. সে আপনি গাছের একটি পাতা ভালিয়া ভক্ষণ করিত নাঙ তথাপি গর্দ্ধত দ্বারা কৃষকের উদ্যা-নের বড় একটা লাভ হইল না, কারণ পক্ষী দেখিলেই গৰ্দ্ধভ অবিলম্বে চারি পায় দেডিয়া তংপ্ৰতি ধাৰমান হইত। ইতন্ততঃ এইরূপ করিয়া যাওয়াতে বাগানের কেয়ারি সকল, এমনি ন্ট হইয়াছিল, চারা গাছ ও শস্য-ক্ষেত্র পদ-দলিভ হইয়া এমনি চূর্ণ হইয়া গিয়া-ছিল, যে, তত্ত্য সর্বস্থানে গর্দাভের পদ্চিহ্ন ব্যতীত आंत किंदूरे हुना रहेन ना। रेजिमसा এक निन কুষক উদ্যানে আসিয়া দেখিল, যে, ভাহার সকল পরিশ্রম বার্থ হইয়াছে। শীত কালে শাস্য কর্ত্তন করিবার জন্য যে আশা করিয়াছিল সে আশারও নিরাশ হইয়াছে: তথন তাহার কোধের আর পরিদীমা রহিল না, দে সত্তর গর্দ্ধভের কর্ণধরিয়া "ভংপুঠে নিদারণ প্রহার করিতে লাগিল। গর্দভের ক্রন্দন ধ্বনি শুনিয়া নিকটবর্তী একজন মনুষ্য ফহিল, বেশ হইয়াছে, যেমন কর্ম তেমন ফল, পশুটা কি নির্বোধ! ৺উহার যে অপ্স জ্ঞান আছে তাহাতেও ওকি বুঝিডে প্রারে ন্ত্রা, যে এমন কর্ম্যের ভার গ্রহণ करा ७९ शक्क (कांन मर्लंड डें हिंछ नरह। किसु येपिछ. আমি গৰ্দভের পঞ্চ লইতে চাহি না, তথাপি এছলে

বলিতে হয়, যে, দণ্ড পণ্ডিয়া কোন মতেই তাহার লজার কর্মানহে; কারণ যথার্থই সে দোষী, পরস্ক তাহার যেরপ দোষ, তদতিরিক্ত দণ্ড তাহাকে দেওয়া হইয়াছে। এস্থলে আর একটি কথাও বক্তব্য, যে কৃষক গর্দভকে আপন জীবিকার উপায় উদ্যান রক্ষার্থে বিশাস করিয়াছিল, সে কৃষকও সম্পূর্ণ দোষী, কারণ সামান্য গাধার জ্ঞান রুদ্ধির উপর নির্ভার করিয়া তাদৃশা গুরুতর কর্মের ভার তৎপ্রতি দেওয়া কি বুদ্ধিমানের কর্মা হইতে পারে।

এক মধুমক্ষিকা ও ছুইটা সামান্য মাছি, ভাগবা বিদেশ ভ্ৰমণ।

জগতের প্রাকৃতিক সে নার্য দেখিবে বলিয়া, একদা
পুইটা সামান্য মাছি বিদেশ গমনে মান্স করিয়াছিল।
তাহারা মধু মক্ষিকাকে সঙ্গে লইয়া যাইতে অন্তরোধ
করিল, বলিল ভাই! আমরা শুক পক্ষির মুখে শুনিয়াছি, ভিন্ন দেশের সমুদ্র-ভট এবং নদী ভীর সকল
নাকি বড় স্কুল্ম ? ভথায় এমনি মুনোহর পরম স্কুল্ম
বস্তু সকল আছে, যে, তাহা দশন করিলেশ্চক্ষের নাকি
পাপ দূর হয় ? স্বদেশে থাকিয়া আমরা অত্যন্ত বিরক্ত
হুইয়াছি, আমাদিগের আজীয় বা বন্ধু কৈই নাই,
বেখানে যাই সেইখান হুইতে ভাজিত হুইয়া থাকি।
আমুম্বা জাতি আমাদের প্রতি নির্মাতা প্রক্ষা করিয়া

এক প্রকার কাচের ঢাকন নির্মাণ করিয়াছে, ঐ ঢাকনে তাহারা সমস্ত সামগ্রী আচ্ছাদিত করিয়া রাখে, এজন্য আমরা তমধ্যে প্রবেশ করিয়া কোন বস্তুই আস্থাদন করিতে পাই না। কৃষকেরা আমাদের প্রতি কিছু দয়া প্রকাশ করে বটে, কিন্তু সেথানেও আমাদের স্থুখ নাই, ছুরু ত মাকড্সারা সর্বাচাই আমাদের পশ্চাৎ ধারমান হয়। গাছে বসিলেই ধরিয়া খাইতে চেন্টা করিয়া থাকে। অতএব স্থেদেশ থাকিয়া আমাদিগের স্থু কি আছে বন, বিদেশে যাওয়াই আমাদের পক্ষে সর্বতোভাবে বিধেয়।

মোনাছি উত্তর করিল, বন্ধুগণ! প্রত্যেক লোকই আপন এক একটি বিশেষ অভিপ্রায় অনুসারে কর্ম করিয়া থাকে, আমি ইচ্ছা করি তোমাদিগের যাত্রা সুখজনক হউক। আমি কিন্তু দেশ ছাড়িয়া কোথাও যাইব না, পরিশ্রেম পূর্বক মধুদান করিয়া আমি বদে-শের উপকার করি, এজন্য সকলেই আমাকে স্লেহ ক্রিয়া থাকে। কি ধনবান রাজা ও রাজমন্ত্রী, কি অপ্প ধন কৃষক, সকলেই আমার প্রশংসা করে। তামি যাবজ্ঞীবন এখানে থাকিয়া প্রাণজ্যাগ করিব। কিন্ত ভোনরা যে দেশে ইচ্ছা সে দেশে যাও, সর্বত্রেই ভোমা-एत अनुरक्षे समान कल कलिर्द। **खोग**ता थांकिरलं কুত্রাপি কোন লোকের উপকার হইবে না; একারণ সন্ত্ৰান্ত হইব, লোকে আনাদিগকে ভাল বাসিবে, এমন আশা করা তামাদের অসম্ভব ও অন্থক, মাকড্সা ব্যতীত তোগাদিগকে সমাদ্র করিয়া আহ্বান আরু, (कर कदिए न।।

যে ব্যক্তি স্থানেশের মঙ্গল জন্য প্রাণপণে পরিপ্রম করে, দেশের লোক সহসা তাহাকে পরিত্যাগ করিতে চায় না, এবং কোথাও গিয়া নিজেও সে সুখী হইতে পারে না। আরো বলি, যে ব্যক্তির আপণ-নাকে কর্মাণ্য ও উপকারক করিবার ক্ষমতা নাই, মান্য গণ্য হইবার নিমিত্ত সে যদি দেশ ছাড়িয়া অপর দেশে যায়, তবে তথায় তাহাকে কোন মতেই অপুপ অপনানিত ও ঘূণিত ইইতে হয় না। কারণ আলস্য সকল অনিটের মূল কারণ, উহা সকলেরই অপ্রিয় হইয়া থাকে।

দান্তিক পিপীলিকা, অথবা লোভেই ক্ষোভ।

একদা কোন পলীগ্রামে একটি পিপীলিকার দৈবক্রমে অসাধারণ আশ্চর্যা শক্তি হইনা ছিল, সে এককালে ছুইটি বড় বড় যবের দানা ভুলিয়া লইয়া যাইতে পারিত। সে যেমন সাহসী দেখিতে তেমনি সুন্দর, সকলেই তাহাকে প্রশংসা করিত। যে কটিও কুমি দেখিবামাত্র আক্রমণ করিত, মাকড়সারাও তাহার সন্মুখে পলাইতে পারিত না, একাকী তাহাদের সহিত্যুদ্ধ করিয়া পরাজয় করিত। এইরপ্প কর্মাকরাতে গ্রামে প্রশিকার এমনি সুখ্যাতি হইল যে তাহার কথা ব্যতীত লোকে আর অন্য কথা কহিত না। অত্যম্ভ

প্রশংসা ভয়ানক বিষ স্বরূপ, ঐ আশ্চর্য জন্ত একবার ভাহা বিবেচনা করিত না, বরং অভিনানে মন্ত হইয়া সে মনে করিত, যে, লোকে যে তাহার প্রশংসা করে সে সত্য বই মিথ্যা করে না।

যাহা হউক, অনবরত এইরূপ লোকের প্রতিষ্ঠাতাজন হইয়া পিণীলিকা স্থির প্রতিজ্ঞা করিল, পল্লীগ্রামে থাকা আমার আর উচিত হইতেছে না, সহরে যাইয়া আমায় বলবীর্যা প্রকাশ করিতে হইবে। শুদ্ধতৃণ-পূর্ণ একথান গাড়ি পথ দিয়া যাইতে ছিল, ঐ শকটে পিপীলিকা সিংহের ন্যায় বসিয়া জাঁক জনকে সহরে উপস্থিত হইল। কিন্তু সেখানে তাহার দর্প চূর্ণ হইল। সে মনে করিয়াছিল, সহর লোকাকীর্ণ স্থান, অগ্নি লাগিলে লোকের যেরূপ ভিড হয়, আমাকে দেখিতে সেইরূপ বছলোকের সমাগম হইবে, আমার বলবীর্ঘ্য ও কর্ম্মনিপুণ্য দর্শনে তাহারা কত প্রশংসা করিবে। কিন্তু তথায় গিয়া দেখিল, যে যাহার কর্মে ব্যস্ত, কেহ তাহার প্রতি দুকুগাতও করিতেছে না। তথন সে আশ্চর্টাবিক হইয়া, আপনাকে আপনি দেখাইতে লাগিল, বল-বীর্যাও প্রকাশ করিতে জ্ঞানী করিল না। একবার সে একটা ভারি বটপত লইয়া একদিকে টানিয়া ফেলে, একবার ভাহা বাঁকায়, একবার তুলিয়া ধরে, তথাপি কেহ তৎপ্রতি দুর্ফিপাত করে না। অনস্তর लांटक प्रतिथएं शाहरत दिलाया, तम, चारमत गांडी পরিত্যাগ পূর্বকে ইঅস্ততঃ বেড়াইতে লাগিল, মধ্যে মধ্যে অনেক ব্যায়ামও করিল, এক ঘটা কাল পরিশ্রম. করিল, তথাপি মুহর্ত্তেক দাঁড়াইয়া কেহ তাহাকে একটি

কথা বলিল না। ইহাতে সে সাতিশয় কুদ্ধ হইয়া তৃণরক্ষক কুয়ুরকে কহিতে লাগিল, ভাই! সহরের লোক
সকল কি নির্বোধ! চক্ষু সত্ত্বেও ইহারা দেখিতে পায়
না, আগে যদি এমন জানিতাম, ভবে এখানে কখন
আসিতাম না। আমি একঘনী কাল লুয়ায়ত নহি,
প্রকাশ্য রাজপথে দিনের বেলা পরিশ্রম করিতেছি,
বিস্তারিত হইতেছি, লুক্ষ দিতেছি, উয়িয়া বসিতেছি,
তথাপি কেহ আমাকে দেখিতে পায় নাই, তাহা কি
সম্ভব হইতে পারে? দেশে সকলেই আমাকে জানে,
সকলেই আমাকে প্রশংসা ও মান্য করিয়া থাকে, দুর
কয়, আয় এখানে থাকা আমার উচিত নয়। এই কথা
বলিয়া রথাতিমানী পিপীলিকা লক্ষিত্ব ও ক্ষুকান্তঃকরণে স্বদেশে প্রত্যাগ্যন করিল।

অহমিকার পরিপূর্ণ আত্মাভিনানী ব্যক্তিরা পিপীলিকার নাায় মনে মনে বিবেচনা করিতে পারে, যে,
লোকে আনার কথা ব্যতীত আর অপর কথা কয় না;
কিন্তু আপন পরিবার জ্ঞাতি কুটুম ভিন্ন অনাতে কেহ
তাহাকে জানে না, যখন তাহার এ জ্ঞান্টি হয়, তখন
সোতিশয় আশ্রুণাবিষ্ট হইয়া থাকে।

-8888-

মেষপালক ও সমুদ্র, অথবা ঘরপোড়া গোরু সিঁহুরে মেঘ দেখে ডব্বুায়।

ত্রকদা সমুদ্রের অনতিদূরবর্তী এক গ্রানে সেট্যা ঘর দ্বার নির্দ্রাণ করিয়া এক কৃষক বাস ক্রিত। যে জায়গায় থাকিত, সে জায়গা ও তদিকটবর্তী ক্ষেত্র সকল তাহার নিজ সম্পতি ছিল, অন্য ধনের মধ্যে এক পাল মেষ ও কতকগুলী গো ভিন্ন তাহার নগদ টাকা ছিল না। ইহা সামান্য বিষয় হইলেও ইহাতে তাহার পরিবার ভরণপোষণের অন্টন হইত না, অতএব সে সস্তোষ, শান্তি ও সুখে কাল্যাপন করিত। ভোগ-বিলাস বড়নামুধী জাঁকজনক কাহাকে বলে কৃষক তাহা জানিত না, অতএব তাহার অন্তঃকরণে কোন প্রকার কোভও ইইত না, রাজাদিধের অপেকাও সে সুখী ছিল।

তুর্জাগ্রেশতঃ এক দিন কৃষকের মনে উদয় হইল,
"বড় বড় জাহাজ সকল ধন এবং বাণিজ্য দ্বো
পরিপূর্বিত হইয়া সমুদ্র পার হওত তটে উপস্থিত হয়;
বন্দরের বড় বড় গুদাম ঘর সকল দিন-কয়েক ঐ সকল
দ্বো পরিপূর্ণ হইলেই, লোকে ক্রমে তাহা বিক্রয়
করিয়া একেবারে মহাধানী হইয়া উঠে। আমি প্রতাহ
সমুদ্রতটে বসিয়া ইহা বোকার মত দেখিতেছি, কিন্তু
নিজে কিছু করিতেছি না, অভএব আমাকেও এইরপ
বাণিজ্য ব্যবসায়ে নিযুক্ত হইতে ছইবে।"

এই স্থির করিয়া। কৃষক প্রাথমে গো মৈষাদি, পরে বাটী ঘর দার ভূমি-সম্পত্তি সকলই বিক্রয় করিল। আর ঐ টাকাতে তদেশজাত নানাবিধ বাণিজ্য-দ্রব্য ক্রয় করিয়া সমুদ্র-যাত্রা করিল। কিন্তু বিধাতার এমনি বিভেষনা, দেঁ অধিক দুরে যায় নাই, সমুদ্রতট তাহার দৃষ্টিপথের অতীত না হইতে হইতেই একটা ভয়ক্কর ঝাড়া উচিল। তাহাতে জাহাজ থান চড়ায় লাগিয়া চূর্ণ

ছইর। গেল। বাণিজ্য দ্রব্য সকলই ন্ট হইল। তখন ধনশোকে সে দাভিশয় কাতর হইল, আর নিশ্চয় জ্ঞান করিল যে সমুদ্র অতি প্রভারক। এখন তো প্রাণ যায়, ছন্তুর তরক্ষে ডুবু ত্রু হইয়া একবার ভাদিয়া উঠিয়া অনেক কট সৃষ্টে তটে আদিয়া প্রাণরক্ষা করিল। পরে কিঞ্ছিং স্বছন্দ হইলে, হায়! সর্ব্যান্ত হইলাম বলিয়া ক্রন্দন করিতে লাগিল। এখন কি করে, নিজ সম্পত্তি কিছুই নাই, আর এক জন নেষপালকের অধানে ভূত্য-কর্মা স্বীকার করিয়া কেবল নেষরক্ষক হইল।

বৈধ্যাবলম্বন প্রথক বিশেষ পরিশ্রেম করিলে কোন কার্য্যে কৃতকার্য্য হওয়া না যায় ? হতভাগ্য কৃষক সপরিবারে সামান্যরূপ ভোজন পানাদি করিয়া কাল যাপন করিতে লাগিল, অভিরিক্ত ব্যয় যাহাতে হয় সে দিকে যাইত না। কিসে আপনার পূর্ব্বং এক পাল মেষ হয় সর্ব্বদাই এই চেন্টা করে, অভীন্ট সিদ্ধির নিমিত্ত সুযোগ পাইলেই কিঞ্চিং কিঞ্চিং ধন স্ক্ষেষ্ট করে। এইরূপ করাতে কিছু স্কৃতি হইলে সে প্রথমে একপাল মেষ ক্রয় করিল, ভাহাতে ভাহার মনও কিছু প্রকুল্ল হইল।

এক দিন সৈ সমুদ্রতটে বসিন্না মেযপাল চরাইতেছে, মেয-শাবকগণ বিচরণ করিতে করিতে তাহার চতু-স্পাশ্যে নৃত্য করিতেছে, প্রবল বায়ুনা হওয়াতে সমুদ্রের জল স্থির-ভাবাপন্ন আছে, জাহাজ সকল নির্কিল্পে বন্দর ছাড়িয়া জলে যাইতেছে। এমন সমর্যে সে সমুদ্রকে সম্বোধন করিয়া বলিল, প্রিয়বদ্ধো সমুদ্র! আমি ভো-যাকে বিশেষরূপ জানি, তোমার স্থিরত ও প্রভারকভা আমার কিছুই অবিদিত নাই। তুমি পুনরায় লোক
মকলের অর্থাপহরণে প্রব্ধত হইয়াছ, করিতে চাও কর,
কিন্তু আমার ঠাই আর কিছুই পাইবে না। প্রতারণা করিতে ইচ্ছা হয় তো অপরকে প্রতারণা কর, কিন্তু
আমি আর তোমার দারা প্রতারিত হইব না। এক
বার তুমি আমার সর্ব্ধব লইয়াছ, লোভ দেখাইয়া
এখন তুমি অনেরি সর্ব্ধনাশ কর, কিন্তু আমি তোমাকে
আর একটি প্রসাও দিব না।

পাঠকগণ! নিশ্চয় যাহা, পাওয়া যায় ভাহাই
মনোনীত কর, আশার উপর নির্ভর করিয়া ভবিষাতের প্রতি দার্চ্য রাখিও না। কারণ, উহাতে অনেক
বার অনেক লোকে প্রভারিত হয়াছে। ভবিষ্যত
আশায় নির্ভর করিয়া প্রভারিত হয় নাই, সহস্র
লোকের মধ্যে এক জন এমন পাওয়া যায় কি না
মন্দেহ। নিশ্চিত লাভের উপর আমার বিশেষ আহা
আছে, ভবিষ্যৎ সুথের আশা আমি ঈশ্বরে অপন
করিয়া থাকি। যাহা আমার সে আমারই আছে,
অন্যের জন্য আমি মনকে তাক্ত বিরক্ত করি না।

পাশবদ্ধ ভল্লুক, অথবা কাম্পনিক নিৰ্দোষিতা।

একদা একটা ছাইপুট ভল্লক ব্যাপের জালে পড়িল।

যত ক্ষণ মৃত্যু দূরবারী থাকে, ততক্ষণ লোকে ভদ্নিয়ালে ভিপ্লাস করে/ কিন্তু নিকটে আসিলে ভাষাকে কেই

দেখিতে চায় না। প্রাণ ত্যাগ করিতে ভল্লকের কোন মতেই ইচ্ছা হইল না, সে প্রাণপণে মুক্তি পাইবার জন্য চেন্টা করিতে লাগিল। সে যুদ্ধ করিতে পরাত্মুখ ছিল না, কিন্তু জালে বদ্ধ থাকিয়া কিরুপে যুদ্ধ করিতে পারে। তাহাতে আবার সম্থ-ভাগ হইতে পশ্চা-দ্যাগ পর্যাস্ত কুঞ্কুর দানি, ভীর বর্ষণ এবং বন্ছুকের শন তাহাকে ভয় দেখাইতেছিল। কি ৰুরে, সে অগতা শিকারীর বশীভূত হঁইয়া, বলে যাহা না পারিল, তাহা ধূর্ততাতে নিষ্পাদন করিতে ইচ্ছা করিল। অভ্এব ভদ্বনকারী ব্যক্তিকে সে এইরূপে সম্বোধন করিয়া বলিতে লাগিল, প্রিয়বদ্ধো! আমি আপনকার কি করিয়াছি? আমার দোষ কি? আপনি আমাকে ধুতকরিয়াছেন কেন? আপেনি কি অমূলক জনরবে বিশাস করেন, যে, আমরা বিশাস্য নহি, ব্যাত্রের ন্যায় হিংস্ৰক জন্তু, ছোট বড় বিচার করি না, যাহাকে পাই তাহাকেই ধরিয়। খাই ? আপনি আমার রক্ত চাহেন কেন? এই বনস্থিত অপর বহু জন্তুর নাশয় আমি কথন মৃত শ্রীর ভোজন বা কাহাকেও রূপভ্রুট করি নাই, এ বিষয়ের সাক্ষি চাহেন ভো অনেককে সাক্ষি দিতে পারি।

শিকারী উত্তর করিল, একথা সঁতা, মুতদিণের প্রতি
তুনি যে প্রদ্ধা ভক্তি কর, তজ্জন্য আদি তোমাকে
প্রশংসা করি বটে, কিন্তু সুযোগ পাইলে জীবিত
লোককে বিনাশ করিতে তুমি, কিছু শাত্র ক্রটী
কুর না। আদি বিশেষ জানি এখানে আসিয়া
কোন ব্যক্তি তোমা কর্ত্ব হত বা আহত না হইয়া

প্রভারত হয় নাই। এই জন্য আমি আজি ভোনাকে পরাজয় করিয়াছি। বরং আমি ইচ্ছা করি তুমি মৃত লোককে খাইবে, তথাপি জীবিত লোকের সুথ বিনাশে প্রবৃত্ত হইবে না।

- 0-

ষ্নোর শীব, অথবা ভোগ বিলাস রহিত সন্তোষ ।

একদা ধান্য-ক্ষেত্ৰ-স্থিত একটি পান্যের শীষ, সঞ্চলিত বায়ু দারা ছলিতে ছলিতে বলিতে লাগিল, দেখিতেছি, অনেক ফুলের গাছই কাঁচপাত্রে আছা-দিত থাকে, যত্ন পূর্বক রোপিত, উঞ্চীকৃত এবং প্রতিশালিত হয়। কিন্তু পোকায় আনায় থাইয়া ফেলিভিছে, সূর্বেগান্তাপে ভাপিত হইতেছি, বড়ে শীতেছঃখ পাইতেছি, আমার কি কঠিন প্রাণ, পোড়া অচুট্টে সুখ নাই, অফুদ নাই, বিপদে রক্ষা করে এমন কোন আত্মীয় লোক নাই।

এইরপ নানাপ্রকার আক্ষেপ করিয়া ঐ ধানোর শীষ কোধ তরে ভূমাধিকারী কৃষককে সংসাধন করিয়া বলিতে লাগিল, জগতে নাায়-পরায়ণ কি এক জন মন্ত্র্যা নাই? আমি এই মনোহর ধান্যক্ষেত্রে পড়িয়া রহিয়াছি, আমার প্রতি তুমি দৃকপাত করনা, অত্যন্ত অঞ্জা কর, তোমার চক্ত অাধাদনে যাকে ভাল লাগে, তারই তুমি বিশেষ যত্ন কর। আমি প্রাণপণু, করিয়া তোমার উপকার করি, কিন্তু তুমি এক দিনের জন্যেও আমার মে উপকার মান না। ধনের তুলনায় আমি কি তোমার সর্বস্থন নহি। মৃত্তিকাতে ভুমি আমায় বপন করিয়াছিলে, সেই অবধি তুমি আমার আর কি যত্ন করিয়াছ? ঝড় এবং শিলার্টি হইতে রক্ষা করিবার জনা তুমি আমার কি করিয়াছিলে? বল, কোনু দিন আনি ভোষার দারা সেবিত ও উষ্ণী-কৃত হইয়াছি? আমার চতুর্দ্দিকস্থ ভূমিতে যে খাসু জিমিয়াছিল তুমি কি তাহা উৎপাটন করিয়াছিলে? জলাভাবে আমার মূল যখন শুক্ষ হইতেছিল, তুমি কি ভাহাতে জল দিয়াছিলে? না, তুনি ভাহার কিছুই কর নাই। আমি অদুটের উপর নির্ভর করিয়াছিলাম, তুমি, যে সকল ফুলে কোন উপকার নাই, যাহাতে ভোমাকে সম্ভূট বা ধনী করিতে পারে না, ভাহার ই জন্য কাতর এবং অতিনাত ব্যস্ত ছিলে, তাহাদিগের রক্ষার জন্য একটা উষ্ণ কাঁচের ঘর নির্মাণ করিয়াছ, এতদ্তির আবো কত কি করিয়াছ তাহা বলিতে পারি না। ঐ क्रां पञ्च । मार्यात्न व्यामाय यनि व्याजिभानन कतिहर, তবে আজি আমার বর্ণ ও মূর্ত্তি অন্যপ্রকার হইত। আনার নিমিত্ত তুমি একটি প্রকাণ্ড উচ্চ গৃহ নির্ম্মাণ কর: আমি পণ ক্রিলাম, যে ধান্য তুমি এখন পাইতেছ, ভদপেকা শতওণ অধিক ধান্য পাইবে ৷ ধনেরও সীমা খাকিবে না, সহরে ধানা বিক্রয় করিয়া, গাড়ি ভরিয়া টাকা আনিতে পারিবে।

এই সকল কথা শুনিয়া কৃষক ভুতর করিলে, আমি তোমার জন্য যে সকল কাজ করিয়াছি, বোধ হয় ভুমি তাহা দেখ নাই। বীজ বপন করিবার পুর্বে আনি এই ক্ষেত্র ছই তিন বার লাঙ্গল দারা কর্মণ করিয়াছি, তাহাতেই তৃণ সকল মরিয়া শুষ্ক হইয়া গিয়াছে, তুমি মৃত্তিকার আদ্রেরেদ দিন দিন পুই হইয়াছ। বর্মার জলে এই ক্ষেত্র যথন পরিপূর্ণ ছিল, তথন সপ্তাহের মধ্যে অস্ততঃ একবার আমি জল কর্দমেলপ্ত হইয়া তোমার গোড়া নিড়াইয়া দিতাম, তাহাত্তই তোমাকে এত সবল ও সতেজ করিয়াছে। তুমি অকর্মাণ্য আশ্রম গুহের জন্য রুখা ছঃখ কর, তোমার পক্ষে উহা কোন কাজের নহে। বায়ু ও বারিতে তোমার বিশেষ পুইি হইয়া থাকে। আমি তাল রূপ জানি অন্য কিছুই তোমার পক্ষে প্রয়োজনীয় নহে। অতএব তোমার প্রার্থনা কোন মতেই আমি প্রাহ্য করিতে পারিলাম না, করিতে গেলে অমাতাবে আমায় সপরিবারে প্রাণে মরিতে হইবে।

শ্রমোপজীবী, কৃষক এবং সিপাহী প্রভৃতি সামান্ত্র্য লোকের। প্রতিবাসীদিগের শ্রম্বর্য দেখিয়া হিংসা চুটি করে, ভাহারা প্রত্যেকেই আপন আপন অচ্টকে নিন্দা করিয়া থাকে, একবারও মনোমধ্যে বিবেচনা করে না যে ভাহাদের অবস্থা ভাহাদের সুথের বিশেষ উপযোগী হয়।

ক্লমক ও সর্প, অথবা বাহ্য পরিবর্তনে মন পরিবর্তন হয় না।

একদ। এক সর্প কোন কৃষকের গৃহে প্রবেশ করিয়া বলিল, প্রতিবাদী বন্ধো! আমার প্রার্থনা এই, আইস আমরা ভবিষাতে কুশল এবং বন্ধুত্ব-ভাবে থাকিয়া সুথে কাল্যাপন করি। আমি ভোমাকে নিশ্চয় জ্ঞাত করিতেছি, আমার অনেক পরিবর্ত হইয়াছে। তুমি আমাকে কদাচ আর ভয় করিও না। বিগত বসন্ত কালে আমি আমার চর্ম্ম পরিবর্ত্তন করিয়াছি। সর্পের এই সকল কথাতে কৃষকের তংপ্রতি বিশাস হইল না, সে সত্ত্বর একগাছি লাঠি আনিয়া তাহাকে বলিতে লাগিল, রে হুর্ম ভ! আমি তোকে বিশেষরশ্ম জানি। ভোর স্থভন চর্ম্ম হইলে কি হইবে, পুর্বে ভোর অন্তঃকরণ বেরূপ কপট ছিল এখনও সেইরূপই আহে, হিংজকের সরল চিত্ত, সহসা কথন হয় না। এই কথা বলিয়া সে লগুড় ছারা কুপট ধূর্ত্ত প্রতিব্রাধীর প্রাণ বধা করিল।

-0-

तन तूला, अथेवा मकल आना मकला इस ना ।

একদা কোন নির্জন স্থানে একটি বন্য লভা প্রক্ষুন্টিত পুষ্পা সমূহ দ্বারা স্থানাভিত ছিল, হঠাৎ মেদ্ব এড় প্রযুক্ত গ্র্দিন হওয়াতে সে ঝুলিয়া পড়িয়া অদ্ধিক হইল। ভূমিতে অবনত হইয়া মৃত প্রায় হইয়াছে, এমন সময়ে সে কাতরম্বরে বসন্ত শতুকে সম্বোধন করিয়া মৃত্বচনে বলিভে লাগিল, হে বুসন্তরাজ! আমাকে দ্যা কর। আপনি যদি মধুর্মন্দ বায়ু সঞ্চান্তন করেন, মনোহর আরক্তবর্ণ সূর্য্য উদয় করাইয়া ভাহার সুসহ জীবনদায়ক কিরণ দ্বারা আমার উপর

দীপ্তি প্রদান করেন, তবেই আমি খাড়া হইরা দাড়াইতে পারি, পুনরায় আমার মৃত দেহে জীবন সঞ্চার হয়।

তৎকালে একটি মধুমক্ষিকা ইতন্ততঃ বিহার করিয়া বেডাইতেছিল, বনলতার এই কথা শুনিয়া দে বলিতে লাগিল, বনলতে! মুখে বলা অতি সহজ বইতো নয়, তুমি কি বোধ কর, তোমার তত্ত্বাবধান ৰাতিরেকে স্থেত্র আর কোন কর্ম নাই। ভোমার রম্ভ বৃদ্ধিত হইতেছে কি না, তুমি পুল্পোৎপাদনে দক্ষম হইতেছ কি না, ভোমার বর্ণ বিবর্ণ হইতেছে কি না, শুদ্ধই কি তিনি এই তাবনা করেন? আমার কথায় বিশাস, কর, তাঁহার সময় মহামূল্য, ভোমার চিম্ভায় কদাচ তিনি কালাতিপাত করেন না। আমার ন্যায় শূন্যমার্গে উড়িয়া যাইতে যদি তোমার ক্ষতা থাকিত, তবে অবশ্যই দেখিতে পাইতে, সুৰ্য্য দ্বারা বিশাল বিচরণ ভূমি সকল হর্ষ প্রাপ্ত হইতেছে, তিনি প্রাগদায়ক কিরণ দ্বারা ক্ষেত্রের শস্য এবং অপর উপকারী উদ্ভিদ্ধ সকলকে সতেজ করিতেছেন। তাঁহার উত্তাপে অত্যুক্ত দেবদারু এবং প্রকাণ্ড বটরক্ষ সকল সকীব ও তেজসী থাকিয়া, জগতস্থ তাধৎ প্রাণীকে সুশীতল ছায়া প্রদান করিতেছে। তিনি পুষ্পারকের क्रियन शुक्राकां व नकन मानां द्रम श्रून्त वार्व श्रूमा-जिल्ल कतिएक जानवारमन वर्षे, किन्न त्रीमर्था नाह, সৌরভ নাই, তুমিতে এমন ফুলের মধ্যে গণ্য, তুমি কি বোধ কর, তিনি তাহাদের যেরপ রক্ষণাবেক্ষণ করেন, তোমারও সেইরূপ করিবেন ? কাল করাল

খজা হন্তে লইয়া যদিও সকলকে বিনাশ করেন, তথাপি থ সুগদ্ধ সুন্দর পুষ্প সকলকে বিনাশের সময় তাঁহার ছংথ উপস্থিত হয়। কিন্তু তুমিতো নিগুণ চুর্ব্বল জীবমাত্র, কিসের জন্য তিনি ভোমার প্রতি দয়া প্রকাশ করিবেন? অতএব কি বসন্তরাজ কি সূর্যা, আত্ম সুখ হেতু কাহারো কাছে বারস্বার প্রার্থনা করিয়া আর বিরক্ত করিও না, তুমিণ ও রথা আশা একেবারে পরিত্যাগ কর। সূর্যা ভোমাকে আরক্তবর্ণ আতা অথবা দীপ্তি প্রদান কদাচ করিবেন না, তুমি নিঃশক্তে প্রাণ্ডাগ কর।

এই কথা হইতে হইতে গগনমণ্ডল পরিক্ষার হইয়া নীলবর্গ হইল, স্থাদেব আরক্তবর্গ হুইয়া উদিত হইলেন, ভাহাতে ভাঁহার হিতকারক রশ্মি পৃথিবীকে আলোকময় করিল। বনলভা তাঁহার দিবা দীপ্তিতে সভেজ হওয়াতে অবিলয়ে ভাহার শুক্ষ রুম্ভ ন জীবন পাইল। মধুমক্ষিকা ভাহাকে যে সকল কথা বলি-য়াছিল, ভাহা সত্য হইল না।

হে অদৃত-প্রসায় মন্ত্রাগণ! সন্ত্রান্ত ও প্রশ্বর্যাবন্ত হইয়া তোমরা পরম সুখে কাল্যাপন করিছে, কর কিন্তু বদানাতাশীল স্থ্রের দৃত্যান্ত, যেন ভোমাদিগের জীবন্যাতা নির্বাহের দৃত্যান্ত হয়। তাঁহার উত্তাপ দানের প্রথা মেন নিরন্তর ভোমাদিগের চক্ষুর সন্মুখে থাকে। শ্ন্যমার্শ হইতে কিরণ দিবার সময়ে তিনি যেরপ প্রকাপ্ত বটরক্ষকে তেজন্বী ও উত্তাপিত করেন, সামান্য দুর্বাদলকেও সেইরপ করিয়া থাকেন। তিনি যে থানে উদিত হন, আনন্দ ও সুখ সর্বাত তাঁহার

সক্ষে যায়। তাঁহাকে দেখিলে চিন্ত যেন প্রসাবিত ও প্রফুল হইয়া উঠে, কিছু বিশেষ করেন না, জীব নাত্রেই অন্তরে তিনি প্রবেশ করিয়া সকলকেই আনন্দ প্রদান করেন। হীরকের নির্মাল জ্যোতি সানান্য সুখজনক বটে, কিন্তু তাঁহার জ্যোতি পৃথিবীর যেরূপ নহাসুখকারক পদার্থ জ্ঞান আরু কোন বস্তু নাই। এই জন্তেই জগতের সকলে তাঁহার প্রশংসা ও পেরব করিয়া থাকে।

--- ssss---

কাক এবং কুকুটা, অথবা অসার আশা।

করাদিরা মক্ষো রাজধানী আক্রমণ করিয়া, যথন তত্রতা লোকদিগকে সশস্কিত করিয়াছিল, তথন স্মোলেনস্থ নগরের রাজকুমার বিপক্ষ পক্ষের কোপ হইতে দেশ রক্ষার জন্য ষড়যন্ত্ররূপ একটি ফাদ পাতি-য়াছিলেন। সধুমক্ষিকার দল মধুচক্র পরিত্যাগ করণ সময়ে যেরূপ ব্যস্তসমস্ত হয়, মস্কোনগর নিবাসীরা ছোট বড় সকলে সংমিলিত ইইয়া সাভিশ্য ব্যস্ত হওত সত্তর বেগে মেইরূপ পলায়ন করিতেছিল। ইত্যবসরে একটি শাস্তমূর্ত্তি কাক উচ্চ একথানি খড়ুয়া ঘরের মটকার উপর বিদিয়া পাখা বিস্তার করিতেছে, এবং এক এক বার চঞ্চু দারা তাহা ঘর্ষণ করিতে করিতে মনে মনে এই অন্থিরতা ও ঘোর কলরবের কারণ ভাবিতেছে। এমত সময়ে পথে চালিত একথান-শকটের উপরিভাগ হইতে একটি কুক্কুটি তাহাকে

উটিছঃ স্বরে বলিল একি বস্কো। সকলে যথন পলায়ন করিভেছে, ভবন তুমি কিরুপে নিশ্চিন্তভাবে স্থিয় इरेग़ा आह, এখন পर्यास कि ज्ञि जीन ना त्य अह मरकात जना अदिन चात-निया नक नकन नगद मरधा প্রবেশ করিয়াছে।

কাক অবিচলিত চিত্তে উত্তর করিল, শক্র আইলে আমার কি হইবে. আমিতো স্থান পরিভ্যাগ করিব না। শত্রুপক্ষ তোমার জাতির পক্ষে ভয়জনক বটে, কিন্তু আমার জাতির পকে কি ? কারণ আমি বিশেষ क्रांनि कांक-गांश्म कि कांबांव. कि त्वांन क्वांन जशान আহার্য্য নহে। আমার বিবেচনা হইতেছে, মূডন আগত লোকদিগের সহিত আমার সেহিচিতাব হইবে, ভাহাদিগের ভোজনাবশিষ্ট উত্তৰ দ্ৰব্য খাইরা व्यामि हक्षु मार्थक कतिय। क्लांगन मार्म थए, मक्ला পূর্ণ অস্থিত পুষাতু পানির প্রকৃতি উপাদের খাদ্য আমি বে কত খাইব তাহা বলিতে পারি না। অভ-এৰ অনুৰ্থক বাক্যব্যয়ে আৰ্ম্যক নাই, ন্নস্কার।... তোমার যাত্রা সুখজনক ছউক। কাকপক্ষী এই সকল কথা বলিয়া স্বস্থানে স্থিরভাবে রাইল, কিন্তু ভবি-যাতে উত্তম পানির তোজন করিয়া সুখী ইওনের যে - আশা ক্রিয়াছিল, সে আশা ভাষার পূর্ণ হইল না। শক্র পকের কুখাতুর সৈন্যদল তাহাকে ধৃত করিয়া ভন্নাংস রন্ধন করিয়া খাইয়া ক্রুধা শান্তি করিল।

আমরা ভবিষ্যৎ সুখের অসার আশারু এই রূপ প্রতারিত হই। সুদশার প্রতি দুষ্টিপাত করিয়া व्योगता यक धारमान इहे. त्रीकिंगा व्यामात्मत कत्रकत-

স্থিত বোধ করিয়া আমরা যত বাগ্র হই, ততই উল্টা উংপত্তি হইতে থাকে। এই রূপ আশাতে কাকের নাায় অনেকবার আমাদিগকে অধ্যপ্তিত হইয়া ভজ্জিত হইতে হয়।

-0-

নেকড়িয়া ও মূষিক, অথবা কড়া বলে হাঁড়ী ভাই তোমার তলা কাল।

একদা ধূদর বর্ণ একটি নেকড়িয়া নেষপালের মধ্য হইতে সত্ত্র এক মেষ ধৃত করিয়া বনে টানিয়া লইয়া পেল, এবং অতি মত্নে নিস্কৃত এক কোণে লইয়া গিয়া ব্যগ্রতা-পূর্মক আহার করিতে লাগিল। ক্ষুধিত ব্যাত্র ঐ হুর্বল জন্তুকে এমনি খণ্ড খণ্ড করিয়া ছিঁড়িতে লাগিল, যে, তাহার ভগ্ন অব্হির কড় মড় শব্দ দূর হইতে শুনা গিয়াছিল। কিন্তু যেরূপ অনেক বার ঘটিয়া থাকে, ঐ হিংজ্ঞ পশু যতই কুধিত হউক না খাইতে পারিল না। এজন্য অবশিষ্ট মাংস সন্ধ্যা-कारल थोटेरड मनन्द्र कतिल। स्मिमार्ग এरक सूथोगा ধাদ্য, ভাহাতে আবার বহু ভোজনে ব্যাঘ্র ক্লান্ত হইয়াছিল, অভএব 'ভূমিতলে শরীর বিস্তারিত করিয়া সে শয়ন করিয়াঁ রহিল। সায়ংকালীয় সুস্বাত্ন আহা-রের সদ্গন্ধ-প্রযুক্ত তাহার অনেক প্রতিবাদী তাহার সহিত সাক্ষাৎ করিতে আইলে, একটি ইন্ফুরও তাহা-দের সঙ্গে গিয়াছিল; কিন্তু কুত্র ইল্ডুর প্রাহের মধ্যে নয়, কেহ কিছু না বলাতে, সে ধূৰ্ততা-পূৰ্বক আতে

আন্তে গুঁড়ি মারিয়া গিয়া মেষ মাংসের অপ্প অংশ আহার করিল। সে সানে কতকগুলি শুদ্ধ তৃণ ও পাতা পড়িয়াছিল, ইন্ছুরটা নিঃশদ্দে অপ্পক্ষণ গুঁড়ি মারিয়া তাহার ভিতরে বসিল, পরে সত্তর আর থানিকটা মাংস মুখে করিয়া দে ড়িয়া এক গাছের কোটরে লুকাইল। কিয়ৎক্ষণ বিলম্বে ব্যাঘ্র দেখিতে পাইল, যে, তাহার উপাদেয় খাদ্যের কিয়দংশ অপহৃত হইয়াছে, তাহাতে তাহার কোধের আর ইয়ভারহিল না, সে যথাসাধ্য উচ্চঃস্বরে এই কথা বলিয়া চীৎকার করিতে লাগিল। "রে দস্যগণ! রে হত্যাকারীগণ, হে পুলিসের লোক সকল!, ধর, ধর, ছরাক্যারা আমার সর্বাহ্ব লুটিয়া লইয়া যায়।"

পাঠকগণ! সহরের জজ দয়াল বাবুর এইরূপ একটি ঘটনা ঘটতে আমি একবার দেখিয়াছি, তিনি বিচার-কের কর্মো উৎকোচ লইয়া যত টাকা সংগ্রহ করিয়া-ছিলেন, তাহার বাটীতে দয়া পড়িয়া সে সমস্ত অপহরণ করিয়া লইয়া যায়। চোর যাইবার সময় জিনি ভিটিচঃখরে চেকীদার! জমাদার! থানাদার! বলিয়া, চোর ধর, চোর ধর, কহিয়া চীৎকার করিয়াছিলেন।

--0-

ক্লয়ক এবং **অশ্ব, অথবা ভবিষ্য**ৎ ফল বিবেচনা করিয়া কার্য্য করা বিধেয়।

একদা এক কৃষক আপন শাস্তেকত্বে অপার্যাপ্তি ছোলা ছুড়াইয়াছিল। এক অম্প বয়স্ক নির্বোধ ঘোটক এক দিন তাহা অবলোকন করিয়া মনে মনে বলিতে লাগিল, কৃষক এন্থানে এত ছোলা কেন ছড়াইয়াছে? আমিতো এমন কর্মের কথা কথন শুনি নাই। মনুষ্য জাতি আমাদের অপেকা জানী বলিয়া প্রসিদ্ধ, কিন্তু সমস্ত ক্ষেত্রে এতাচূশ বহু-পরিমাণে ছোলা ছড়ান কি বুদ্ধিমানের কর্মা হর? এতদপেকা অধিক উপহাসাম্পদ এবং নিবুদ্ধিতার কার্য্য আর কি আছে? ইহা না করিয়া ঐ সকল শায় যদি আমাকে কিয়া আমার আত্মীয় পিল্লবর্ণ ঘোটককে অথবা কুকু টী-দিগকে দেওয়া হইড, তবে কড উপকার দশিত। ঘোটকের যা বিবেচনা ভা বলুক, কিন্তু বসন্তকাল আইলে কৃষক শায় কর্ত্তন করিয়া বত ছোলা ছড়াইয়া-ছিল, ভাহার শত শুণ লাভ করিল।

লোকে ভবিষ্যৎ অভিপ্রায় বুঝিতে না পারিয়া মূর্যতা-প্রযুক্ত ঈশ্বর নিন্দা করে।

বানর এবং চসমা, অথবা নির্কোধেরা প্রয়ো-জনীয় পদার্থের গুণ জানে না।

একদা বাদ্ধি প্রযুক্ত একটি বানরের প্রধান চক্ষ্ হইয়াছিল। এতাদৃশ বিষয়ে চক্ষ্র উপযোগী চসমা ব্যবহার করিলে বিপদ বড় একটা হয় না। ইহা জানিয়া কান্ধ পুজিয়া খুজিয়া তাল ছয়খান চসমা সংগ্রহ করিল, করিয়া, কোন খান মস্তকের উপর দেয়, কোন খান লাক্লে লাগায়, কোন খান চাটে, কোন খানার বা গন্ধ আথ্রাণ করে। এইরপে যত করে, চসনা কোন মতেই ব্যবহারোপযোগী হয় না, তাহার দর্শন-শক্তি যেমন ছিল সেইরপই রহিল। তাহাতে সে কোধান্ধ হইয়া শপথ করত কহিতে লাগিল, চসমার যে সকল গুণ বর্ণিত আছে সে সব নিথ্যা, তাহাতে যে বিশ্বাস করে, ততুল্য নির্মোধ আর নাই। আনি প্রতারিত হইয়াছি, পূর্বে যা দেখিতান তদপেকা এক চুলও বেশি দেখিতে পাই না। এইরপে বানর ক্রুর হইয়া সকোধে এ চসমা সকল কঠিন প্রস্তরোপরি নিক্ষেপ করিল, তাহাতে উহা খণ্ড খণ্ড হইয়া ভগ্ন হইয়া গেল, উহার উজ্জ্বল চকচক্যা ক্ষুদ্র কণা ব্যতিব্রেকে আর কিছুই দুফ ইইল না।

--0-

উৎক্রোশ পক্ষী ও কুব্ধুটী, অথবা অতি সুক্ষা বিবেচক।

অতি সুদ্দর নির্মাল দিনে এক উৎক্রোশ পক্ষী
শূন্য মার্গে উচিয়া, যেখানে মেঘ সকল আছে এমন
উচ্চ স্থানে কিহার করিতেছিল। পরে শো শেন শক্দে
নামিয়া ঐ পক্ষীরাজ এক গোলা ঘরের উপরিভাগে
বঁসিল, কিন্তু সে স্থান তাহার বসিবার যোগ্য স্থান
ছিল না। পূর্ব্বকালে রাজাধিরাজ মহারাজ চক্রবর্তীগণ ভ্রমণ-কালে কোন দিবস নীচ লোকের বাটীতে
ভিনিয়া তাহাকে চরিতার্থ করিতেন, বোধ হয় পক্ষীরাজও
তদ্মুসারে গোলাঘ্রের সন্তুম বর্দ্ধনার্থ,তর্পরি উপ-

বেশন করিয়াছিল। রাজাদিগের মনের থেয়াল. কি জানি শ্রম পরিবজ্জনের আশায় তাঁহার। সামান্য গৃহত্তের আশ্রমে আশ্রয় লইতেন; কিন্তু কি অভিপ্রায়ে উৎক্রোশ অত্যুক্ত দেবদার বুক্ষ বা পাহাড় পর্বতে না বসিয়া সামান্য গোলাখরের মটকার উপর বসিল, তাহা বলিতে পারি না। যাহা হউক, কিয়ৎক্ষণ পরে উ্ৎক্রোশ সে গোলা ছাড়িয়া, অপর এক গোলায় গিয়া বসিল। তদর্শনে এক কুকুটী নিকটস্থ আর একটি কুক্কু টীকে কহিল, ভাই! লোকে উৎকোশকে কিসের জন্য এত প্রশংসা করে, যদি তাহাদের প্রশংসা উজ্জয়ন শক্তির জন্য হয়, তবে আমরাওতো এক গোলা ছইতে অপর গোলায় উড়িয়া যাইতে পারি। আমরা নির্বোধ নহি, অদ্যাবধি আর উৎক্রোশের গৌরব করিব না, আমাদের অপেক্ষা তাহাদিগের অধিক পদ ও চকু নাই, উজ্জয়ন বিষয়ে তাহারা আমাদের সমতুল্য হইয়া থাকে, কারণ কুক্কু তীরা সচরাচর নিম্নে যের্কুপ সঞ্চরণ করিয়া বেড়ায়, তাহারা প্রায় সেইরূপ करत । উৎকোশ कुक्क प्रीत এই অনর্থক বাক্য শুনিয়া বিরক্তিভাব প্রকাশ করত কহিতে লাগিল, তুমি যাহা বলিভেছ তাহার কিয়দংশ সতা বটে, উৎক্রোশদিগের বসতি যদি কথন নিম স্থানে ঘটে, তবে সে অতি অপ্সক্ষণের জন্য, কিন্তু কুক্কু বিরা কথনই মেখের সন্নি-হিত শূনামার্গে উড়িয়া বাইতে পারে না।

পাঠকগণ !" মহঋপণ্ডিত বিদ্বান পুরুষদিগের বিদ্যা ও ক্ষমভার বিষয় বিচার করিতে হইলে, তাঁহাদের « দুর্মল রুভির উপের দৃষ্টিপাত করা কোন মতেই উচিত নহে; তাঁহাদের উচ্চ শক্তি এবং মহাস্তুত্তা করপ সৌন্দর্য্য অসুত্তব করিয়া তদ্বিষয়ে কথোপকখন কর। বিধেয়, যদি তাঁহারা কোন বিষয়ে নীচগামী হন, তবে তাঁহাতে ভোমরা কটাক্ষ দৃষ্টি কদাচ করিও না।

--0--

বোরাল মৎস্য এবং বিড়াল, অথবা আছ-রুজির অতিক্রান্ত কার্য্য করিও না ৷

পুরাকালের একটি প্রবাদ আছে, "চর্মাকার যাবক্ষীবন চর্মাের কর্মা করক "কারণ আত্মরুজি পরিত্যাগ
করিয়া পররুজি আশ্রেয় করিলে অইনপুণ্য প্রযুক্ত
অনেকের কুঘটনা ঘটিয়া থাকে। যেনন চর্মাকারের
পক্ষে উপাদেয় মিন্টার প্রস্তুত করা ছুরুহ, তেমনি
ক্রুতা নির্মাণ মোদকের পক্ষে সুক্চিন হইয়া থাকে।
আত্ম ব্যবসায় পরিত্যাগ করিয়া অপরের ব্যবসায়ে বে
প্রবর্ত্ত হয়, তাহাকে বিরোধী প্রগল্ভ এবং বেক্ষাচারী বলা যাইতে পারে, কারণ তাহাতে করিয়া সে
উৎকৃষ্ট কর্মাকে অপকৃষ্ট বই আর করে না, সুত্রাং
ক্রনসমাজে হাস্যাস্পদ হয়।

একদা কদাকার এক বোয়াল মংস্যের মনে উদয় হইল, যৈ বিড়াল-জাতির ন্যায় আমি ইন্দুর ধরিতে যাইব। বোধ হয় কুপ্রবৃত্তি বশতঃ তাহার মনৈ হিংসা উপস্থিত হইয়াছিল, অথবা নিক্লুত মংস্য আহার করিতে তাহার আর কৃচি হইল না। যাহা হউক, বোয়াল মিষ্টবাক্যে বিড়ালকে ইন্দুর শিকার করিবার জনা অলুরোধ করিয়া কহিল, ভাই ! অলুগ্রহ করিয়া আমার সঙ্গে শিকার করিতে চল, অদ্যকার শিকারে যত মূষিক মারিব তাহা আমাদের ভাণ্ডারে সংগ্রহ করিয়া একটি উত্তম ভোজ প্রস্তুত করা যাইবে। विड़ोन विनन, ७ कथांश कांक नारे, जांगि जांगांक সতর্ক করিয়া দিতেছি, তুমি চলিয়া যাও, জলচর মৎস্য হইয়া কেমন করিয়া এমন ছুক্কছ ব্যাপারে তুমি প্রব্র হইতে চাহ। মনে রাখ, এরপ কর্ম করিতে रिशाल रामि रिक श्री स्थान स्ट्रेस स्ट्रेस्ट स्ट्रेस्ट स्थान विलिखना বিড়াল আমাকে লোভ দেখাইয়া এই কর্মে নিযুক্ত করিয়াছে। শিকারে অপেই লোক কুতকার্য্য হর, বস্ধো! এ ছুরাশা পরিভাগ কর, মূষিক ধরাতে আশ্চর্য কিছুই নাই। বোয়াল উত্তর করিল, মূষিক ধরিতে ননে আমি স্থির সংকল্প করিয়াছি, মাছে আমার আর প্রয়োজন নাই, যথেট আছে, অভএব আর কোন কথা উত্থাপন করিও না, আইস আমরা এই শুভক্ষণে শিকার করিতে যাই। বিডাল সন্মত হইল, তাহারা উভয়ে প্রচ্ছনভাবে শিকার করিতে (शंबर ।

পাঠকগণ! অতঃপর যাহা হইল তাহা মন দিয়া প্রনিধান কর; শুনিলে তোমরা আমোদিত হইয়া যথেই সস্তোষ লাভ করিবে। বিড়াল বলিল আহার না করিয়া আমি শিকার করিতে পারি না, চল প্রথমে ধানের গোলায় শিগ্যা গোটাকতক ইন্দুর মারিয়া খাই, পরে তোমার জন্য যথেই মারিয়া আনিক। প্রানের গোলায় সচরাচর বড় বড় ইন্দুর থাকে,

এক একটা মার্জার অপেকাও আকারে ব্লহ্ হয়। विज्ञान ज्थां स्र सहिसा এक है। हेन्यू तत्क याक मन कति-বার নিমিত্ত যেমন তৎপ্রতি ধারমান হইন, অমনি আর গোটাকতক বড় বড় ইন্ফুর আসিয়া বোয়ালকে আক্রমণ পূর্বক সকলে চিবাইয়া তাহার লাজ্ব কাটিয়া লইল। বোয়াল জলজন্ত, স্থলে যুদ্ধ করিয়া প্রাণ রক্ষা করে এমন সামর্থ্য নাই, কি করে, যাতনাত্তে অস্থির হইয়া মুখ ব্যাদান করিয়া মৃত্বৎ ভৃতলে পড়িয়া রহিল। তথন বিড়াল তাহার এই অবস্থা দর্শনে আর স্থির হইতে পারিল না, সত্ত্র দেডিয়া আসিয়া বত্ন পূর্বক তাহাকে টানিয়া লইয়া গিয়া একটা পুকুরে ফেলিয়া দিল। ফেলিয়া, দিবার সময় এই कथा कहिन, तत निर्द्धांध! यमन कर्मा उपन कन, ইটি তোমার পক্ষে উপদেশ স্বরূপ, অভঃপর পরিণাম-দর্শি হইও, ভোমার জাভি বোয়ালমংস্যে আর ষেন্ কথন ইন্দুর ধরিতে প্রব্রুত্ত না হয় *।

^{*} রুদিরা দেশের একজন নাবিক সেনাপতি, একদল পদাতিক শৈন্য লইরা, মহারাজ নেপোলিরনের বিরুদ্ধে যুদ্ধথাতা করিয়া-ছিলেন, কিন্তু পদাতিক সৈন্য সংক্রান্ত কার্য্য সম্প্রাদন বিষয়ে তিনি সুদক্ষ ছিলেন না, স্থুতরাং বিশেষরূপে প্রাজিত ও আহত হইয়াছিলেন। ক্রীলফ তাঁহাকে স্টাট্টা করিয়া এই গশ্প

উৎক্রোশ পক্ষী ও মধুমক্ষিকা, অথবা গৌরব রহিত শ্রম।

উচ্চ পদস্থ হইয়া যে ব্যক্তি আপন কর্ত্ব্য কর্ম্ম পরিশ্রম পূর্ব্বক সম্পাদন করে, সেই যথার্থ সুখী হয়। জগতের সমস্ত লোক তাঁহার কার্য্যের সাক্ষী হইয়া তাঁহার পদ ও ক্ষমতা রদ্ধির উত্তেজনা করে। কিন্তু যে ব্যক্তি লোক-দেখান কর্ম না করিয়া বিনয়-নম্র-ভাবে আপন কর্ভ্রব্য কর্ম্ম সাধন করে, যে ধন্যবাদ ও মর্যাদালাভ করিতে কিছুমাত আশা করে না, আঅস্থ চিন্তা পরিহার পূর্ব্বক সাধারণের সুখ যাহার ক্লেশ ও যত্নের মুখ্য ত্রত, মানব জাতির হিত সাধন যাহার একমাত্র অভিপ্রেত, সে ব্যক্তি পূর্ব্বাক্ত উচ্চ-পদস্থ লোক অপেক্ষা অধিক সম্ভ্রান্ত ও গোরবাহিত হইয়া থাকে।

একদা এক উৎক্রোশ পক্ষী ক্রমাগত এক মধুমক্ষিকাকে এক পুল্প হইতে অন্য পুল্পে উড়িয়া বাইডে দেখিয়া বলিতে লাগিল, "প্রিয় বন্ধো! তোমাকে দেখিয়া আমার বড় ছঃখ হইতেছে, তুমি সারাদিন পরিশ্রম ও ক্রেশ করিয়া দিনাতিপাত কর, কিন্তু তাহাতে করিয়া তোমার লাভ হয় কি? স্থা নাই, সক্ষদ নাই, কেমন করিয়া সমস্ত জীবন কালটা কেবল পরিশ্রম ক্রিয়া কাটাইতেছ, আমি তাহা বুঝিতে গারিতেছি না। তোমরা সহত্র সহত্র মক্ষিকা সংমিনিত হইয়া বিশেব পরিশ্রম পূর্মক মধুচক্র নির্মাণ কর, কিন্তু তোমাদিগের সে পরিশ্রম কে দেখিয়া থাকে?

ততাদৃশ পরিশ্রমের পর পরিণানে ভাল হইতে, এমন যে কোন বিশেষ অভিপ্রেড ভোমাদের আছে, ভাতো किছूरे प्रथिए शारे ना, प्रथियांत मुक्षा करन অজ্ঞাত অপরিচিত এবং অপ্রশংসিত রূপে প্রাণত্যাগ কর. এইমাত্র দেখিয়া থাকি। দেখ তোমাতে আমাতে কত প্রভেদ। যথন আমরা আমাদের কৃতি বৃহ্ৎ ছায়াপ্রদ পাথা বিস্তারিত করিয়া অত্যুক্ত শূন্যমার্কে উড্ডীয়দান হই, তখন কোন পক্ষী সাহস করিয়া পৃথিবী হইতে উঠে না। মেষ পালকের। মেষ শাল लहेशा मह्दल घूमाहेट शांत ना, क्रुडशांमी हतिन কদাটিৎ ভূমি স্পর্শ করিতে সাহস করে, বনের উপরি-ভাগে আমীর ছায়া দেখিলেই ভাহারা, বিচরণ ভূমি হইতে দূরে পলাইয়া যায়। এই কথা শুনিয়া মধুমক্ষিকা উত্তর করিল, আপনি যে প্রভূত সম্ভূম এবং প্রশংসার যোগ্য পাত্ৰ, ভাহাতে কোন সন্দেহ নাই বটে, কিন্তু আমি জানি সাধারণের মন্ত্রল জন্য আমরা জন্ম গ্রহণ করিয়াছি, আমাদিণের পরিপ্রেমর আমরা প্রশংসা লাভ করিতে চাহি না, দে কর্ম সুসিদ্ধ করিতে পারিলে आंगारिकत जम मार्थक इस । यथन आंगता आंगारिकत মধুক্রমের প্রতি দৃষ্টিপাত করি, তথ্ন মনে মনে আমা-দের এই মাত্র সুখ হয়, যে এই মধুর কিয়েদংশ আমরা শস্তোগ করিতে পাইব, অপরাংশ সাধারণের মন্দলার্থ वावश्व श्रेरव।

শিকারে নিযুক্ত ধরগোশ, অথবা প্রগলভতার পুরক্ষার।

একদা অনেক জন্তু সমবেত হইয়া শিকারে এক ভল্লক পরাজয় করিয়াছিল। সুবিস্তীর্ণ নয়দানে ভাহারা ঐ ভল্লককে ফেলিয়া যে যাহার অংশ ভাগ করিয়া লইতে চাঁহিল। ইত্যবদরে একটা খরগোশ গুড়ি মারিয়া আ'সিয়া শিকার-লক্ষ পশুটার কাণ কাটিয়া লইবার উপক্রম করিলে, অপর জন্তুগণ তাহাকে বলিল, "তুমি (कमन क्रिया अथारन आमित्व १ आमिनिश्व मर्था কেহ কখন ভোমাকে শিকার করিতে দেখে নাই।" খরগোশ উত্তর করিল, বন্ধুগণ! ভল্লককে প্রতারিত কে করিয়াছিল ? আানি ভিন্ন উহাকে ভয় দেখাইয়া কে বনের বাহির করিতে পারিত? খরগোশ যে রুণা দস্ত প্রকাশ করিতেছে, ভাহা সকলেরই স্পন্টামুভব হইতে লাগিল বটে, কিন্তু তাহার বাক্য কেশিল এবং রসিকভাতে সকলে এমনি আ'মোদিত হইল, যে ভাগের সময় ভল্লক-কর্ণের কিয়দংশ তাহাকে না দিয়া থাকিতে পারিল না।

অহকারী প্রগল্ভী লোকের। নিয়ত জন্মনাজে হাস্যাস্পদ হয় বটে কিন্তু লক্ক দ্রব্য ভাগের সময় ছতেও সে ব্যক্তির নাম ধর্তব্য হইয়া থাকে।

নেকড়িয়া ব্যান্ত এবং কোকিল, অথবা হৃষ্ট লোক সর্ববেই অস্থী।

এক দিন একটা নেকড়িয়া ব্যাত্ত বনবাসী কোকিল शक्षीतक कहिन, श्राञ्जिशी वास्ता! नमकात कति, আনি এখান হইতে চলিলাম, এখানে খাকিয়া আমি বিরক্ত হইয়াছি, সছন্দে থাকিতে চেষ্টা করি বটে, কিন্তু সে চেফা আমার রখা চেফা হয়। কি মতুষ্য কি কুষ্কুর জাতি উভয়েই আমার প্রতি সমান ব্যবহার করে, অভএব এখানে থাকিলে সুথ আমার কদাচ इरेट न।। अञ्चान अमिन कूट्यान, वर्गपृष्ठ इरेटन अ ভাহাকে ছঃখ ভোগ করিতে হয়, মনের সুখে সে এক দিন সক্তদ হইয়া বাহিরে যাইতে পারে না। কোকিল জিজ্ঞাসা করিল, তবে তুমি কোথা যাইতে মানস করিয়াছ? নেকড়িয়া উত্তর করিল আরকেডিয়া দেশের মনোহর অরণ্যে যাইতেছি। শুনিয়াছি ভত্ৰত্য প্ৰতিবাদী লোক সকল বড়ই উত্তম, ক্ষেত্ৰ সকল উর্বরা, এখানকার নদী ত্রোতের ন্যায় তথায় ছম্ব ও মধুর প্রোভ বহে। সেখানকার নমুষ্যের। মেষ শাবক সদৃশ নির্দোষ, এমনি ছর্বল যে, যুদ্ধ হাঙ্গামের কাছ-निया योग्र ना। এक कथांग्र दिन, शूर्वकोटन य मछा-যুগের কথা শুনিয়াছ, সেই সভ্য যুগের প্রাত্মভাব ভথায় দেখিতে পাওয়া যায়; জীব মাত্রেই পরস্পর ভাতা ভণিনী এবং পরশালীয় ককুর নাায় ব্যবহার .করিয়া কাল্যাপন করে; এমন কি, হিংঅসভার कुकूद्रद्रशं परमन ७ ही कांत्र कदिएक जारन ना ।

বনপ্রিয় বন্ধু কোকিল! সভ্য করিয়া বল, যেরূপ বর্ণনা করিলাম, এমন স্থান কি মনোহর স্থান নহে? স্বপ্লেও তুমি কি সেই কুশলী এবং শাস্ত স্বভাব লোক-দিগের সহিত একবার সাক্ষাৎ করিতে চাও না। এক্ষণে विनाय हरे, जूमि जागातक मत्त बाथिए! जानीस्नान कत, य অভিপ্রায়ে বাইতেছি, সেই কুশল আহলাদ ও যথেষ্ট ভক্ষ্য দ্রব্য যেন সুখে সম্ভোগ করি, এখানকার ন্যায় অনিবার্য্য ছংখ বৈরক্তিতে যেন আমাকে পতিত रहेट ना हस। विलिख वकः इत विमीर्ग हहेस साम्र. দিনে সভত আপনি আপনাকে রক্ষা করিতে হয়, সচ্ছন্দ কিছু সাত্র নাই, রাতিভেও বিশ্বাস করিয়া সুখে নিজা যাইতে পারি না, এমন স্থলে কাহাকেও কি বাস করিতে আছে? কোকিল বলিল, প্রিয় প্রতিবাদিন্! তোমার যাতা শুভ-প্রদ হউক! কিন্তু **জামি নিবেদন করি, "তুমি ভো**মার কুরীভি কুব্যব÷ হার কুচরিত্র এবং তীক্ষ্ণ দস্ত গুলি যাইবার সময় এখানে রাশিয়া যাইও।" নেকড়িয়া বলিল, ভুমি আমাকে ঠাটা করিতেছ, তোমার অনর্থক বাক্য ছাড়িয়া দেও। কোৰিল কহিল, ঠাড়া নয়, সেখানে যথন ভোমার শরীরের চর্ম্ম উঠিয়া যাইবে, তথন তুমি আমার এই कथा श्रील गरम गरम विद्युष्ता कृति।

যে ব্যক্তি নিজে মন্দ হয়, সে সকলকেই মন্দ দেখিয়া থাকে, এই সুবিস্তীর্ণ জগতের কোন স্থানে ভাল লোক ভাহার ছাটি গোচন হয় না। সে যথাতথা যাউক না কেন, কোন স্থানে সম্ভূট এবং সুখী হইয়া বাস করিছে. পারে না।

জন্মনা বাবু, অথবা ফাঁকি দিয়া ধনাত্য ক্লপণের দানশীল নাম লাভ।

একদা এক মহানগরে অন্দা বাবু নামে এক বুজ ধনবান কুপণ লোক বাস করিতেন ৷ কুপণতার জন্য তাঁহার প্রতিবাসীগণ তাহাকে নিন্দা করিয়া কহিছ, ও নরাধ্যের অতুল অম্বর্যা থাকিলে কি হইবে, কুথার্ড मतिज ब्लोक अमोक्रोदि मतिया योग उर्थाणि के शायान-চিত্ত পাৰও ভাহাদিগকে একটি প্যুসা দিয়া সাহায্য করে না। এই অপ্যশের প্রতি-বিধান হেতু অমদা বাবু অন দান করিতে ইচ্ছা প্রকাশ ক্রিয়া ঘোষণা করিয়া দিলেন যে, প্রতি শনিবার আমার বার্টীতে যত कुथार्ड महिल तांक आंतरित, आंति मकलत्क शर्याश्व রূপ অন্ন দান করিব। ভদনুসারে ভিন্ন ভিন্ন গ্রাম হইতে নির্ধন কুধার্ত লোকেরা তাঁহার বাদীতে আসিতে আরম্ভ করিল, পথিকেরা তাঁহার উদ্ঘাটিত দ্বার এবং তথায় ভিক্লকের জনতা দেখিয়া, বলিতে লাগিল, "হতভাগ্য ব্যক্তি! এই দাতব্যতা দারাই ইহার ধন নিঃশেষ হইবে ।" এরপ ভয়ের আবশ্যকতা নাই, জনাতা অনদা বাবু ধন রক্ষার রিশেষ কোশব জানিতেন, শনিবার হইলেই তিনি বাটীর রক্ষক ভয়া-নক বড় বড় গোটাকতক কুক্কুর ছাড়িয়া দিতেন। অর প্রার্থী দরিতে লোকেরা যদিও কট কঞ্চে তাঁহার - বারীতে প্রবেশ করিত, তথাপি সেখানে অনের কণা একটি দেখিতে পাইত না ; কুকু বের করাল দক্ত হইডে প্রাণ বাঁচাইয়া অন্থি চর্মা লইয়া বাহিরে আসা তাহাদের পক্ষে ছংসাধ্য সাধন হইত। যাহা হউক কুষ্কুর ছারা তাঁহার দানশীলতার বাধা হইল বটে, কিন্তু প্রকাশ্য সংবাদ পত্রের ঘোষণা ছারা অমদা বারু মহান অমদাতা এবং সাধুবলিয়া সর্ব্বভয়াত হইলেন। অমদেওয়া হউক বা না হউক, ফাঁকি দিয়া তো নাম কেনা হুইল।

ধনাত্য লোকের। সাধারণ মান্ধলিক বিষয়ে ধন দান করিতে স্বীকার করেন, কিন্তু একটি কপর্দ্দকণ্ড দেন না; তাঁহাদিগের পালিত কুক্কুরগণ, স্বাক্ষরিভ চাঁদার পুস্তক হাতে লইয়া সরকারদিগকে ভাঁহার নিকটে বাইতে দেয় না।

রাজবাদীতে শৃকর প্রবেশ, অথবা অশুদ্ধ সংশোধন।

একদা একটা শুকর দৈবক্রমে কোন রাজপ্রাসাদের উঠানে প্রবেশ করিল। করিয়া, তত্রতা অশ্বশালা এবং রহ্মনশালা প্র্যুটন করিতে লাগিল। যেখানে গোবরের গাদা দেখে, যেখানে ময়লা ও জঞ্জাল-রাশি ভাহার নেত্রগোচর হয়, সেই খানেই সে আপন সুন্দর মূর্ত্তি প্রকাশ করিয়া গড়াগড়ি দেয়। কয়েক ঘন্টা এইর্নপৈ কর্ণানম্ভর সে একটা পুকুরে পড়িয়া গাত্র ধেতি করিল, পরে যে শূকর সেই শূকরের অব-হায় স্বস্থানে ফিরিয়া গেল। ভাহার প্রভু ভাহাকে দেখিয়া বলিতে লাগিল, শুকর! লোকে বলে, রাজবারী মহামূল্য প্রস্তর এবং হীরকাদি দ্বারা এননি থচিত, যে, তাহার প্রভা চক্ষুতে পড়িলে চক্ষে ঝাপসা লাগেও; একথা সত্য কি না? তুমি তথায় গিয়া কি দেখিয়া আইলে? শুকর উত্তর করিল, ও সকলই অন্থিক কথা নাত্র। আমি সেরপ কোন বস্তু দেখি নাই। আমি সমস্ত দিন রাজবারীর চতুস্পার্থে জমণ করিয়া বেড়াইয়াছি, দেখিবার মধ্যে, পা হইতে আমার কাণ যত উচ্চ, এমন উচ্চ জ্ঞান রাশি ও গোবর গাদা আমি চক্ষে দেখিয়াছিলাম।"

পুস্তক প্রকাশিত হইলে তদ্গুণের অনুসন্ধান না করিয়া কেবল দোষেরই অনুসন্ধান করেন, এমন জনেক পণ্ডিত আছেন; শূকরের দৃষ্টাস্ত, তাঁহাদিগের প্রতি যথাযোগ্য প্রয়োগ হইতে পারে; কারণ এই জন্তরা অস্পর্শা ময়লা ব্যতীত অপর উত্তম দ্বারে তত্ত্ব করেন।

তরবারি, অথবা আবদ্ধ মহুষ্যের অস্থানে বাস।

একদ। ইস্পাত নির্দ্মিত তীক্ষ্ণার বিশিষ্ট একখানি তরবারি বাজারে পুরাতন লোহার সঙ্গে এক দোকানদারের দোকানে পড়িয়াছিল। এক জন পথিক কৃষক
ভাহা দেখিতে পাইয়া কয়েকটি পক্ষ্মদা মূল্য দিয়া ঐ
. অস্ত্রখানি কিনিল, উল্লাসে সে যেন স্বপ্ন দেখিতে
লাগিল যে, বীর পুরুষের ন্যায় ঐ তরবারিখানি সত্বর

বাবহার করা আবশাক হইয়াছে। অভএব কাল বিলয় করিল না, কামারের বাড়ী লইয়া গিয়া সে তাহাতে এकটि यथारयांगा वाँ हि मिया आनिल, आनिया, कथन দে ঐ অস্ত্র হার। কাঠ কাটিয়া কাঠ পাছকা নির্দাণ করে, কখন রন্ধনশালার ব্যবহারার্থ সে তাহাতে সুদ-রির চেলা চিরে, কথন কঞ্চিও গাছের ছোট ছোট ড়াল কাটিয়া বাগানের বেড়া বন্ধন করে। এক বৎ-সর কাল এইরূপ অনুপযুক্ত ব্যবহার করাতে সুতীক্ষ অসি থানির ধার পডিয়া গেল, তথন তাহা পলীগ্রাম-বাসী বালকদিগের ক্রীড়া দ্রব্য ব্যতিরেকে আর কিছুই হইল না। একদিন ঐ তরবারি খানি বেড়ার নীচে পড়িয়া রহিয়াছে, এমত সময়ে একটা শূকর তথায় উপস্থিত হইয়া তাহাকে দেখিয়া উচ্চস্বরে বলিল, রে তরবারি। ধিক ধিক কি ছিলি কি হইয়াছিম। এরপ অধঃপতিত ও অপদত্ত হইতে তোর কি লজা হইল না ? কোথায় যোদ্ধাদিগের হস্তে থাকিয়া আত্ম গোরব প্রকাশ করিবি, না, বালকদিগের খেলানা ভোকে হইতে হইয়াছে। তরবারি উত্তর করিল, সত্য বটে, যুদ্ধ-বিশারদ লোকের হত্তে আমি ভয়ানক অন্ত্র হই, কিন্তু আমি স্ইচ্ছায় এখানে আসি নাই, আমার প্রভূ আমার গুণ না জানিয়া আমাকে এইরপ ছরকছা গ্রস্ত করিয়াছেন: অতএব আশার পক্ষে ক্ষতি বটে, তা সন্দেহ नारे, किस पिन लिक्कि टरेट रहा, उत् उँ रिविश लिका পাওয়া উচিত।

ক্লষকের বন্ধুগণ, অথবা নিষ্পু্যোজনীয় সান্তুনাকারী।

একদিন খোর অন্ধকার অমাবস্যার রাত্রিতে এক জন চোর এক কৃষকের বাটীতে গোপনে প্রবেশ করিল। প্রবেশ করিয়া ঘরের প্রাচীর এবং ছাদের অধোভাগে তর তর করিয়া অতুসন্ধান করিতে লাগিল। টাকার ঝুলি কোথায় ঝুলিতেছিল খুজিয়া পাইল না। অনন্তর চোর গৃহ মধ্যে যে কোন সামগ্রী পাইল, তাহাতেই হস্তক্ষেপ করিল, তদ্ধারা ধনবান কুষকের নিদ্রাভদ হইলে, সে শ্ব্যার নীচে যে টাকার থলিয়াটি ছিল তাহাই লইয়া বেগে বার্টীর বাহিরে আইল। ''ভাইরে কে কোথায় আছে, দেডিয়া আইস, আমার বার্টীতে চোর পড়িয়া আমার মর্বস্থ লইয়া যায়" এই কথা বলিয়া সে অনেক চীৎকার করিল বটে, কিন্তু রাত্রিকাল বলিয়া কেহ তৎকথায় কর্ণপাত করিল না. তথন সে কি করে, দেড়িইয়া প্রতিবাদীদের বার্টা পর্যান্ত বাইয়া চেঁচাইতে লাগিল, তাহাতে ভাহার। গাতোখান করিলে, কুষক, "এই ছঃসময়ে আমাকে সাহায্য কর" এই কথা বলিয়া ভাহাদের সাহায্য প্রার্থনা করিল। সাহায্যের কথা শুনিয়া তাহার। প্রভেচকেই আত্ম বুদ্ধি অসুসারে তাহাকে পরামর্শ দিতে লাগিল। এক জন কহিল, ধনের অহকার সকল-কার কাছে করা ভোমার উচিত ছিল না : আর একজন -কহিল, শয়নাগারের নিকটে ভোমার ভাণ্ডার ঘর প্রস্তুত্ত করা কর্ত্তব্য কর্ম ছিল। তৃতীয় ব্যক্তি বলিল তোমা- দের সকলের ভুল হইয়াছে, বাটীর নথো ছই তিনটা ভয়ানক প্রহরী কুয়ুর উহার পোষা উচিত ছিল, আমার অপেদিন ছইটি কুয়ুর শাবক হইয়াছে, তুমি যদি লইয়া গিয়া ভাহাদিগকে প্রতিপালন কর, তবে আমি জলে ডুবাইয়া নারিব না। এইয়পে কৃষকের আত্মীয় কুটুয়গণ কৃষককে যথেই সং পরামর্শ দিল বটে, কিন্তু টোর ভাডাইবার কোন উদ্যোগ না করাতে, সে কৃষকের ঘটি বাটি লইয়া পলায়ন করিল। পৃথিবীর গতিই এই, ছ্রদুই ঘটলে যথেই পরামর্শ দেয় এমন অনেক আনেক লোক আছে। কিন্তু ভাহাদিগের সাহায়্য প্রার্থনা করিলে ভাহারা একবারে বধির হইয়া পড়ে, জিহুবাতে ভাহারা যে অনুরাগ প্রকাশ করে, কার্যে ভাহার শভাংশের একাংশও করে না।

--0-

গৃহ নির্মাতা শৃগাল, অথবা অপকৃষ্ট কর্মকর্তা নিয়োগ করণের ফল।

একদা এক সিংহ একপাল কুক্কুট পুষিয়ণছিল? রাত্রি-কালে চোরের। তাহার প্রাচীর বহিয়া আসিয়া এ গৃহ-পালিত পক্ষীদিগের মধ্যে অনেককেই চুরি করিয়া লইয়া যাইও। সিংহ ইহাতে সাতিশয় ছংখিত হইয়া, চোর প্রবেশ করিতে না পারে এমন একটি অত্যুক্ত কুক্কুট-গৃহ নির্মাণ করিতে চাহিল। নির্মাণ বিষয়ে, অপর পশুগানের মত জিজ্ঞাসা করাতে, সকলেই বলিল গ্ৰহ নিৰ্মাণে শুগাল অতি দক্ষব্যক্তি, অতথ্ৰ তাহাকেই একর্ম্মের ভার দেওয়া উচিত। তদন্তসারে শৃগাল নিযুক্ত হইয়া দিন রাত্রি পরিশ্রম করত কুকুটদিগের সকল श्रुविधा-जनक अमन अकृषि वाकी निर्माण कतिन, त्य. তাহার নির্মাণ কেশিল দর্শনে সকলেই তাহাকে প্রশংসা করিতে লাগিল। বার্টার উচ্চ প্রাচীর এবং সুদৃঢ় দ্বার হওয়াতে সিংহ শুগালকে ধন্যবাদ করিয়া অনেক পারিভোষিক দিল বটে, কিন্তু তথাপি প্রতি-দিন ছই একটি কুঞ্ট বিলুপ্ত হইতেলাগিল। কিরুপে এরূপ ঘটনা হয়, সিংহ ভাবিয়া কিছু স্থির করিতে পারিল না, এজন্য থানায় যাইয়া দারোগার নিকট সমুদায় ব্লুভান্ত জানাইল; তাহাতে দারোগা বিশেষ-রূপে প্রহরী নিযুক্ত করিলে, গৃহ-নির্ম্মাতা শৃগাল ८७ गिर्मा प्रवादित अववाधी इहेश ध्रता अजिल। ध्रे ধুর্ত্ত জল্ভ গৃহ-নির্মাণ সময়ে এমনি করিয়া ভাহার ভিত্তি বানাইয়াছিল, যে, অপর কেহ ভাহাতে প্রবেশ করিয়া চুবি করিতে পারিত না, কিন্তু বাটীব এক দেশে সে একটি অদুশ্য ছিক্ত রাখিয়া ছিল, তাহা দিয়া দে নিজে তমধ্যে যাওয়া আসা করিতে পারিত।

ক্ষুর, অথবা স্থনিপুণ কর্মকর্ত্তাদিগোর উর্মার্ডি।

পাঠকগণ! আমি এক দিন ক্লিদেশে আমার এক বন্ধুর বাটীতে গিয়াছিলাম, ভোজনাস্তে তাঁহার সহিত এক গৃহে শয়ন করিয়া আছি। প্রাতঃকালে উঠিয়া

দেখিলাম, আমার বন্ধু দাতিশয় আকুলিভ চিত্তে হাহাকার ও কাতরধ্বনি করিতেছেন। রাত্রিকালে আমি তাঁহাকে সহর্ষচিত ও প্রফুল বদন দেখিয়া ছিলাম, প্রাতঃকালে হঠাৎ তাঁহার এই অবস্থা দুর্শনে সাভিশয় বিস্মিত হইয়া জিজ্ঞাসা করিলাম, কি হইয়াছে মহাশয়! आशनि शीष्डि श्हेशारहन ना कि? जिनि विनितनन, না, আমি নাপিড ডাকি না, কোর কর্ম নিজে নিস্পা-দন করিতেছি, এ কথা শুনিয়া আমি আরো আশ্চর্যা-বিষ্ট হইয়া জিজাসা করিলাম, শুদ্ধ উহা না আর किছू आहि? डिनि दनितन, ना, आंत किছू नय। তথাপি আমার সন্দেহ দুর না হওয়াতে, আমি একচুটো তাঁহার প্রতি দৃষ্টিপাত করিয়া রহিলাম। দেখিলাম, তিনি দাজ্যুক্ত একথানি বড় আশীর সমূথে দাঁড়াইয়া আছেন, অজতা অঞ্বোরি তাঁহার চকু হইতে বিনির্গত হইতেছে। এক এক বার আঃ! উঃ করিয়া এমনি মুখলন্দি করিভেছেন, যেন জীবি-ভাবস্থায় কেহ তাঁহার শরীর হইতে চর্ম উঠাইয়া লইভেছে। তাহাতে আমি আর ধৈর্যাবলয়ন कतिए ना शांतिया उँ। हारक वाननाम, अहि! ययका পাইতেছ, তুমি নিজেই ভাহার মূল কারণ। ভোমার ও খানি ক্ষুর নহে, ভোঁতা ছুরি বলিলেই হয়, উহাতে যে চর্ম্ম ছিঁড়িয়া গিয়া রক্তপাত হইবে, সে বড় আশ্চর্য্য নহে। বন্ধু উত্তর করিলেন, "আপনি যা বলিভেছেন मजा बर्टि, किन्तु अपि ভোঁতা क्रूतरे मञ्ज वावशंद्र कर्ति, তীক্ষ কুর যে বাবহার করি না তাহার কারণ এই, कतिरल नर्बानारे जागात माछि काण्या यात्र।

অনেক ধনাতা লোকের সহিত আনার আলাপ পরি-চয় আছে, কার্যা সম্পাদন এবং সংপ্রামর্শ দিবার নিমিত্ত ভাহার। মূর্থ লোককে দেওয়ান নিযুক্ত করেন, সুপন্তিত বুদ্ধিনান ব্যক্তিকে সে কর্ম প্রদান করেন না।

বিড়াল এবং পাচক ত্রাহ্মণ, অথবা কার্যের প্রয়োজন কথার নছে।

একদা এক পাচক ব্রাহ্মণ কোন বন্ধর আদ্য আজে-शनत्क निमञ्जदन रशदलन, याहियांत नमग्र तकन-मानात বিশ্বস্ত বিভালকৈ কহিলেন, তুমি সাবধানে চৌকি नित्त, थानात वड़ डोडा गाइট यन देन्प्रत ना থায়। কিন্তু নিমন্ত্রণ রাখিয়া গুহে প্রত্যাগভ হইলে, তিনি রামাঘরের অবস্থা দেখিয়া আশ্চর্যা হইলেন। मिथितन. এक द्रांत डेक महामात थानिक है। माथा এবং অপর স্থানে থানিকটা লেজ পড়িয়া রহিয়াছে; বিডালটা সচ্ছন্দে মংস্যের অপরাংশ এক কোণে বসিয়া ভক্ষণ করিভেছে। তদ্দর্শনে ব্রাহ্মণের ক্রোধের আর ইয়তা রহিল না, বাকণ্টুতা প্রকাশ করিয়া তিনি বিড়ালকে এইরূপ মিট ভং সন্ধ করিতে লাগি-লেন, "রে তুরু ত ! তুই কেমন করিয়া এরূপ ঘূণার্চ কর্ম করিলি, এরপ কর্ম করিতে তোর কি লক্ষা হইল না, আমাকে ফাঁকি দিতে চাহিলে ফি হইবে, গুহের ভিত্তি পকল তোর ছন্ধর্মের যে সাক্ষ্য দিতেছে, ইহা কি তোর मत्ना-मर्था এकदांत छम्य इरेन ना। विकान कांक्रिय

মণ্যে তুই শাস্তমূর্ত্তি এবং ধীর স্বভাবের একটি উপদা স্বরূপ ছিলি, এখন তোকে প্রতিবাদীগণ চৌরাপবাদ দিবে, তাহারা বহুতুক নেকড়িয়া ব্যাপ্তকে যেরূপ দূর করিয়া তাড়াইয়া দেয়, তোকেও দেখিলে সেইরূপ দূর করিয়া তাড়াইবে। বিড়াল সদ্বন্ধা বাক্ষণের বক্তৃতা সকলভালরূপে শ্রবণ করিল বটে, কিন্তু তাহাতে ক্রিয়া সে বড় একটা উইকপিত ইইল না, বরং তিনি যখন বাক্য-নৈপুণ্য প্রকাশ করিতে ছিলেন, সে তখন আগ্রহাতিশয় সহকারে ভোজন করিয়া, বড়ভাজা নাছ-টিকে নিংশেষত করিল।

অপবাদকদিগের বাক্য সপ্রিষ অপেক্ষাও দূষণীয়।

ভূতেও কখন কখন ন্যায়পরায়ণ হয়। নিম্নলিখিত দুটান্তে তাহা সুপ্রকাশিত হইবে। একদা নরককুও বাদী এক দর্পের সহিত একজন পর-নিন্তুকের বিবাদ উপস্থিত হইল, মানবজাতির অনিই সাধন বিষয়ে প্রাধান্য কাহার হয়? অপবাদক প্রথমে আপনার জিহ্বা দেখাইয়া নিজ প্রাধান্য সপ্রমাণ করিতে চাহিলে, সর্প তাহার বিষদন্ত দেখাইয়া তাহাকে পরাভব করিবার চেটা পাইলে। উভয়ে ঘোর দ্বন্দ্ব উপস্থিত, পরস্পর বাক্যবায় ছাড়িয়া গালাগালি করিবার উপক্রম করে, এমন সময়ে একটা ভূত তথায় উপনীত হইয়া, অপ্বাদুকের প্রাধান্য স্বীকার করিয়া স্প্রকে কহিল,

"হে সর্প! ভোমাদিগের নাশক দন্ত স্পর্শ হইবা মাত্র জীবের প্রাণ নই হয় বটে, কিন্তু ভোমাদের বিষের দীমা আছে, দূরস্থিত লোককে ভোমরা আহত বা ক্ষত করিছে পার না। ভোমার প্রতিদ্বন্দী অপবাদকের জিহ্বার কাছে তুমি কোথায় লাগ, উহা পর্বত ও সমু-দ্রুকে বাধা না মানিয়া পরের অপবাদ করে। এজন আমি মন্ত্রের অনিই সাধন বিষয়ে অপবাদকের প্রাধান্য দিলাম।

চকমকি প্রস্তর ও হীরা, অথবা আত্মশাঘার ভূহ সনা ।

একদা এক খণ্ড অমূল্য হীরক পথে পড়িয়াছিল, এক জন বণিক ভাহা দেখিতে পাইয়া যত্ন পূর্বক কুড়া-ইয়া রাজধানীতে লইয়া গেল। অমন বছমূল্য হীরা আর কে লয়? তত্রভা রাজা য়য়ং ভাহা কয় করিয়া, য়ণে মণ্ডিত করত আপন রাজমুকুটে বসাইলেন। হীরায় এতাদুশ সেভিগ্য দশ নে, একখান চকমিক পাধরের ইয়া উপস্থিত হইলে, সে এক জন পথিককে দেখিয়া বিনীত ভাবে বলিতে লাগিল, "মহাশয়! অলুগ্রহ পূর্বক আপনি আমারে তুলিয়া লইয়া রাজধানীতে চলুন। আমিও প্রস্তর এবং হীরকও প্রস্তর, উভয়েই বছকাল এই পথে পড়িয়া রহিয়া ছিলাম, হীরক এখন রাজমুকুটের ভূষণ হইয়া পরম য়ুঝে ও মহা মন্তুমে কাল্যাপন করিতেছে, আমি পথি মধ্যে থাকিয়ারে তিবছ এবং রাজ এবং রাজি হেলু ছঃখ পাইতেছি। শুসুন

মহাশয়! কোন আপত্তি করিবেন না, আমাকে সহরে
লইয়া গেলে আপনকার যথেই অর্থ লাভ হইবে, এবং
আমিও হীরার নাায় সোভাগ্য প্রাপ্ত হইব। এই
কথাতে পথিক সন্মত হইয়া চকমিক পাথরকে জহরে
লইয়া গেল, গিয়া হীরকের নাায় তাহাকে বিক্রয় করিবার জন্য ইতস্ততঃ সর্বাত্ত ভ্রমণ করিতে লাগিল, কিন্তু
কেহ একটি পয়স্ব দিয়া তাহা ক্রয় কলি না; বরং বছ
মূল্য চাওয়াতে লোকে তাহাকে পাগল বলিয়া ঠাটো
বিক্রপ করিয়, স্তরাং পথিক ভাহাতে সাভিশয় লক্ষিত
হইয়া চকমিক পাথরকে দূর করিয়া পথে ফেলিয়া দিল,
ভথন ভাহার আত্ম গর্বা থকা হওয়াতে, সে পুর্বে যে
দশায় ছিল এখনও সেই দশা প্রাপ্ত হইল।

থেঁকশিয়াল এবং পাকতিয় ছাগ, অথবা কগট বন্ধু।

একদা এক সিংহ সকোধে উপত্যকা-মধ্যবর্তী এক পার্বত্য ছাগের পশ্চাদ্ধাবদান হইল। তাহাকে ধরে আর কি, বড় একটা বিলম্ব নাই, কার্য্য সিদ্ধির প্রায় নিশ্চর হইয়াছে, সিংহের ভবিষ্যতে ভোজন আশাও বলবতী। এমত সময়ে একটা গভীর খাত তাহাদের সন্মুখে পড়িল, পার্বত্য ছাগ স্বভাবতঃ তীরের ন্যায় ক্রতগাদী, তাহাছে আবার সে প্রাণভরে আকুলিভ এবং কম্পিত কলেবর হইয়াছিল, স্তরাং মরিয়াছি, না মরিতে আছে, এই জ্ঞান করিয়া রোপ্রাণপণে একেবারে এক লক্ষ্ প্রদান পূর্মক খাতের পর পারে চলিয়া গেল। नम्म मिल शोष्ट विश्रम घर्षे, এই मत्मर अयुक्त मिर् গতি নিরুদ্ধ করিয়া বিলম্ব করিতেছে; এমত সময়ে তাহার প্রিয়মিত্র থেঁকশিয়াল তাহাকে দেখিয়া বলিতে नां शिन, कि गर्थ ! এতা पृष उजसी এবং বলবন্ত इहेश। তুমি ঘূণাৰ্ছ পাৰ্ব্বত্য ছাগটাকে ছাড়িয়া দিলে। খাভটা প্রশস্ত দেখিয়া ভূম পাও কেন্ জোমার যে অসীম শক্তি, প্রতিজ্ঞার্চ হইয়া প্রাণপণ পূর্বক যত্ন করিলেই তুমি অবশাই পর পারে বাইবে। আমি ভোমাকে विश्राप कि निष्ठ गरि ना, किन्नु वकुष प्राप्ट वितरा সভ্য কহিতেছি, ভোষার ক্ষ্মভাতে না হয় এয়ন কোন कार्या हे नाहे। এই मकन वांदका मिश्ट्य भौनिएड যেন স্থতন সজীবভার আরিভাব হইলে, সে পরপারে ষাইবার নিমিত্ত সমস্ত বলের সহিত এক লম্ফ প্রদান করিল। রূথা চেষ্টা! যেমন করিল অমনি খাভের গভীর স্থানে পড়িয়া তাহার সমস্ত শরীর একেবারে চর্হইয়া গেল।

পাঠকগণ! যদি জিজ্ঞাস। কর প্রামশ লাভা বন্ধু ধেঁকশিয়াল সিংহের এভাদুশ বিপদ-সময়ে কি করিয়া-ছিল ? করিবে আর কি ! সে সাবধান হইয়া সভর্ক-ভাবে আন্তে আন্তে থানার ভিতর নামিল ? দেখিল এখন অপর চেইটা রুণা হইবে, অভএব কপট বন্ধুর শেষ কালের যে কর্ত্তবা কর্মা ভাহাই নিস্পাদ্র করিল। সে এক মাস কাল থাবার জন্য অন্যু কোন উদ্যোগ করিল না, সিংহের মৃত দেহ সক্ষ্ণ পূর্বক খাইরা নাসাভিপাত করিল।

তিন জন চাদা, অথবা রাজনীতি সম্পর্কীয় তর্ক।

রুসিয়া দেশস্থ তিন জন চাসা এক দিন রাজধানী সেন্টপিটর সবর্গের বাজারে কাষ্ঠ বিক্রয় করিতে গিয়া-কাঠ বেচিয়া আদিতে আদৈতে রাত্রি উপ-স্থিত হইলে, তাহারা স্বস্থানে ফিরিয়া আসিতে পারিল না, এক পাস্থশালায় রাত্রি যাপন করিল। স্বভাবতঃ পরিশ্রমী লোকেরা বহুবাহারী, উদর পূর্ণ না থাকিলে তাহারা সচ্ছদে ঘুমাইতে পারে না। অতএব কুপায় কাতর হওয়াতে ভাহারা খাদ্যান্বেষণ করিতে লাগিল, কিন্তু অনুসন্ধান করিয়া আধ-খান পাউরুটী, অপ্প ঝোল এবং খানিকটা ছাতুর মণ্ড ব্যতীত আর কিছুইপাইল না। সেঠ পিটরস্বর্গের লোকের পক্ষে তাহা কোন মতেই মুখপ্রিয় উপযুক্ত খাদা নহে, না হউক, এমন অসময়ে তাহারা ভাল খাবার জিনিস কোথায় পায়! অতএব উদর পূর্ণ হউক বা না হউক, এ আধথানি রুটী তাহারা তিন জনে ভাগ করিয়া খাইতে বসিল। আর বসিবার সময় স্বদেশের রীত্যসুসারে তিনবার তিনটা কুশ চিহ্ন করিল। উক্ত তিন জন চাসার মধ্যে একজন অতি ধূর্ত্ত-স্বভাব हिन, त्म दिन जांग कतिया थारेटन पर्याख क्र আহারের জো কোন উপায় নাই, এ সময়ে বল अकाम करां ७ हता ना, अठवर हां जूरी करां हे विरक्ष । **এই বিবেচনায় দে একজন অত্নহলী বন্ধকে কহিল,**

ভাই টমী! তুমি জান এ ব্যক্তিকে এবার মস্তক মুগুন *
করিতে হইবে; চীনদেশীয় লোকেরা, আমাদিগের
রুষীয় সম্রাটকে চায়ের জন্য রাজকর দিতে চায়
নাই, 'এজন্য যুদ্ধার্থ তিনি বছল হৈস্য সংগ্রহ করিতেছেন। অপর ছই জন চাসা, লেখা পড়া জানাতে
মধ্যে মধ্যে সংবাদ পত্র পড়িত, এই কথাতে তাহারা
সাতিশয় চিন্তিত হইয়া, উভয়ে তর্ক বৈতর্ক করিতে
লাগিল, অমন দূর দেশে হৈম্য প্রেরণ কিরুপে সুবিধা
হয়? সেনাপতিত্ব ভার গ্রহণ করণের উপযুক্ত ব্যক্তি
কে? দেশের মঙ্গল চেন্টায় তাহারা রাজনীতি বিষয়ক এইরপ নানা কথোপকখনে আগ্রহাতিশয় প্রকাশ
করিতে লাগিল। স্বজাতির সোভাগ্য সাধনে তাহারা
উভয়ে এইরপ ব্যাপুত আছে, ইভাবসরে তৃতীয় ধূর্ত
ব্যক্তি ঝোল ছাতুর মণ্ড এবং রুটী সমস্ত খাদ্য সামগ্রী
আহার করিয়া উদর পরিতৃপ্তি করিল।

পাঠকগণ! স্বদেশ বিষয়ে তাচ্ছীল্য করিয়া বিদেশ সংক্রান্ত নানা কথা কছে এমন অনেক বাচাল লোক আছে, চীনদেশে অগ্নি লাগিয়াছে তাহারা পরিস্কার রূপ দেখে, কিন্তু আপনাদের বসতি গৃহ যে অনল দারা ভক্ষীভূত হইতেছে, ইহা তাহারা একবারও অমুভব করে না

^{*} ক্রিরা দেশক রুষকদিণের মন্তকের লয়। কেশ ক্রেদেশ পর্যন্ত কুলির। থাকে, সৈন্য শ্রেণীতে নিবিষ্ট ছইলে ঐ সমস্ত কেশ মুখন ক্রিতে হয়।

শাসনকর্ত্তা হস্তী, অথবা নিকেবিধ মাজিষ্টর হইলে অনিষ্টোৎপত্তি হয়।

বিজ্ঞতা বিহীন যে কর্তৃত্ব সে কর্তৃত্ব বদান্যশীল হই-इिक्त रहेशा थोटक। धकना धक इरमतरगात नौमनकर्डा 'একটী হস্তী নিযুক্ত হইল, প্রকাণ্ড শরীর বটে, কিন্তু ভাহার বুদ্ধি কিছু মাত্র ছিল না, আর সে এমনি দয়া-भीन ছिল य यदनत এकी माछि उद्माता नके रहे जा। এক দিন মেষগণ তংসমকে আসিয়া এই অভিযোগ করিল, মহাশয়! নেক্ডিয়া ব্যাপ্রদিগের অত্যাচারে বনের ধারে আর আমরা চরিতে পারি না, উহারা প্রহার করিয়া আমাদিগের গাতের চর্ম্ম পর্যান্ত তুলিয়া क्टल। এই অভিযোগ এবনে দয়ালু শাসনকর্তা কোখে অগ্নিতুল্য হইয়া নেকড়িয়াদিগকৈ ডাকাই-लেन, आंत रिनिट्ड नांशितन दि शांकि ! दि छुत्र छ मन এরূপ অসদাচার করিতে তোদের কে অনুসতি দিল ? নেকভিয়ারা, সমস্ত্রে তাহাকে নমস্কার করিয়া বিনীত ভাবে কহিল, ধর্মাবভার ! ক্ষমা করুন, আপানকার আজ্ঞার বহিভুত কর্মা আমরা কদাচ একটা করি নাই। গত বংসর শাতকালে দারুণ শীত প্রযুক্ত বর্থন আমরণ তুঃখ পাইতেছিলাম, ভগন ছুঃখের অবস্থা মহাশয়কে জ্ঞাত কর্রাত্তে, আপনিই আমাদিগকে অনুমতি করিয়া-ছিলেন, यে, प्रतियत लाम लहेशा उर्गमती छैक वञ्च নির্মাণ কর, সেই অনুসভ্যসারে আমরা এক একটী মেষের লোন লই, ইহাতেও তাহারা আপনকার কাছে

আসিয়া আপতি প্রকাশ করে। হস্তী বলিল ভাল, আমি অন্যায় আজা কথন দিব না, পূর্বে ভামরা এক একটা মেষের যেরপ লোম লইতে, এখনও সেইরপ লইও, 'কিন্তু তদ্ভিল উহাদিগের গাত্র হইতে যদি এক ভোলা পশম লও, তবেই ভোমরা আমার অত্যন্ত বিরাগ-ভাজন হইবে। তাহাতে নেকডিয়ারা আহলাদিত হইয়া নমস্কার করিয়া কহিল, যে আজা মহাশয়। আমরা লোম লইব, পশম কথন স্পর্শ করিব না। লোম, পশম, একই বস্তু, নিরুদ্ধি শাসনকর্ভার এ জ্ঞান থাকিলে, মেষদিগের অনিই নিবারণ অবশ্যই হইতে পারিত।

মধুচক্র দর্শক ভল্লুক, অথবা মন্দ বিচারককে শাসন করা হঃসাধ্য।

একদা বসন্ত কালে মধুচক্র মধুশুনা হওয়াতে, সমস্ত পশু সংমিলিত হইয়া এক জন তত্ত্বাবধারক দশক নিযুক্ত করিতে মনস্থ করিল। সন্তান্ত পদ জানিয়া অনেকেই এ কর্ম প্রার্থনা করিল বটে, কিন্তু কাহাকেও না দিয়া সুপ্রসিদ্ধ মধুপ্রিয় ভল্লককেই মনোনীত করা হইল। এক দিন ভল্লক তত্ত্বাবধান করিতে গিয়া মধুচক্র হইতে মধু দইয়া আপন গহরের পলায়ন করিতেছে, একটা পশু ইহা অবলোকন করিয়া উল্লেখ্যর চীৎকার করিয়া উচিল। ভাহাতে ভল্লকের অপবাদের আর সীমা রহিল না, যনের সমস্ত পশু তাহার বিপক্ষ হইয়া তাহাকে নিন্দা করিতে লাগিল। তখন বিচারে সে দোষী সাব্যস্ত হওয়াতে, এই দণ্ডাজা হইল, যে, প্রতি বংসর শীতকালে সে পর্বত গহুরে কারারুদ্ধ থাকিবে। তল্লুক ইহাতে আপত্তি করিয়া অনেক প্রতিবাদ করিল বটে, কিন্তু মহাপরাধী বলিয়া কেহ তৎ কথায় কর্ণ-পাত করিল না। না করুক, সে সংগৃহীত মধু সঙ্গেলইয়া গহুরে মধ্যে প্রবেশ করিল, এবং গোপন ভাবে সেই মধু খাইয়া স্বছ্লেদ শীতকাল অতিপাত করিল *।

ক্ষুদ্র নদী, অথবা অপকর্ম্মের স্কুযোগ অভাবে নির্দ্যোষিতা।

একদা এক নেষপালক দাতিশয় কোধ প্রকাশ করত এক ক্ষুদ্র প্রবাহের নিকটে গিয়া অভিযোগ করিয়া বলিল, মহানদীর দেরিছেয়া আমি আর ভিস্তিতে পারি না, উহার স্রোতে আমার মেষ-শাবকগণ নফ হইয়াছে। মেষ পালককে অঞ্চ বিসর্জন করিতে দেখিয়া ক্ষুদ্র প্রবাহের অন্তঃকরণে এককালে জোধ ও দয়া উভয়েরই সঞ্চার হইল। তথন নদীকে উদ্দেশ

^{*} ভূতপূর্কাকালে ক্রমিয়া দেশের মহাধনাচ্য কুলীনবর্গ হীন অপরাধে অপরাধী হুইলে, তাঁহাদের সম্পত্তি রাজ আজ্ঞার কিছু দিন আবদ্ধ থাকিত। ক্রীলফ ঐ দণ্ড লক্ষ্য করিয়াবোধ্ধ হয় এই গ'পা লিখিয়াছেন।

করিয়া সে মৃত্রুবরে এই কথা বলিতে লাগিল, হা!
নির্বুর নহা নদী! ভোমার তরক্ত আযার মত নির্মাণ
ও বচ্ছ নহে, তুমি বহুসভাকে জীব জন্ত ও মানব
দেহকে আপন অতলম্পর্শ গভীর হানে লইয়া গিয়া
আণ বিনাশ কর। পরমেশ্বর যদি দয়া করিয়া আযার
জগভীর অপ্প-জল-বিশিক্ত প্রবাহকে ভোমা সদৃশী মহা
নদী করিতেন, তবে আমি কেমন শান্ত শিক্ত ও ন্ত্রা
বভাব হইভাম : কি কৃষক্দিগের পর্ণকুটীর কি কুক্কুটীদিগের কোমল পালক, আমা দারা কাহারও কোন
অনিক্ত হইত না। আমি দ্রবীভূত রেপ্য-বারির
নায়ে প্রীভিপ্রদ উপত্যকার মধ্য দিয়া ঘাইব, মহাসাগরের গভীর সলিলে গিয়া যে পর্যান্ত আমার জল
সংমিশ্রিত না হইবে, সে পর্যান্ত আমার ভেল্পনের লার হাদ হইবে না।

কুত নদীতো এই প্রকার বলিয়া, আপন প্রকৃত মনোগত ভাব প্রকাশ করিল বটে, কিন্তু অফাই বহিত্ ত না হইতে হইতে শ্ন্য নার্গে ঘোরতর কৃষ্ণ-বর্ণ মেশ্বের সঞ্চার হইল, তাহাতে ক্রমাগত দিবা রাত্রি অভিরুক্তি হওয়াতে পর্বতের পার্শ্ব দিয়া ততুপরিস্থিত জল বেগবতী শ্রোতের ন্যায় কুত্র নদীতে পড়িকুর্লু ভখন ও কুত্র নদী মহা নদীর ন্যায় একেবারে পরিপূর্ণারত ও প্লাবিত হইল, সমুদ্র তরক্ষ সদৃশ তাহার বন্যাতে ভীরস্থিত বহুকালের বড় বড় বক্ষ সকল সমূলে উৎপাশ্তিত হইয়া ব্যোতে ভাসিয়া বাইতেও লাগিল। উহার পশ্য বর্ত্তী ভিন চারি রিদি পর্যান্ত ভূমি ভালিয়া ক্ষান্ত ক্ষার্থিতির চারি রিদি পর্যান্ত ভূমি ভালিয়া ক্ষান্ত স্থার কিছুই

রহিল না, যে দেষপালকের প্রতি দয়া করিয়া ক্ষুদ্র নদী মহানদীকে ইতিপুর্বে অত তিরস্কার করিয়াছিল, সেই মেষপালক মেষপাল শুদ্ধ প্রাণে নিহত হইল। তাহার ঘরের ভিত্তি এবং ব্লক্ষ সকলও উৎপাটিত হুইয়া জলে তাসিয়া গেল।

অনেক ক্ষুদ্ৰ নদী মৃত্ব ও শান্তভাবে বহিয়া ফাইয়া শনোহর কল কল ধানি ধারা মানব জাতির কর্ণ-সুখ প্রদান করে বটে, কিন্তু সময় পাইলে তাহারাই আবার দেশ বিধ্বংস করে। যভ দিন তাহাদিগের মধ্যে গভীর জল না হয়, তত দিন তাহারা তত্তীরবাদী লোকদিগের প্রীভিপ্রদ হয়।

পলীগ্রামবাদী গৃহস্থ এবং চোর, অথবা ভূর ভের দয়া।

একদা পলীগ্রানবাসী এক জন গৃহস্থ হত্তে একটি
গাভী এবং দুগ্ধ ডাও ক্রয় করিয়া নিবিড় বনের
ভা দিয়া গৃহে প্রভাগেদন করিতেছিল। এমন
সময়ে এক জন চোর ক্রভবেগে দেছিয়া আসিয়া
ভাহাকে আক্রমণ করত তাহার হস্ত হইতে গাভী
ও দুগ্ধভাও উভয়ই কাড়িয়া লইল। তখন গৃহস্থ চাসা
ক্রন্দন করিতে করিডে চোরকে বলিতে লাগিল, ভাই!
দল্প কর, গাভীটি লইলে আমার সর্বনাশ হইকে,
সামি এক বংসর কাল ক্রিন পরিশ্রেশ ক্রিয়া মাকে

মানে কিঞ্চিং কিঞ্চিং ধন সঞ্চয় করিয়া এই গাভী ক্রয় করিয়াছি। তুমি ইটি বলপূর্বক লইলে আনার যার পর নাই মনোতুঃথ হইবে। চাসার এই মর্মাভেদী কথা শুনিয়া চোরের অন্তঃকরণে দয়ার সঞ্চার হইলে, দে তাহাকে বলিল; "কৃষক! তুমি ক্রন্দন করিও না, হাটে লইয়া গিয়া বিক্রয় করিলে গাভীটি বিক্রয়ের পক্ষে উত্তম, আমি এখানে উহার দুঞ্ধ পোহন করিতে চাহি না, অতএব দুগ্ধ ভাণ্ডটি ফিরিয়া দিতেছি, তুরি উহা লইয়া সুখে গৃহে গমন কর।

--0--

মেঘ, অথবা বদান্যতার অবিধেয় ব্যবহার।

গ্রীম্মের প্রাবল্য প্রযুক্ত একবার কোন দেশ সূর্য্যাভাপে জ্বলিয়া গিয়াছিল, বারিপূর্ণ একখান ঘন নেঘ ঐ
দেশের উপরিভাগ দিয়া চলিয়া গেল। তথাপি উহার
শুদ্ধ ভূমিতে বিন্দুমাত বারি বর্ষণ করিল না। সমুদের উপরিভাগে গিয়া ঐ নেঘ স্থাত হইলে, উহার
সমস্ত রুফ্টি অর্ণবে পতিত হইল। অনস্তর মেঘ পর্মাভের নিকট গমন করিয়া আপন বদান্তা গুণের
আপনি শ্লাঘা করিতে লাগিল। তংগ্রাবণে পর্বাত
ভাহাকে উত্তর প্রদান করিল, ভাই! ভোমার দানশীলতার স্থারত কিছুমাত্র নাই, অপাত্রে দান করিয়া
ভূমি আবার অহস্কার করিতেছ! জলাভাবে যে দেশ
শুদ্ধ হইয়া মরিভেছে, ভাহাতে যদি ভূমি বারি বর্ষণ

করিতে, তবে দেশের লোক নিদারণ দুর্ভিক্ষ-যন্ত্রণা সহু করিত না, তাহাদিগের প্রাণ রক্ষা হইত। কিন্তু যে সমুদ্র অপরিমেয় অগাধ জলে পরিপূর্ণ, বিজ্ঞান শাজ্রে যে জলের ইয়ন্তা করিতে পারে না, তাহাতে তোমার বারি বর্ষণে ফল হইল কি ?

সাহায্য লাভে যাহাদিগের বিশেষ উপকার হয় না,
ফাহাদের পক্ষে ঐ সাহায্য বিশেষ প্রয়োজনীয় নহে,
ভাহাদিগকে সাহায্য করিলে প্রকৃত দরিজ লোকদিগের অনিই করা হয়।

-0-

প্রথমাবস্থার গর্দ্ধভদিগের কাঠ বিড়ালের আকার, অথবা ভীক্ন লোকের পদর্বন্ধি অনিষ্টের কারণ হয়।

কথিত আছে, প্রথমাবস্থায় গর্দ্ধতের আকার কাঠবিডালের ন্যায় ছিল, এবং এখন যেরপ শব্দ করে
তথুনও সেইরপ চীংকার শব্দ করিত। এমন জ্বনা
ভত্তকে ভ্রমেও কেহ দৈখিতে ইচ্ছা করিত না। গর্দ্দ এই কোতে ক্লুর হইয়া কার্য্য দ্বারা আপনাকে একটি
প্রাসিদ্ধ ভত্ত করিতে ইচ্ছা করিল বটে, কিন্তু অভিমান
প্রযুক্ত সে অভিলাষ তাহার সিদ্ধ হইল না, বরং পশ্চসমাজে আরো ভাহাকে উপহাসাস্পদ হইতে হইল।

অতথব সে বিধাতার নিকট প্রার্থনা করিতে লাগিল, হে প্রতাে! এ দীন হীনের প্রতি একবার আপনি লকরণ নেত্রে করণা ছৃষ্টি করন, আমা ব্যতীত আপনি সকল পশুকেই সম্ভান্ত পদে অভিষিক্ত করি-মাছেন। গোবৎসের শরীরের ন্যায় যদি আমার শরীর করিতেন, তবে ব্যাত্র ভল্লুক প্রভৃতি ছরম্ভ পশুগণ আমার কাছে চুঁশক করিতে সক্ষম হইত না। উহার্থা সকলেই আমাকে দেখিয়া মন্তক অবনত করিত, সুবি-খ্যাত হইয়া আনি সকলকার নিকট সম্ভান্ত এবং সমাতৃত হইতাম। গর্দত প্রতিদিন বিধাতার নিকট এইরপ প্রার্থনা করিত, তাহার ঘোঙানী বিধাতা আর সহিতে পারিলেন না, ত্যক্ত বিরক্ত হইয়া তাহার কামনাত্রপ বর প্রদান করিলেন, তাহাতে ক্ষুদ্র গর্দ্ধত হঠাং একটি রহদ্গর্দ্ধত হইয়া উঠিল।

বিধাতার প্রসাদে গর্জন দীর্ঘাকার হইলে, আপন স্বাতাবিক উচ্চ কয়ু শ শব্দ এবং লয়া উন্নত কর্ণ দারা বনবাসী পশুগণের ভয়ের কারণ হইয়া উচিল, বিশেষ ভাহারা ভাহার দম্ভ দেখিলে কম্পিত-কলেবর হইত। কিন্তু অচিরে ভাহারা ছানিতে পারিল যে সে অপর কোন ভয়ানক পশু নহে, ভূতপুর্বের ক্ষুদ্র গর্জন কেবল বহদাকার হইয়াছে; অভএব সকলে সংমিলিত হইয়া ভাহাকে জল আনম্বন কর্ম্মে নিযুক্ত কর্মত দশু প্রদান করিল।

কু দ্ৰস্বভাব নীচাশয় ব্যক্তি ভদ্ধু-সমাধ্ৰক সমাবিই হইলেও মহং ও ভদ্ৰ হইতে পারে না।

হুইটি কুক্কুর, অথবা সোভাগ্য নীচের প্রতিই ক্লপাদৃষ্টি করে।

এकमा वांतरवा नांटम अविष् श्रवती विश्वस द्राप्त কুক্কুর বহুকালের পরিচিত জঙ্গোনামা একটি কুদ্র-ষ্ঠি প্রিয়দর্শন কুঞ্রের সহিত হঠাৎ সাক্ষাৎ করিল। জ্ঞো তথন জানালার পাশ স্থিত একটি মনোহর শ্যায় উপবেশন করিয়া রাজপথের লোক সকল **८**नथिटिं हिन । यो तर्या जरङ्गोरक प्रथिश महर्यि हिन्द বলিতে লাগিল, ভাই জঙ্গো, আজি কালি ভোমার কেমন চলিতেছে, আমরা উভয়ে ভো একই প্রভুর বার্টীতে পড়িয়া থাকিভাম, আহরাভাবে বছ দিন আমাদিগকে উপবাস করিতে হইত, এখন তোমার रम मय जिन मरन शेर ए कि ना ? जरका छेखत कतिन, এখন আমি স্বছন্দে কাল্যাপন করিতেছি, অস-স্তোষের কারণ কিছু নাই, যখন যাহা প্রয়োজন হয়, প্রস্তু আমাকে ভৎক্ষণাৎ তাহা প্রদান করিয়া থাকেন। ভুত্যেরা রূপার বাদনে আমাকে আহার করিতে দেয়, আমি সতত প্রভুর সঙ্গে সঙ্গে থাকি, রাত্রিকালে তাঁহার সুকোনল শঘায় আনি নিদ্রা যুটিয়া থাকি। অন্তো জিজ্ঞাদা করিণ, আনার কথা তো শুনিলে, ভাল জোমার অবস্থা কিরূপ ? বারবো লাজুল এবং মস্তক অবনত করিয়া উত্তর করিল, হায়! পুর্বের যেরূপ দেখিয়া ছিলে এখনুও সেইরূপ আছে, কিছু মাত পরি-वर्ड इम्र नारे। जामि धहती कुहुत, जाशत जागत কুষ্কুরদিনের ন্যায় শীভ ও কুখার জালা আমাকে

নিবস্তর সহা করিতে হয়, বেডার নিম ভাগ আমার निजा यशियांत स्थान, इसि श्रेटल आमि जल कर्फाम तिश्व इहेशा ममञ्ज दां कि का शिष्ट थां कि, यनि का उदछ। হেতু অসময়ে চীৎকার করি, তবে তখনই আমাকে নিদারণ দণ্ডে দণ্ডিত হইতে হয়। ভাল জিজ্ঞাসা করি তুমিতো জখনা ক্ষুদ্র জন্ত, কিসে তোমার এমন সো-ভাগ্য হইল ? ভোমা অপেকা শতওণে আমি রুহৎ ও বলবানু হইয়াও দিবারাত্রি এত ছঃখ পাই কেন? তুমি তোমার প্রভুর জন্য কি কর্ম করিয়া থাক? জজে উত্তর করিল, কি আশ্চর্যা প্রশ্নই তুমি জিজ্ঞাসা কর, কি আর করিব ? আমি পশ্চাৎ ছুই পদে দণ্ডায়-মান হইয়া লম্ফ ক্রীড়া এবং সোহাগ করিতে করিতে প্রজ্ব পশ্চাৎ পশ্চাৎ যাই, আমাকে দেখিয়া কত লোকে চনৎকৃত হইয়া প্রশংসা করিতে থাকে। পাঠকগণ! কোন গুণ নাই এমন কভ লোক, ক্ষুদ্র মূর্ত্তি প্রিয়দর্শন কুক্কুরের নাায় এই পৃথিবীতে সোভাগ্যশীল ও কৃত-কার্য্য হয়, পশ্চাতে দাড়াইয়া ভোষাযোদ করা ভাহা--দের প্রীর্ত্তির মূল কারণ জানিবে।

পিঞ্জর স্থিত কাঠবিড়াল, স্থাবা স্নর্থক পরিশ্রম।

একদা এক পল্লীগ্রামে কোন পর্বাহ প্রযুক্ত লোক সকল একদিন কর্মে অবসর পাইয়া প্রকাশ, রাজগ্গতে আনোদ প্রুমোদ করিতেছিল। একটি প্রকাশ অটালিকার জানালায় বুলান ঘূর্ণায়মান গোল পিঞ্জরে এক স্কৃশ্য কাঠবিড়াল

আশ্চর্যরূপ অঙ্গ সঞ্চালন করিতেছিল, তাহারা কেতি-रताकास रहेशा जारारे प्रचित्व नातिन। कार्यविड़ा-লের চামর সদৃশ ঝাঁকড়া লেজটি উন্নতভাবে মস্তক ও কর্ণের উপর লাগিয়া যেন ছত্রদণ্ড হইয়াছিল, ভাহার পা সকল এমনি ক্রত বেগে সঞ্চালিত হইয়া পিঞ্জরের চতুর্দ্দিক পরিবেউন করিতেছিল, যে, হঠাৎ তাহা অপ-রের নেত্রগোচর হয় না। লোকের ভিড দেখিয়া একটি শালিক পক্ষী তথায় উপস্থিত হইয়া এক বুক্ষশা-খার উপবেশন করত কাঠবিডালের তামাসা দেখিতে লাগিল, কিন্তু অপর লোক যাদৃশ মোহিত হইয়াছিল, সে তদ্ৰপ হয় নাই। শালিক বিরক্তি ভাব প্রকাশ করিয়া কাঠবিড়ালকে কহিল, তুমি ও কি কাজ করি-कांश्रीतेष्ठाल छेखत कतिल, "शांत्र । अ ष्ट्रः त्थत कथा आमारक रकन जिल्लामा कत ? आणि ममस्त पिन আমাকে কচিন পরিশ্রেম করিতে হইয়াছে, যে মহান ধনাট্য লোকের ভূত্য-কর্মে আমি নিযুক্ত আছি, • তাঁহার কর্ম্ম করিতে করিতে আমার মন্তকের ঘর্ম্ম পদ-ভলে পতিত হয়, ভোজন পান এবং নিশ্বাস ফেলিতে একটু অবকাশ পাই मा।" এই कथा दानिया कांग्रे-বিড়াল পুনর্মার পিঞ্জর মধ্যে দেড়িতে আরম্ভ করিল। শালিক সে স্থান হইতে প্রস্থান করিবার সময় এই কথা दिना राम, "या दिना छ । मछा, छोमात दिवस এখন আদার স্পটামুভব হইয়াছে, তুমি দেড়িাও, তুমি দৌভাও, তুম্ সতত দৌড়িয়া থাক, কিন্তু যে খান-কার সেই খানেই আছু, জানালা হইতে এক হাড সরিয়া যাইতে তোমার সামর্থ্য নাই।

অনেক মন্ত্রা পরিশ্রম করে বটে, কিন্তু পদোন্নতি কিছুই করিতে পারে না, ঘূর্ণায়মান গোল পিঞ্চরন্থিত কাঠ বিড়ালের ন্যায় কেবল ঘুরিয়া মরে।

প্রস্তর এবং রুক্টি, অথবা কর্মণ্টিতা বহুকালা কর্ম করিলেই হয় না।

একদা এক খান প্রস্তুর বহুকাল ক্ষেত্রে পড়িয়া ছিল। হঠাৎ এক পদলা রুফি ছারা ক্ষেত্রের মৃত্তিকা আদ্রু হওয়াতে কৃষকেরা আনন্দ করিতে লাগিল। তদ্দানে প্রস্তুর ক্রেণ্ড সম্বরণ করিতে না পারিয়া তাহাদিগকে বলিল, তোনরা কি নির্কোধ! এক কি ত্রই ঘন্টা কাল রুফি পড়িয়াছে, তাহাতেই তোনরা এত আনন্দ ও কলরব করিতেছ। শাস্ত স্থভাব স্থাল খ্রিদিগের ন্যায় আমি এখানে এক যুগ কাল পড়িয়া রহিয়াছি। চিনিতে না পারিয়া এক অসভ্য চাসা আমাকে এখানে হস্ত ছারা ছুড়িয়া ফেলিয়া দিয়াছে, তথাপি ভোনরা কেহ আমাকে ধ্নাবাদ বা নম্কার করিতেই না। বুঝিলান, এ ঘূণাই জনতে কৃতজ্ঞভার লেশ নাত্র নাই।

ক্ষেত্র-স্থিত একটা কৃষী প্রস্তরের এই শুকল কথা প্রবণে রুট ইইয়া কহিল, "জিহ্বা শ্বরণ কর," পাগ-ত্তের যত মিছা বক বক করিয়া বকিও না। এই ক্ষেত্র সূর্য্যোতাপে অগ্নিদগ্ধবংশুদ্ধ ইইয়া গিয়াছিল, রুষ্টি দার। অত্তা উদ্ভিদ্ধ সকল বেন সূত্র জীবন প্রাপ্ত ইইয়াছে, কৃষকদিগের ফল লাভের আশা বলবতী ইইয়াছে। তুমি বহুকাল এই ক্ষেত্রে আলস্যে কাল-যাপন করিয়া বল কি উপকার করিয়াছ? তুমি কৈবল পৃথিবীর হুর্ষাই ভার ব্যতীত আর কিছুই নহ।

রাজকর্মাচারী অনেক ব্যক্তি স্ব স্ব অবস্থায় অসম্ভূষ্ট ইইরা অনেক বার বলিয়া থাকেন, যে, আমি তিশ বংসর এই কর্মা করিতেছি, পারিতোষিক প্রাপ্ত হই-বার যথার্থ যোগ্য লোক হই; কিন্তু বিবেচনা করিতে গোলে, তাঁহাদিগের কার্য্য উক্ত অকর্মাণ্য প্রস্তরের ন্যায় অনুর্থক বই সার কিছুই বোধ হয় না।

-0-

ধন বিভাগ, অথবা ঘরে আগুন লাগিলে বিবাদ করা।

একবার জন কয়েক বিণিক পরস্পার নিয়নালুসারে
অর্থ প্রদান করিয়া সংমিলিত ভাবে একটি ব্যবসায়
করিয়াছিল। এই বাণিজ্যে তাহাদিগের বহু অর্থ লাভ
হইলে, তাহারা লাভের ধন বিভাগ করিয়া লইডে
মনস্থ করিল। ধন বিভাগ করিতে গেলেই প্রায়
বিবাদ উপস্থিত হয়। লাভের অস্কে কে কত টাকা
পাইবে, গারস্পার বহুক্ল ধরিয়া তাহারা এই বিবাদ
করিতেছে, এমত গনয়ে হঠাৎ একটা কলরব ও চীৎকার্মান্দ উচিল, যে, কুচি বাড়ীর গুদান ঘরে আত্ম
লাগিয়াছে, বাণিজ্য দ্ব্যে প্রিয়া বায়, রক্ষা করি-

বার ইচ্ছা হয় তো শীত্র দে ড়িয়া আইম। এই কথা শুনিবামাত্র এক জন বণিক কহিল, অগ্নি নির্মাণ হইলে আমরা হিসাব মিটাইয়া ফেলিব, এখন বাণিজা দ্রব্য কিলে রক্ষা হয় ভাহার উপায় করা যাউক। অপর ব্যক্তি অমনি বলিল, "বটেই তো, হাজার টাকা না দিলে আমি কথন যাইব না।" ভূতীয় ব্যক্তি কহিল, "হুই সহত্র মুদ্রা আমার যথার্থ প্রাপ্যঃ তাহা হইলে, যে নিয়মে আমি মূল ধনের অংশ দিয়াছি তদকুসারে হিসাব চিক হয়।" অন্যেরা চীৎ-কার শব্দ করিয়া কহিল, "তোমাদিগের প্রস্তাবে আমরা কথনই সম্মত হইতে পারিনা, কেমন করিয়া এবং কেনই বা ভোমরা অভো টাকা পাইবে অগ্রে তাহার কারণ জানিতে চাহি, মূল ধন কত টাকা ? কত টাকাই বা লাভ হইয়াছে ? গুদামে কত টাকার মাল আছে ? দেনা পাওনা বাদ লাভের অক্ষে অবশিষ্ট কত টাকা থাকিবে ? এইরূপ তর্ক বিতর্ক ও বিবাদ করিতে করিতে, বাণিজ্য-দ্রব্য যে অগ্নি লাগিয়া मक्ष इटेटिছिन, डांश्रा डांश একেবারে ভুনিয়া গেল। তাহাতে অগ্নি সমস্ত ভ্রব্য ভস্মগাৎ করিয়া क्रांस किएकोष्टे भर्याख धतिन, मनस् वांनी विक्रिमिथाय **प्रमिश्रीमान এবং धूमछ शर्मकाकादा गृना गार्ट्स** उज्छी ग्रमान इहेल, अहे थहे कहे कि है विकर भारत छान ও কড়িকাট ভাঙ্গিয়া পড়িতে নাগিল। জ্থন বণি-কেরা চৈতন্য পাইয়া পলায়ন করিবার উদ্যোগ করিল ৰটে. কিন্তু উচিতে না উচিতে ছাদ ভালিয়া পড়িয়া ভাহারা সকলেই মরিয়া গেল ৷

কি সম্পত্তি, কি রাজ্যা, ঐক্যন্থারা যাহা রক্ষা হইতে পারে, অনৈক্য প্রযুক্ত তাহা এইরূপে নই হইয়া থাকে। বণিকেরা স্থার্থপর হইয়া কেবল আত্ম লাভের চেটা না করিলে, ভাহাদের এ সর্বনাশ ক্থনই ঘটিত না।

ভূসামী ও ইন্দুর, অথবা যে ঘোঁড়াটা চড়িবার যোগ্য তাহাতে জিন লাগান কর্ত্তব্য ।

পাঠকগণ! বাটাতে চেব্যি দোষ ঘটলে সকল ভূত্যের প্রতি দোষারোপ করা কোন মতেই উচিত নহে। ইম্চুরের তীক্ষদম্ভ অপচয় হইবে না বলিয়া, একদা এক জমীদার বিণক ব্যবসায় সামগ্রী এবং অপর নিত্য ব্যবহারের প্রয়োজনীয় ত্রব্য সকল উত্তম রূপে রক্ষা করিবার কারণ, আপন বসদাটীর মধ্যে একটা সূত্যু ভাগুরি ঘর নির্মাণ করিলেন। পরে প্রহরী স্কর্প ঐ ভাগুরে কয়েক টা বিড়াল নিযুক্ত হইল। তাহারা দিবা রাত্রি চেচিকি দিতে থাকে, ইক্ট্রের কর্তৃক জব্য অপচয়ের আর কোন ভয় নাই, সূত্রাং নিশ্চিত্ত হইয়া বিণক স্বচ্ছদ্দে স্থানাদের ন্যায় বিশাস্থাভক হইয়া একটা বিড়াল ম্যুং চুরি করিতে আরম্ভ করিল। কিছু দিনের পর বণিক ভাগুরে আসিয়া জব্য অপচর হইতেছে দেখিতে পাইলেন, কিন্তু প্রকৃত চোরকে -0-

প্রবঞ্চক ব্যবসায়ী, অথবা মারিতে গেলেই । মারি থাইতে হয়।

একবার এক জন পিতৃব্য তাহার প্রাতুষ্পুক্তকে কহিল, "রাখাল! এখানে তুমি এম, এতক্ষণ কোথায় লুকাইয়ানছিলে! সামি যেনন করিয়া দোকানের জিনিষ বিক্রয় করি, তুমি যদি, তেমনিকরিয়া কর, তবে তোমার ক্ষতি, বোধ হয়, কখনই হইবে না। তুমি জান, পোলও দেশের যে কাপড় খানটা ছাতা পড়া ও দাগী অবস্থায় এত কাল আমার দোকানে পড়িয়াছিল, ইংলওের স্তন কাপড় বলিয়া আজি আমি জাহা উচিত মুলো বিক্রয় করিয়াছি, দেখিতেছি নির্বোধ্যক ঠকাইয়া অর্থ লাভ করা বড়ই সহজ্ঞ কর্মা হয়।", জাতুষ্কু

গোপাল বলিল, কে এমন নির্ফোধ যে চকু সত্ত্বে তোগার তেমন পচা কাপড় কিনিল, তুমি যদি তাহাকে তেমন মন্দ কাপড় বিক্রয় করিয়া থাক, তবে পরীক্ষা করিয়া দেখিলেই জানিতে পারিবে, যে, সে তোশাকে তংপরিবর্তে হয় চোরা নতুবা জাল বেক্ষ নোট মবশ্যই দিয়াছে।

্বণিকদিগের খেরিদারকে ঠকান বড় আশ্চর্য্য-কর্ম্ম নহে, আমরা বড় বড় বণিককেও এই দোষে দুমিত দেখিতে পাই; কিন্তু সত্য জানিও; প্রতারকের। অনেকবার প্রতারিত হইয়া থাকে।

চিরুণী, অথবা আপনার নিন্দা আপনি করাই বিধেয়।

একদা এক ভদ্রলোকের স্ত্রী চুল আঁচড়াইবার নিমিত্ত আপন পুত্রকে একথানি চিরুণী দিয়াছিলেন। চিরুণী থানি পাইয়া বালক বড়ই আহ্লাদিত হইল, সে ঘন্টায় ঘন্টায় এক এক বার চিরুণী হস্তে লয়, এবং কুষ্ণবর্ণ স্কৃত্তিরূগ আপন কেশ আঁচড়াইয়া তাহার প্রশংসা করিয়া বলিতে থাকে, আহা। একি স্কর বস্তু! চুল্ইহাতে একবার ছড়িয়া যায় না, এবং একটি কেশও কথন ছিড়ে না। দৈব ক্রমে চিরুণী থানি এক দিন হঠাৎ হারাইয়া গেল, বালক-স্বভাব প্রয়ুক্ত ধুলা থেলা করাতে তাহার চুল্ও মলিন এবং ছড়িত ভাব হইল। তদ্দ নে তাহার দাসী আর এক খানি
চিক্রণী আনিয়া তাহার চুল আঁচড়াইরা দিবার উপক্রম করিল, কিন্তু তাহাতে তাহার অসুথ বই সুথ হইল
না। ° ক্রন্দন করাতে ভূতা। অনেক অন্থেষণ করিয়া
বালকের প্রিয়া চিক্রণী খানি থুজিয়া আনিল, কিন্তু
ধূলা তৈল লাগা জড়ান চুলে উহা প্রবিষ্ট হইল না,
আঁচড়ানতে মূল শুদ্ধ গোছা গোষ্টা চুল ছিড়িয়া
বাইতে লাগিল। যাতনাতে অস্থির হইয়া বালক
ভখন চিক্রণীকে অভিশাপ দিতে লাগিল; চিক্রণী
উত্তর করিল তুমি আমাকে মিছা মিছি কেন অভিসম্পাত কর, আনি পূর্বের বেরুগ ছিলাম এখনও সেইরুপ
আছি, ভোমার চুল তেলে ধূলায় জড়িয়া গিয়াছে, যদি
নিন্দা করিতে হয় আপন চুলকে নিন্দা কর, আমি
নিন্দার পাত্র নহি।

বিবেক শক্তি নির্দান থাকিলে সত্য প্রাহ্য হয়, কিন্তু ঐ বিবেক দোষ দারা জড়ীভূত হইলে, সত্যপথে কখন চলিতে চায় না।

নিংহশীবকের বিদ্যাশিকা, অথবা যেরপ অবস্থা ভহুপযুক্ত শিক্ষা দৈওয়া আবশ্যক।

পশুদিশের রাজা হইলে তংকর্ত্তবী কর্ম কি ? আপন পুত্রকে এই শিক্ষা দিবার জন্য, একদা এক সিংহ চিন্তিত ও উৎসুক হইয়া, শিক্ষক অন্তেষণ করিতেছিল। তাহাতে তৎসভাস্থ এক ব্যক্তি এ বিষয়ে শৃগালকে প্রস্তাব করিলে, পশুরাজ অসম্মত হইয়া কহিল, না, শুগাল বড় মিখ্যাবাদী, রাজপুত্রদিগকে মিখ্যা কহিতে শিখান কোন মতেই উচিত নহে। জন এ বিষয়ে বিড়ালকে উল্লেখ করিলে, সিংহ তাহাতে অসম্যতি প্রকাশ করিয়া কহিল, বিড়ালকে স্মুচতুর এবং পরিচ্ছন্ন দেখা যায় বটে, কিন্তু সে অভক্ত অবিশ্বস্ত এবং ধূর্ত্ত, এরূপ ব্যক্তি রাজপুত্রের পক্ষে উপযুক্ত শিক্ষক নহে। তৃতীয় ব্যক্তি ব্যাত্তকে যথা। যোগ্য শিক্ষক বোধ করিয়া প্রস্তাব করিলে, সিংহ উত্তর করিল, ব্যাত্র অতি বলবান সাহসী এবং যুদ্ধ-विभोतम वर्षे, किन्छ मि मूर्थ अविद्युष्ठक এवर मिष्ठांत्र व भूना वाकि ; मञ्लादमभ दमअयां, मिव्हांत कतां, धवर রণ-কুশল হওয়া, যখন রাজাদিগের কর্ত্তব্য বিধি, তথন কাওজান রহিত মূর্থ ব্যাত্রের হস্তে রাজপুতের শিক্ষা বিধানের ভার প্রদান করা কোন মতেই বিধেয় নহে। বাাত্রের জানের মধ্যে, অবিবেচনারপে তীক্ষ নথর ব্যবহার করা একমাত্র জ্ঞান আছে। সিংহ শাবককে শিকা দিবার জনা, হস্তী প্রভৃতি অনেক পশু কর্ম্ম প্রার্থনা করিল, সিংহ একটা না একটা Cम्य (मथे हिंग्र) ठां हा एमत मकनारक है अञ्चल युक्त वैनिन । व्यवस्थित उर्देश अधी वह कर्य आर्थन। कतित्व, সিংহ উপ্যুক্ত পাত্র বোধ করিয়া কহিল, উৎকোশ, পক্ষীদিগের রাজা, রাজকুমারের শিক্ষা-কার্য্যে রাজ-বংশজাত মহাত্তবকে নিযুক্ত করা বিধেয়। অভঃ-পর পক্ষীরাজ উৎক্রোশের বার্টীতে সিংহ-শাবকের

শিক্ষা আরম্ভ হইলে, এক বৎসরের মধ্যে সে অনেক শিখিয়া ফেলিল, সিংহ আত্ম-পুল্রের আশ্চর্য্য জ্ঞানের প্রশংসা-বাদ সকল পক্ষীর মুখে শুনিয়া সাতিশয় আহ্লাদিত হইল। এক দিন পশুরাজ ছোট বড় তাবৎ পশুকে আহ্বান করিয়া একটি মহাসভা করণান্তর, রাজপুত্রকে তথায় আনাইয়া কহিতে লাগিল, "বংশ! আমি রুদ্ধ হইয়াছি, শীত্র আমাকে লোকান্তর গমন করিতে হইবে, তুনি যুগা পুরুষ, উপযুক্ত পুত্র, আমার অবর্ত্তমানে রাজদণ্ড গ্রহণ করিয়া তুমি আনার রাজ্য भौगन कतिरव। এक्षरं। श्रेकीतार्द्धत मह्दारम हर्जू-র্দ্দিক ভ্রমণ করিয়া তুমি কি কি বিদ্যা শিখিয়াছ ভাহার পরিচয় দেও, তাহাতে তোমার প্রজা লোকের উপ-কার হইবে কিনা? আনি বিবেচনা করিয়া দেখি। সিংহ শাবক উত্তর করিল, পিতঃ যে বিদা আমি অধ্যয়ন করিয়াছি, এ রাজসভার কোন ব্যক্তি তাহার বিন্তু বিদর্গ জানে না। বটের পক্ষী অব্পে-উৎক্রোশ পক্ষী পর্যান্ত, কাহারা কোন স্থানে সনা-গত ও সংমিলিত হয়, আমি সে সকল স্থান জানি; ভাহাদের নাম, ভাহাদের মূর্তি, ভাহারা কি প্রকার ডিষ প্রস্ব করে, ভাহাদের কোথায় কিরুপ নীড় থাকে, কি নিয়মে তাহারা আপন আপন প্রস্তুত শাবকদিগকে প্রতিপালন করে, কিছুই আমার অবি-पिछ नाई। **ध विमाय बार्श** खिलायां इ विनया শিক্ষক নহাশয় আমাকে একথানি প্রশংসাপত দিয়া-ছেন। আমার সহাধ্যায়ী পক্ষী সকল অনেক বার আমাকে বলিয়াছে, যে, কালে আমি আকাশের নক্ষত

স্পর্শ করিতে পারিব! রাজ্য-ভার গ্রহণ করিলে, আনি, পশুদিগকে পক্ষীর নীড় যেরূপে নির্দাণ করিতে হয়, তাহা সম্পূর্ণ শিখাইতে পারিব, তদ্বিষয়ে অণু-নাত্র সন্দেহ নাই। এই সকল কথা শুনিয়া সিংহ ও তংসভাস্থ পশু সকল অবাক ও বিসময়াপন হইল, বড় दफ পশুগণ मञ्जक व्यवने कतिया दिमिया तहिन, কি বলিবে ভাবিয়া কিছু স্থির করিতে পারিল না। সভা ভক্ষ কালে তাহাদের চীৎকার ও কলরবের আর পরিসীনা রহিল না, সকলেই যেন সিংহ শাবককে উপহাস করিয়া তথপ্রতি বিরক্তি ভাব প্রকাশ করিল। সিংহ দেখিল, উংক্রোশের নিকট তাহার পুত্র কিছুই শিক্ষা পায় নাই, অতথ্য ক্রোধ প্রকাশ পূর্বক ভাহাকে সম্ভাষণ করিয়া কহিতে লাগিল, রে নির্মোধ সন্তান ! পক্ষীদিগের নাম ও রীতি চরিত্র জানিয়া সিংহসন্তা-নের ফল কি? ঈশর আমাদিগকে সকল পশুর উপর .আধিপতা দিয়াছেন, তাহাদিগের অভাব কি? कि कर्मा कतित्व श्राजांता यथ श्रष्टत्म शीरक ? ध नकन বিষয় জাত হওয়া আমাদের মুখ্য কর্ত্তব্য হয়।

পাঠকগণ, সদেশীয় লোকদের আচার ব্যবহার রীতি নীতি জধনা, এবং কিসে তাহাদের মঞ্জ সাধন হয় তদ্বিষয়ে যত্নবান হওয়া, আমাদের অত্যাব-শ্যক প্রথম কর্ত্ব্য কর্মা জানিবে; এ জান জন্মিলে অপর জ্ঞান, ভোমুরা যত লাভ কর বা না কর, ভাহাতে কিছু মাত হানি নাই।

ছই বালক অথবা পদোন্নতির পর অন্নতজ্ঞতা।

এক জন বালক অপর এক বালকের নিকট ছুঃখ প্রকাশ করিয়া কহিল, ভাই! ফলের বাগানে গিয়া-ছিলাম, বাদাম গাছ হইতে বাদাম পাড়া আজি বড় সুক্রিন হইয়াছে, ডাল সকল অত্যুক্ত, কোন মতে হাত বাড়াইয়া ধরিতে পারিলাম না। এই কথা শুনিয়া অপর বালক বলিল, বন্ধো! তক্ষন্য ভাবনা কি ? তুমি আমার ক্ষন্ধে উঠিয়া বৃক্ষারোহণ কর, তাহা হইলে উভয়েরই উপকার এবং কার্যা সিদ্ধি হইবে। এই প্রস্তাবে ছুই জনেই সম্মত হইলে, এক জন অপর करनत ऋस्त आरत्राह्न कतिया स्रक्टल इस्क श्रेमार्शन করিল। আর, ভাণ্ডার ঘরে প্রবেশ করিয়া ইন্টুরের। যেরূপ উদর পূর্ণ করত শদ্য ভক্ষণ করে, বালক দেইরূপ যত পারিল, বাদান খাইতে লাগিল। কিন্তু তাহার থে অনুষদ্দী বন্ধ খাইবার প্রত্যাশায় মুখ ব্যাদান করিয়া-ছিল, তাহার মুখে ছুট বালক থোসা বই আর কিছু ফেলিয়া দিল না।

এ সংসারে আনেক মনুষ্য উচ্চু পদ প্রাপ্ত হয়, কিন্তু যে সকল বন্ধু তাহাদের উন্নতির জন্য কায়ননোবাকো বিশেষ পরিপ্রান করে, পদ প্রাপ্তি হইলে তাহারা পূর্ব্বোক্ত তুই বালকের ন্যায় তাহাদিগুকে খোদা বই আর কিছু প্রদান করে না।

হংস, কাঁকড়া, ও বোয়াল মহস্য, অথবা অসম্বি বাছক।

এক দিন হংস, কাঁকড়া, এবং মৎসা, একখান হালকা গাড়ী টানিবার জন্য সজ্জিত হইল। তাহারা গাড়ী টানিতে টানিতে একটা অন্যটা হইতে পূথক হইতে লাগিল, কিন্তু গাড়ী এক পদ ও লড়িল না। শকট লঘু ছিল তথাপি তাহা লড়িল না কেন? ইহার সত্য কারণ এই। হংস আকাশে উড্ডীয়নান হইল, কাঁকড়া পশ্চাৎ গমন করিল, এবং মৎস্য জলে ধাবমান হইল। কাহার দোষ ছিল তাহার বিচার করা আমার কর্মানয়, কিন্তু গাড়ী যে একই স্থানে ছিল তাহা আমি নিশ্চয় জানি।

তেজস্বী অশ্ব, অথবা লাগামের আবশ্যকতা।

একদা একজন সুনিপুণ অশ্বারোহীর এমনি একটি সুশিকিত ঘোটক ছিল, বে, তাহার লাগাম স্পশ্বনা করিয়া
কেবল কথা বলিলে, সে ধীরে অথবা শীদ্র গমন করিত।
এক দিন ঐ আরোহী লাগাম দেওয়া অনাবশ্যক বুঝিয়া,
তাহা খুলিয়া লইলেন এবং তাহাকে বরাবর মাইতে
দিলেন। অশ্ব মন্ত্রক ও কেশর উচ্চ করিয়া চলিতে
চলিতে আপনার অপ্রতিবন্ধকতা টের পাইল, ও তাহার
রক্ত উত্তপ্ত হওয়াতে সে সম্পূর্ণ বেগে দেণিড়াইতে

লাগিল। অশ্বারোহী তাহাকে স্থগিত করিতে অনেক চেন্টা করিলেন বটে, কিন্তু লাগান না থাকাতে ভাহার সকল চেন্টা রথা হইল, ভিনি অবিলয়ে ভূপভিত হইলনেন। আর ঘোটকও বাযুর ন্যায় ক্রতগভিতে এক গড়ানিয়া স্থানে উপস্থিত হওয়াতে, ভথা হইতে পড়িয়া একেবারে চুর্গ অস্থি হইল। ভথন আরোহী ধীরে ধীরে আসিয়া অশ্বের দশা দশ ক করিয়া কহিতে লাগিলেন হায়! এসকল আনার দোম, আমি যদি ভোমার উত্তাপ ও ভেজ নিবারণ জন্য ভোমার মুখে লাগান দিভাম, ভাহা হইলে আনার এ হুর্গতি হইত না, এবং ভূমিও মরিতে না। স্বাধীনতা মনোরম্য ও উত্তম বটে, কিন্তু মন্তুম্যেরা আটকে না থাকিলে হঠাৎ বিনাশে ধাবিত হয়।

-- 8888--

আপন ছারার পশ্চাৎ যাওয়া, অথবা কি রূপে _ জ্রীলোকের সহিত ব্যবহার করিতে হয়।

এক দিন এক মনুষা আপন ছায়া ধরিবার জনা অতিশয় উদ্যোগ করিলেন। তিনি ছই এক পা অগ্র-সর হইলে, ছায়াও তক্রপ করিল, তিনি দেড়িই-লেন, ছায়াও অবিশ্রান্ত দেড়িইল, কিন্তু সে ব্যক্তি স্বিবেচক হওয়াতে একবার পশ্চাই গমন করিলেন, তথন ছায়াও গর্ম শূনা হইয়া মনুষ্যের পশ্চাহ ধাব্যান হইল। হে জ্রীজাতি! আমি এ বিষয়টী তোমানিগেতে খাটা-ইতে ইচ্ছা করি না, কিন্তু যে ব্যক্তি ধনবতী জ্রীকে বিবাহ করিতে ইচ্ছুক, তাহাকে বলিতেছি। হে বিবাহার্থী পুরুষ! প্রবণ কর, তুমি ধনবতীর পশ্চাহ গেলে সে পলায়ন করিবে, ও তুমি পিঠ ফিরাইলে সে তোমার পশ্চাহ ধাব্যানা হইবে।

এক মনুষ্যের তিন স্ত্রী, অথবা পাপের প্রায়শ্চিত।

একদা এক যুবা পুরুষ আপন দ্রীর জীবদ্দশায় আর ছই জ্রীকে বিবাহ করিল। রাজা তাহাতে মহা কুপিত হইয়া আপন বিচারকদিগকে ডাকিয়া অপরাধী ব্যক্তির বিচারের ভার দিলেন, আর বলিয়া দিলেন তোমরা যদি কঠিন শান্তি না দিয়া উহাকে ছাড়িয়া দেও, তবে তোমাদের ফাসি হইবে। বিচার-পতিরা অনেক অনুসন্ধানের পর ব্যবস্থা পাইলেন, তিন জ্রী বিবাহ অপরাধের দও নাই, কিন্তু ছই জ্রী বিবাহ অপরাধের কঠিন শান্তি আছে। অতএব উহাকে সাক্ষাৎ কোন দও দিতে না পারিয়া, কোশলে এই শান্তি দিলেন, যে তিন জ্রীরই সহিত তাহাকে সহবাস করিতে হইবে। লোকেরা ইহাতে অসম্ভ্রুষ্ট হাবা বলিতে লাগিল, ঐ প্রকার দোষের নিমিত্তে ইয়া বলিতে লাগিল, ঐ প্রকার দোষের নিমিত্ত ইয়া বলিতে লাগিল, ঐ প্রকার দোষের নিমিত্তে ইয়া বলিতে লাগিল, ঐ প্রকার দোষের নিমিত্তে ইয়া বলিতে লাগিল, ঐ প্রকার দোষের নিমিত্তে ইয়া বলিতে লাগিল, ঐ প্রকার দোষের নিমিত্ত ইয়া বলিতে লাগিল, ঐ প্রকার দোষের নিমিত্ত ইয়া বলিতে লাগিল দুলা উহাল চিয়া আর্থি হাল ।

মেষণালিক এবং মশক অথবা পরের জন্য উগ্রতাব ফল।

কোন মেষপালক আপন বিশ্বস্ত কুঞ্বেরর উপর
নির্ত্তর করিয়া, এক শীতল উপবনে নিজা যাইতেছিল।
হঠাং একটা বিষাক্ত কণী ঝোপ হইতে বাহির
হইয়া তাহার প্রতি ধাবমান হইল। মৃত্যু সন্নিকট
ও মহাবিপদ উপস্থিত দেখিয়া, মশক তাহার কর্মে
হল কুটাইলে, মেষপালক জাগ্রত হইয়া এক আঘাতে
তর্জনকারি প্রাণনাশক সর্পের ও অপর আঘাতে
উদ্ধার-কর্তা মশকের প্রাণ নই করিল। হুর্মল লোকেরা প্রধান লোকদিগকে মহা বিপদের উপায়
দেখাইয়া দিতে গিয়া মশকের দশা প্রাপ্ত হইয়া
থাকে।

বড় ইন্দুর এবং ক্ষুদ্র মূষিক, অথবা ভীরুর বিবেচনা।

একদা একটা ভীরু কুদ্র মুষিক, একটা বড় ইণ্টুরকে কহিল, খোষজাদিগের বড় বিডালটা যে গত কলা সিংহছারা হত হইয়া ছিল, সে সংবাদ কি তুনি শুনিয়াছ? আমরা এখন শান্তিতে,বাস করিব। ইন্টুর কহিল যদি নখের কথা বল, তাহা হইলো সিংহ জীবিত নাই। কেননা বিডাল পঞ্চদের মধ্যে বলবান। ভীক্র ব্যক্তির বিশ্বাস্থ আছে যে তাহার শুক্রকে সকলে ভয় করে।

মক্ষিকা ও গৌনাছি, অথবা বেছায়ার বালাই দূর।

একদা বসন্ত-কালে একটি মক্ষিক। পুলেপর উপর বিদিয়া বিশ্রাম ও বায়ু সেবন করিতে ছিল। সে মোমাছিকে নধু সংগ্রহ করিতে ব্যক্ত দেখিয়া কহিতে দাগিল, আমার কি সোভাগ্য, এমন কোন প্রাসাদ মাই যেখানে আমি প্রবেশ করি নাই। বিবাহেতে ও ভোজেতে আমি সর্বাগ্রে স্থাদ মৎস্যাদি ভক্ষণ ও চীন দেশীয় পাতে ভোজন এবং ক্ষটিক কাঁচের পাত্রে স্বাপান করি। স্ত্রীলোকদিগের আরক্ত-বর্ণ গালে ও সুন্দর কেশোপরি বিদ। মোমাছি কহিল এ সকলই আমি জানি তথাপি অপকার-জনক বলিয়া কেহ ভোগাকে দেখিতে চায় না, দেখিলেই ভাডাইয়া দিতে উদ্যোগ করে। মাছি কহিল তুমি মাহা বলিতেছ ভাহা সত্য বটে, কিন্তু ভাহারা যদি আয়াকে দার দিয়া বাহির করিয়া দেয়, তবে আমি

নৃত্যকারী মুৎস্য অথবা অত্যাচারী। শাসনকর্তা।

দিংছ বন্ধ ও শাঠের কর্তা। একবার সে জলের উপ-রও কর্ত্ত্ব ক্রিডে ইচ্ছা করিল। কে তাহাদের সভা-পতি হইবে জিজ্ঞাসা করাতে, শৃগাল মনোনীত হইল, সে তথায় যাইয়া উত্তমক্রপ আহার করিয়া অনতি- विनरम मरा खनकां । इति श्रेके रहेन। भूगान যথন বিবাদের নিষ্পত্তি করিতে ছিল, তথন গ্রামস্থ পরিচিত যে পশুটা তাহার সজে গিয়াছিল, সে সুযোঁগ পাইয়া মংস্য ধরিয়া ভোজন করিতে লাগিল। ताजात निक्षे डेक वराशास्त्रत मध्याम (भौष्टिल. রাজা ঐ সকল বিষয় সচকে দেখিতে নিশ্চয় করিলেন। এক দিন সিংহ নদীতীরে অর্থাৎ শুগালের আবাসে উপস্থিত হইল, সেই সময় শুগালের স্থা তাহার রাত্রি-কালের খাদ্য রন্ধন করিতেছিল। ছুর্ভাগা মৎ্য্য-সকল কডায় জীবস্ত পরিত্যক্ত হওয়াতে যন্ত্রণাতে লক্ষ্ দিতে ছিল। সিংহ এই নি**ঠুর ব্যাপার দ**শনে অত্যস্ত কোধান্বিত হইয়া কহিল, একি? উত্তর করিল, মহারাজ আমার অধ্যক্ষ অতি যাথার্থিক লোক, অন্যায়াচরণ কথন করে না: এই মৎস্য-সকল আপনাকে অভ্যর্থনা করিবার জন্য আমাদের সহিত আসিয়াছে। সিংহ কহিল তবে তাহাদিগকে ছুদ্দশাগ্রস্ত দেখা যায় কেন ? শৃগাল কহিল মহারাজ ! এখন উহাদের ছুটি হওয়াতে আপনকার জীমুখ দর্শনে সকল কর্ম্ম ফুলিয়া আনন্দে নৃত্য করিতেছে। পশুরাজ উল্লিখিত 'সাহসিকতা দেখিয়া, ক্রোধে জ্বন্ত অগ্নি প্রায় হইল, এবং শাসনকর্ভা ও অধ্যক্ষকে আপন নখর দারা বিদ্ধ করত, চীৎকার করাইয়। নৃত্যের বাদ্য বাজাইতে ও তাল মান দিতে দিল।

অধীশ্বরের। দেশ জ্বণকালীন অনেকবার এতদ্রপ শ্রুগাল স্বভাব লোকদিগের সহিত সাকাৎ করেন, ভাহারা সম্ভবনীয় প্রশংসা যোগ্য কথোপকথন ছার্ কডাস্থিত ভাজা মাছের অভিপ্রায় গুপ্ত রাখিয়া দেন।

হুষ্ট ব্যক্তি, অথবা পাপের দণ্ড আপনা তা পিনি হয়।

ওকান সময় এক ছুট মনুষ্য অপার জন কয়েক অনুষ্ণী লোকের সহিত স্থাবাসী দেবতাদের বিরুদ্ধে যদ্ধ করিতে নির্দারণ করিল। তাহার। তীর ধন্তক বর্ষা এবং প্রস্তুর দারা সুসজ্জিত হইরা, যমরাজকে শুনা হইতে নিক্ষেপ করিতে প্রস্তুত হইল। দেবত রি এই ব্যাপার দেখিয়া অত্যন্ত কোধান্তিত হইয়া. দেব-রাজ ইত্রুকে তাহাদের উপর মেঘ গজ্জন করিতে কহিলেন। দেবরাজ কহিলেন বিলম্ব কর, উহাদের নিজেব হস্তই উহাদিগকে এখনই শাস্তি দিবে। তথন মহাশক শুনা যাইতে লাগিল, ও বিপক্ষদের প্রস্তুর এবং ভীর বর্ষণে আকাশ অন্ধকারময় চইল। কিন্দু মৃত্যু সহত্র ভয়ানক প্রকারে তাহাদিগকে আঘাভ করিল, কেননা তাহাদের স্বহস্ত নিক্ষিপ্ত প্রস্তুর ও তীয় ভাষাদেরই মস্তকোপরি পডিল।

পক্ত এবং শিকড়, অথবা মনুষ্টোর দর্মশীলতা।

একদা গ্রীম্মকালে ব্লেকর পত্র সকল আপনাদের भोजा (मोन्सर्वा ও मजीवर्जा विषया आर्थना आर्थान

প্রশংসা করিতেছিল, আর রাখাল ও ভ্রমণকারী-দিগকে তাহার। যে সুশীতল ছায়া প্রদান করে **छिष्वरा पर्भ किति एक । अमन ममरा कृशर्व इहैर**ङ কে • যেন মুদ্রস্থরে বলিল, ভোমরা আমাদিগকেও অপ্প প্রশংসা করিতে পার। পত্র সকল ক্রোধভরে শাখাতে ইতন্তঃ দোলায়মান হইয়া কহিল, তুই কেরে দান্তিক মূর্থ! সে বলিল ন্যাহাতে তোমরা বিদ্ধিত হও আমরণ সেই শিকড়। কি আশ্চর্য্য ধাহার। নীচস্থ অন্ধকারময় স্থান হইতে তোমাদের পোষণ करत, अ याशादनत चाता ट्यामादनत दर्भान्नया अवः टिक রুকি হয়, তাহাদিগকে কি তোমরা চিনিতে পার না, ভোমাদের ভাগ্য আমাদের ভাগ্যের সহিত যে স্ত্রিবিট ইহা কি তোমরা জান না। जीयां निगरक मबुज वर्ग (मय वर्ष), किन्तु यनि जीयां-দের মূল নটা হয় তাহা হইলে গুঁডি পত্র এবং শাখা সুষ্থিত ভোগরা সকলেই শুদ্ধ হইবে।

যাদু-ঘরের আশ্চর্য্য দ্রব্য, অথবা স্থাম বিবেচক।

এক মনুষ্য আপন মিত্রকে কহিল, অদ্য প্রায় সমস্ত দিন আমি যাতু ঘরে কাল্যাপন করিয়াছিলান, ভাহাতে অভিশয় উল্লাসিত হইয়াছি। পক্ষী, পোকুা, শত শত প্রকার সুন্দর-বর্ণ মন্ধিকা, মরক্ক মণি, পলা, পদ্ম রাগ মণি এবং সূচীর ন্যায় ক্ষুদ্র কুমি দর্শনে আমার মাথা ঘুরিয়া গিয়াছে। তাহাতে অপর ব্যক্তি কহিল, তুমি কি তথায় পর্বতাকার হস্তী দেখ নাই ? স্বক্ষ বিবেচক কহিল, না, আমি তাহা একেবারে তুষ্ফ বোধ করিয়াছিলাম।

- 0 -

দুই জন খৃষ্টান চাসা, অথবা গাতলামীর দোব।

তুরবস্থা-গ্রস্ত ছুই জন চাসার এক দিন পরস্পর দাকাৎ হইলে, এক জন কহিল, ভাই ! ঈশ্বরের বিড-য়নায় আনার ঘর দার সকলই পুড়িয়া গিয়াছে, আ'गি এখন প্থের ভিকারী হইয়াছি। অপর জন উত্তর করিল, সে কি প্রকার? চাদা বলিল, হায়! দে ছঃখের কথা আর বলিও না, ক্রিম্-মিদ পর্বের দিন জন কয়েক বন্ধুকে নিমন্ত্রণ করিয়া বাটীতে একটি ভোজ দিয়াছিলান, ব্রাণ্ডী খাইয়া আনার মাথা ঘুরিয়া গিয়াছিল, নেশায় টলমল করিতেছি, এমন সময়ে মনে হইল, গোরাল ঘরের গোরু ছুটিকে যাব দেওয়া হয় নাই, প্রদীপ হাতে করিয়া তাড়া-ভাড়ি যেমন যাব দিতে গেলাম, অমনি 'পেপাত धत्नी उत्न" थर्ड्त गांनांत्र अमीरशत जांशन नांगिता একেবারে আমার ঘর জ্বলিয়া উঠিল। নেশায় হারু ডুরু খাইকেছি, মাথা তুলিয়া চীৎকার করি এমন मागर्था नारे, दक्क्षा आमिया आमात शा धतिया টানিয়া বাহির না করিলে আমি শুদ্ধ মরিয়া যাইতাম |

অনন্তর গেঁ আর ব্যক্তিকে কহিল আমার কথা ভো শুনিলে, ক্রিস্মিসের দিন তুমি কেমন আমে দ थ्रामा कतियाहितन ? दिञीय होना विनन, আন্মেদের একশেষ, ক্রিস্মিদের আমেশদে আমি পকুঞায় হইয়াছি, আমার শরীরের অহি সকল চূর্ণ হইয়া গিয়াছে। অপর্যাপ্ত ব্রাণ্ডী খাইয়া আমি মত হইয়াছিলাম, এমন সমুয়ে আমার এক জন বন্ধু এক গেলাস বিয়ার খাইতে চাহিল, বিয়ার তথন উপরে ছিল না। বাহাছরী দেখাইবার নিমিত आगि अमील नहेनाम ना, नीत्वत अमान हहेत्व विमान রের বোতল আনিবার জন্য আমি যেমন শিভির প্রথম ধাপে পা দিব, অমনি ভূতে যেন আমার ঘাড়ে थाक्का मातिया किनिया मित्नक। औमि गड़ाहरू গভাইতে একেবারে নীচে পড়িয়া গেলাম, ভাহাতে আমার পা ও উরুদেশ ভালিয়া অকর্মণ্য হইয়াছে, আমি পদু হইয়া অৰ্দ্ধ-মনুষ্য বৎ হইয়াছি।

তৃতীয় এক জন চাসা উভয় মদ্যপের এই সকল কথা শুনিয়া বলিতে লাগিল, মদ্য পানের পর কর্ম করিতে গিয়া এক জনের ঘর পুড়িয়া গেল। এক জন পদ্ম হইল, এমুন কুৎসিত বিষসদৃশ মাদক জব্য ব্যবহার জন্য আমি ভোমাদের উভয়কেই নিন্দা বাদ করি।

আলোক, মাতালের পাক্ষে যেরপ অনিট কারক, মূর্থের পক্ষেও সেইরপ ; কিন্তু আলোক অভাবে বিষম বিপত্তি ঘটিবার অনেক সম্ভাবনা স্থাতেঃ

নেকড়িয়া ব্যাঘু এবং মেষ, অর্থবা বলবানের কাছে দুর্বলের বিচার।

বছকাল পর্যান্ত নেকড়িয়ারা মেষ-পালের মধ্যে
পিডিয়া অনেক মেষ নউ করিত। অরণ্যের প্রধান
প্রাপান পশু সকল এই বার্তা প্রবণে ক্রুদ্ধ হইয়া ইহা
নিবারণ করিবার জন্য একটি সভা সংস্থাপন করিল।
সভোরা অনেক ভর্ক বিভর্কের পর এই স্থির করিল,
যদ্যপি কোন নেকড়িয়া ব্যায়ু নেষের অনিউ করে,
তবে এই সভার সম্মুখে সে আনীত হইয়া বিচারিত
হইবে।

এক জন বলিল আমি স্বীকার করিলান, যে নেক-ডিয়া ব্যাঘু সতত কিছু অপকারক জন্ত নহে, কোন জনিট করে না, অথচ অনেক বার তাহাদিগকে মেষের খোঁরাড়ের নিকট দিয়া চলিয়া যাইতে দেখা গিয়াছে। অপর জন বলিল, তা বটে, বোধ হয় তথন তাহারা ক্ষুধিত ছিল না।

এইরপ নানা জনে নানা কথা কহিবার পর, অরণ্যমধ্যবর্তী সভা দারা এই স্থির হইল, যে, নেকড়িয়াব্যাম্ম
কোন দেখের অনিষ্ট করিবা নাত্র, মেষ ভাহাকে ভংকণাৎ ধৃত করিয়া বিচার-স্থানে বিচারার্থ আনিবে।
এ ব্যবস্থা কিছু নন্দ ব্যবস্থা নহে, কিন্তু ভদমুষায়ী
কর্ম সম্পাদ্তন সন্ধান হইবে কে? ব্যবস্থাপকদিগের
মধ্যে অনেকেই নেকড়িয়া ব্যাম্ম ছিল, ভাহাদিগের
দ্বারা স্বজাভীয় পঞ্চকে ধরিবার নিমিত্ত যে অমুমতি

প্রকাশ হইল, মে কেবল ছলনা মাত্র, ফলে নেক-ড়িয়ারাই নেষদিগকে ধরিত, মেষ দ্বারা নেকড়িয়া ধুত হওয়া কেবল অসম্ভব বাক্য মাত্র।

-- \$\$\$\$--

কলওয়ালা, অথবা যে ব্যক্তি নিন্দার যোগ্য নহে তাহাকে নিন্দা করা অনুচিত।

ময়দার কলে জল যোগাইবার নিমিত, এক জন কল-ভয়ালার কল-ঘরের পার্শ্ববর্ত্তী একটি ডোবা জলে পরিপূর্ণ ছিল। পাকা নরদামা দিয়া ঐ জল কল-খবে আসিত, ঐ নরদামা ভালিয়া যাওয়াতে জল বাহিরে যাইতে লাগিল। প্রথমে মেরামত করিলে উহা সহজে নেরামত হইতে পারিত, কিন্তু কলওয়ালা সে কর্ম্মে বিলম্ব করিয়া কহিল, এত শীঘ্র ক্লেশ করিয়া সংস্কার করণের আবশ্যক নাই, এখনও যথেষ্ট জল আছি। অনস্তর প্রচুর প্রমাণে জল বহিয়া যাওয়াতে ডোবার অনেক জল হ্রাস হইয়া গেল, তথাপি কলওয়ালার निजा-छक रहेन ना, म दिनम कतिया कहिए नाशिन. সমুদ্র কি আমার কলের চাক। ঘুরাইতে আসিবে, যা আছে আমার সমস্ত জীবন জল খরচ করিলেও ফুরা-ইয়া यादव ना। এইরপ বিলম্ব করিতে কুরিতে স্থানে স্থানে যোগ পড়িয়া জলপ্রণালী •অনেক টা ভাঙ্গিয়া গেল, তাহাতে আেতের ন্যায় প্রবল বেগে জন বাহির হওয়াতে, ডোবার জল একেবারে শুদ্ধ হইয়া

পড়িল, স্তরাং জলাভাবে কলের চাকা আরি চলিল না। তথন যন্ত্রের স্বামী শক্তিত ও উৎকৃতিত হইয়াকি করিবে এই বিবেচনায় ডোবার পারে গেল, গিয়া দেখিল, ভাহার কুকুটীগণ ডোবার অবশিষ্ট জল পান করিভেছে। তদ্দর্শনে ভাহার কোথের আর ইয়তা রহিল না, সে চীৎকার শব্দ পূর্ব্বক কহিতে লাগিল, "রে পাপায়া! রে হ্রাচার সকল! জল রক্ষা কিলে হইবে তহুপায় যথন আমি চিন্তা করিভেছি, তথন ভোরা কোন বিবেচনায় অবশিষ্ট জল পান করিভে প্রস্তুত্ত হইলি বল্ভো। এই কথা বলিয়া সে হস্তু-স্থিত লগুড় ছারা সকল কুকুটীরই প্রাণ বিনাশ করিল। এখন ভাহার হুরদৃষ্ট পূর্ণ হইয়া উচিল, জল-বিহীন এবং কুকুটী-বিহীন হইয়া সেপরিবারদিগের জীবিকা নিষ্পাদনে নিভান্ত অসমর্থ হইয়াছিল।

অনেক জমীদার নির্বোধ লোকের ন্যায় বিস্তর ধন ভোগবিলাসে অপব্যয় করিয়া থাকেন, কিন্তু তাঁহা-দিগের ভূভ্যেরা অসাবধানতা প্রযুক্ত যদি একটা দোন বাতি হারায়, তবে তাহাদিগের দণ্ড বিধানে কিছু নাত্র জ্বাটী করেন না। তাঁহারামনে করেন এই উপায় অবলম্বনে তাঁহাদিগের অপব্যয়ের প্রতিবিধান হেইবে, কিন্তু এরূপে ধন সঞ্চয় করিলে অনেক ধনাত্য পরিবার যে ছার খার হয়, ইছা তাঁহারা স্বপ্নেও একবার বিবে-চনা করেন না।

ডুবুরী, অথবা জ্ঞানাম্বেশে প্রবৃত্ত হইবার সময় আপন গভীরতা অতিক্রম করিওনা।

কোন সময়ে এক রাজার মনে এই সন্দেহ উপস্থিত হইল, বিদ্যা মন্তব্যের হিত-কারক কি অহিত-কারক, লেখা পড়া শিথিলে মন্তব্যের শারীরিক রভি বুদ্ধিত রভি এবং ধর্মপ্রেরভি উন্নত এবং নবীভূত হয় কি না? রাজপ্রাসাদে পণ্ডিতদিগের সভার পর সভা হইতে লাগিল, অনেক তর্ক বিতর্ক হইল, কিন্তু কিছুই নীমাংসা না হওয়াতে রাজার সংশায় রূপ তিমির দূর হইল না, তিনি পূর্ব্বাপেকা অধিক বিরক্ত হইলেন। এক দিন এক পূজ্যপদ প্রাচীন ক্ষমির সহিত রাজার সাক্ষাই হইলে, তিনি গললগ্ন বস্ত্রে তাঁহাকে প্রণাম করিয়া আপনার সন্দেহের কথা কহিলেন। তাহাতে মুনি অন্য উত্তর না দিয়া রাজ-সমক্ষে নিম্ন-লিখিত গণপটি বর্ণন করিলেন।

ভারতবর্ষীয় মহাদাগরের তটে একদা এক প্রাচীন
দরিত্র ধীবর বাস করিত। তাহার শেষ দশা উপস্থিত
হইলে, তৎপুত্রগণ পিতার দরিতাবস্থা দর্শনে অস্থী
এবং অসস্তুট হইয়া মনে মনে বিবেচনা ক্রিল, জালিযার কর্মা আমরা আর করিব না, এভদপেক্ষা যাহাতে
অধিক ধনোপাক্ষ ন হয়, আমরা এমন কর্মোর চেটা
করিব। ইহা স্থির করিয়া তাহারা শংগোর পরিবর্তে
সমুদ্র মধ্যে মুক্তা ধরিতে চাহিল। তিন ভ্রাতায় যদিও
তাহারা সমান সাঁতার দিতে পারিত, তথাপি মুক্তা-

नाटि मगानक्रे डांश्री कुडकार्या इरेन ना। (जार्र অলস সভাব হওয়াতে সমুদ্রের জলে এক বারও পদ প্রকেপ করিল না, অসাবধান রূপে ভটে গমনাগমন করিয়া ভাবিতে লাগিল, তরজহিলোলে ভট ধেতি হইলেই আপনা আপনি মুক্তা আসিবে, তজ্জনা আমাকে বড় একটা আয়াস করিতে হইবে না ৷ কিন্তু -তাহার ইচ্ছাতুরপ সমুদ্র সুপ্রসন্ন না হওয়াতে, নিরা-হারে সে ব্যক্তি শীর্ণকায় হইল। দ্বিতীয় ভাতা পরি-প্রামে কাতর ছিল না, সে যতদুর সাধ্য সমুদ্রের গভীর স্থানে মগ্ন হইয়া মুক্তাবেষণ করিতে লাগিল, ভাহাতে অপেদিনের মধ্যে বহু মুক্তা সংগ্রহ করিয়া ক্রমশঃ মান্য गना वदः धनुदान दान्ति इहेन। जुडीय दान्ति दनिन, সমুদ্রের ভিতর অগম্য এবং অতলস্পর্শ যে গভীর স্থান আছে, সেই স্থানই বছল মুক্তার আকর, একবার প্রাণ পণ করিয়া তথায় যাইতে পারিলে একেবারে অগণ্য मुक्ता लांच कतिया गरा धनी रहेया छेठिय। अख्डान যাঁহা ভাবিল তাহাই করিল, সমুদ্রে নিমগ্ন হইয়া অধো-ভাগ স্পর্শ করিবার নিমিত্ত যত দুর গেল, তলা কোথায় থুজিয়া পাইল না, ফলে এই ছুঃসাহস প্রযুক্ত উচিতে না পারাতে করেক ঘটার পর তাহাকে হাঁপাইয়া হাঁপা-ইয়া প্রাণত্যাগ করিতে হইল। অতএব বাজন! বিদ্যারপ সমুদ্র অতল স্পর্শ, যতই উহার অনুসন্ধান कता यात्र, उठहे भजीत त्वांध हरेता थात्क, त्य वाङ्कि দুঃসাহসী ইইয়া ভিহার অধোভাগে উপস্থিত হইতে চেন্টা পায়, সে আপনাকে নট করিয়া আপনার প্রতিবেশী-মণ্ডলীরও বিশেষ অনিষ্ট করে।

লক্ষী দেবী এবং ভিক্ষুক, অথবা সকল ধরিবার চেষ্টা করিলে সকলই হারাইতে হয়।

এক দিন এক ভিক্কুক কোন বৃক্ষভলে বসিয়া অপপন ছুরদৃষ্ট প্রযুক্ত মনে মনে বিলাপ করির। কহিতেছিল। এ সংসারে অনেকেরই বিলক্ষণ বিষয় বিভব আছে. কিন্তু তাহাতেও তাহার। সন্তুট হয় না, ধন রুদ্ধি করি-বার নিমিত্ত বর্ত্তমান ঐশ্বর্যকে বিপদায়িত করিয়া ष्ट्रभाषा माधरन थाइड इया श्राप्त नक्यीरपदी আমার প্রতি কি অপ্রসরা, আমার লোভ নাই, ধন-রদ্ধি করণের ইচ্ছা নাই, তথাপি তিনি আমাকে এমন ছুরবস্থায় রাখিয়াছেন যে উদর পুরিয়া অন্ন খাইতে পাই না। অপ্রসন্না লক্ষ্মী ভিক্তুকের এই মনোগত ভাব বুঝিতে পারিয়া, তংপতি সুপ্রসন্না হই-লেন, আর তথায় আবিভূতা হইয়া তাহাকে কহিতে नांशितन, वरम! जूमि विनाश कतिल ना, जामात তুরবস্থ। বিমোচন করিতে আমার অনেক দিন ইচ্ছা ছিল; কিন্তু সময় হয় নাই বলিয়া আমি এত দিন ভাহা সম্পাদন করিতে পারি নাই। একণে বিধাতা ভানার প্রতিকরণে-চৃষ্টি করিয়াছেন, আমি আঞ্চি ভাষার ভিকার ঝুলিট স্বর্পায় পুর্ণিত করিব। কিন্তু একটি কথা আছে, ঝুলিতে যাহা খীরিবে তাহাই স্বৰ্ণ-मूला श्टेरव, बुनि श्टेर्ड পড़िया श्रात्वरे डांश मृखिका বই আর কিছুই হইবে না, অতএব মাবধান হও,

ভোমার ঝুলিটি বহুকালের জীর্ণ দেখিতেছি, ভুমি অধিক মোহর ইহার ভিতর পুরিতে চাহিলে, কি জানি, ইহা ফাটিয়া গিয়া সকলই পড়িয়া যাইবে।" লক্ষ্মীদেবীর কথাতে ভিকুক এমনি আহলাদিত হইল, যে, মৃত্তিকাতে কি শূন্যে তাহার পদ সংলগ্ন আছে, তাহা অমুভব করিতে পারিল না। সে ঝুলি খুলিয়ারহিল, লক্ষ্মী ভাহাতে স্বৰ্যুদ্ৰা বৰ্ষণ করিতে লাগিলেন। ক্রমে ঝুলিটি ভারি হইলে, তিনি কহিলেন, কেমন আর দিব, উহা কি যথেষ্ট হয় নাই? ভিকুক কহিল, না এখনও হয় নাই। লক্ষী কহিলেন ঝুলি যে ফাটিয়া যাই তেছে। ভিক্ষুক বলিল ভয় নাই মা, আপনি অম-পূর্ণা, আর ক্লিঞ্চিং দিউন, এক মুষ্টি দিলেই ঝুলি পূর্ণ হইয়া যাইবে। লক্ষী কহিলেন, রে হতভাগ্য! ঝুলি ফাটে যে। ভিকুক বলিল, না মা আর গুটকভক দিউন। এই কথা বলিতে বলিতে ঝুলি ফাটিয়া গিয়া সমস্ত স্বর্ণমুদ্রা ভূমিতে পতিত হইল, পড়িবামাত্র সকলই ধূলিদার হইয়া বাতাদে উড়িয়া গেল। লক্ষ্মী অন্তৰ্হিতা হইলেন। নিৰ্বেধি ভিক্ষুক তাঁহাকে অন্বেষণ कतियात निमिष्ठ अध्यपूर्ण नग्रदन दिखत एउँचे। कतिल বটে, কিন্তু আর দেখিতে পাইল না। 'কি করে স্কন্ধের गृनि पृद्ध निरक्षण क्रिया यांचकीयन कन्मन क्रिट লাগিল, এবং তাহাকে যে ভিকুক সে ভিকুকের অব-স্থায় কালংভিপাত করিতে হইল।

প্রহরী কুক্কুর, অথবা অনেক কর্ম করিতে গেলে একটিও সুচারুরূপ হয় না।

পরিমিত রূপে ব্যয় নির্মাহ করিবার নিমিত্ত এক কৃষক আপন কুক্কুরের উপর তিনটি কর্মের ভার দিল, গৃহ রক্ষণ, রুটি প্রস্তুত করণ, এবং উদ্যানে জল সেচনী। নে, বলিয়া দিল, এই তিন কর্মা সুচারুরূপ নিষ্পাদন করিতে পারিলে, কুক্কুর যে পরিমাণে নিত্য আহার পায়, ভাহার তিন গুণ অধিক পাইবে। পারুক বা না পারুক, আহাবের লোভে কুক্কুর সন্মত হইল। কৃষকের যে ইচ্ছা সেই কাজ, পর দিন কৃষক বাজারে ক্ষেত্রজাত দ্রব্য বিক্রয় করণার্থ যাইবার সময়, কুরুরকে উক্ত কর্ম সকল করিতে বলিয়া গেল, আর তথা হইতে প্রত্যার্ভ হইয়া দেখিল, রুটি প্রস্তুত করা হয় নাই, বাগানে জল দেওয়া হয় নাই, এবং বার্টার জিক্সি পত্র চুরি গিয়াছে। তদ্দর্শনে তাহার ক্রোধের আর ইয়ন্তা রহিল না, সে চীৎকার শব্দ করিয়া, যার পর নাই কুঞ্বকে গালি দিছে লাগিল। কুঞ্র শাস্তভাবে প্রভুর ঐ ভূর্বাক্র সকল প্রবণ করিয়া, বিনয় ন্য বচনে উত্তর করিল, মহাশয়! অধীন বলিয়া অকারণে আপনি আমাকে এত কট্বাক্য করেন কেন? গৃহরক্ষা করিতে रशत, डेमार्गत जल राठन करत्व आर्शि এक अम সরিতে পারি না। যদি বাগানে যাই, ভবে আপন-কণর জন্য রুটী প্রস্তুত করিতে অবকাশ কেমন করিয়া হয়, আর যদি রানা অরে গিয়া ক্রটী প্রস্তুত করিতে

প্রবৃত্ত হই, তবে গৃহস্থিত অপরাপর জিনিস পতের ভত্তাবধান আমাদারা কিরুপে সম্পন্ন হয়।

কৃষিয়া দেশে রাজকর্ম্বারী জন কয়েক লোককে বিস্তর কর্ম করিতে হয়, তাহাদিগের পক্ষে এক একটি পদ স্থাক্তরপ নিষ্পাদন করাই মথেক্ট, এক ব্যক্তিকে অধিক কার্য্য ক্রিতে হয় ব্লিয়া, কোন কার্য্যই ভাল-রূপ নির্মাহ হয় না।

--0-

মেষপাল এবং কুক্কুরগণ, অথবা মন্দ ঔবধ অপেক্ষা বরং রোগ থাকা ভাল।

একদা কোন দেবপাল মধ্যে নেকড়িয়া বাংঘরণ পড়িয়া বহু নেব নত করিত। এই অত্যাচার নিবা-রণ হেতু নেবপালকেরা সকলে পরামশ করিয়া স্থির করিল, যে, যে কয়েকটা কুক্কুর এখন মেষ রক্ষা করে, তাহাদের সন্থা তিন গুণ রাদ্ধি করা যাইবে। উক্ত অভিপ্রায়ানুরপ কর্মা করিয়া তাহারা এক প্রকার নিশিন্ত হইল বটে, কিন্তু আহারাভাবে কুক্কুরেরাও যে জীবন ধারণ করিতে পারে না, ইহা ভাহারা সম্পূর্ণ বিষ্মৃত হইয়াছিল। ছটি একটি নয় যে মেষপালকদিগের পাতের উচ্ছিন্ট খাইয়া প্রাণ রক্ষা করে। বান্ধু সন্থাক কুক্কুর হওয়াতে, ভাহারা পেটের জালায় প্রথমে এক একটি মেষের লোম ও চর্মা ছিড়িয়া খাইতে লাগিল। তাহাতেও উদর পূর্ণ না হওয়াতে মাংস ও অস্থি পর্যন্ত খাইল। প্রতিদিন এইরপ

ছুই তিনটি করিয়া খাওয়াতে, দিন কয়েকের মধ্যে পালে ছয়টি বই আর মেষ রহিল না; আর, এক নাস পূর্ণ না হইতে হইতে সে ছয়টিও নিঃশেষিত হইল।

কীর্ম-স্থানে কেরাণীর সম্থা রচ্জি করিলে, কখন কখন এইরপ ফলেণ্ৎপন্ন হয়।

-- SSSS--

পিঞ্জেরব**দ্ধ বুলবুল কোঁন্ডা, অথবা** প্রিশ্রেমীর দ**ও**া

একদা এক ব্যাধ কতকগুলি বুল বুল বেঁন্স্তা ধরিয়া
শিপ্তরে বন্ধ করিয়া রাখিল। কারাকুদ্ধের অবস্থাতে
তাহারা ছঃথের গীত গায়, স্বজাতীয় পক্ষীদিগকে
উপবন বারাসত মধ্যে যখন সুমধুর মধুর ধ্বনি
করিতে দেখে, তখন তাহাদিগের ছুংথের আর পরিসীমা থাকে না। তাহারা আপনাদিগকে প্রপীড়িত
বোধ করিয়া চিন্তাকুল-চিত্তে সহক্র ধারায় অক্রী
বিসর্জন করে।

উপবনে সহচর পক্ষীদিগকৈ পরিত্যাগ করিয়া আসাতে, কারাবাসের যন্ত্রণা একটি বুল বুল বেঁশস্তার পক্ষে ত্বঃসহু বোধ হইল; আরাম নাই, নিজা নাই, সে দিবারাত্রি পূর্ব্ব সুখ মনে করিয়া কেবল বিলাপ করিতে থাকে। অবশেষে সে মনে মনে বিবেচনা করিল, শোকে অভিভূত হইয়া প্লাকিকো ফল কি? বোধ হয় আমি ভোজন পান করি কি না, তাহা দেখিবার জন্য ব্যাধ আমাকে ধরিয়া রাখিয়াছে।

এখন যদি আমি ভাহাকে সুমিষ্ট-রবে সম্বন্ধ করিয়া কোমল-সভাব করিতে পারি, তবে নিশ্চয় বোধ হই-তেছে পুরস্কার স্বরূপ কোন দিন না কোন দিন সে আমাকে স্বাধীনতা প্রদান করিবে। এই কপেনা করিয়া বিষয়-চিত্ত বুলবুল বেঁশস্তা প্রসন্ন-চিত্ত হইয়া প্রতিদিন উষাকাল অব্ধি স্থ্যোদ্য় প্র্যান্ত মনোহর মধুর ধ্বনি করিতে আরম্ভ করিল। তাহাতে তাহার সুদশা হইল না, বরং পূর্বাপেকা আরো তাহাকে তুর্দেশা-গ্রস্ত হইতে হইল। এক দিন সুনির্দাল প্রাতঃ-कर्राल रम यथामाधा मधुत खरत भान कतिराउटह, তাহার প্রভুত্ত্বেণে মোহিত ইইয়া সত্র পিঞ্জন-দ্বার উদ্ঘাটন করিল, এবং যে সকল পক্ষীর স্বর উত্তন নহে তাহাদের সকলকেই ছাড়িয়া দিল। কিন্তু মনোহর গায়ক বুলবুল বোঁস্তার আর কারা-নোচন হইল না, স্বাধীন হইবার প্রত্যাশায় সে গলা ফলাইয়া যত সুস্বর প্রকাশ করিতে লাগিল, ততই বাাধ ভাহার কারাবাদ পিঞ্জর পূর্বাপেকা চূচতর অংবদ্ধ রাখিতে যত্ত্বান হইল।

__0__

ভাষণকারী ও কুক্কুর, অথবা যুমন্ত বাঘকে জাগাইও না।

তুই বন্ধু পাঁথ মধ্যে চলিয়া যাইতেছিলেন। হঠাৎ একটা কুল্পুর ভয়ন্ধর ঘেউ যেউ শব্দ করিয়া ভাহা-দিগের প্রতি, ধাবমান হইল। তাহার চীৎকার শব্দ শুনিয়া আরো গোটা কতক আইল, ক্রমে পঞ্চা-শট। কুষ্কুর একত হইয়াভীষণ গজ্জ ন করিতে লাগিল। তাহাতে এক জন বন্ধু পথের একথান প্রস্তর হস্তে লইয়া তাহাদিগকে মারিতে উদ্যত হইলে, অপর জন কহিলেন, 'বন্ধু কি কর, তুমি পাগল না কি? এই সামান্য প্রস্তর দারা তুমি পঞ্চাশটা কুছুরের চীৎকার শব্দ নিবারণ করিতে চাও। তুমি ইহা উহা-প্রতি নিক্ষেপ করিলে, উহার। ক্রোধ-পরবশ হইয়া এমনি ঘোরতর শব্দে আমাদিগকে আক্রমণ করিবে, যে, আমরা পলাইবার পথ পাইব না। আইস, কুক্কুরদিগের খেউ খেউ শক্তে মনোযোগ না করিয়া আমরা পথে চলিয়া যাই, হয়ভো উহার। আপনা আপনি নিস্তক হইয়া যাইবেঁ। সুবুদ্ধিমান বিজ্ঞ ব্যক্তি যাহা বলিলেন তাহাই হইল, ভাঁহারা এক শত পদ চলিয়া যান নাই, কুঞুরেরা অনর্থক ভাঁহা-দের পশ্চাৎ দেড়িয়া ও চীৎকার করিয়া একেবারে হাঁপাইয়া পড়িল, সুতরাং আর ঘেউ ঘেউ করিতে পারিল না।

হিংঅকেরা সুবুদ্ধিমান কৃতী পুরুষদিগের মহৎকর্ম্ম দেখিয়া চীৎকার শব্দ-পূর্ব্বক ভাষাদের নিন্দা বাদ করে, করিতে, দেও, দুরাত্মারা অত্যত্প দিন এইরূপ করিবে, কিন্তু অচিরে তাহারা আপনা আপনি যে নিস্তুর হইবে, ভাহার আর কোন সন্দেহ নাই।

শৈক্ষক সর্প, অথবা সংকুলোম্ভব না হইলে স্বাচারী হওয়া অসম্ভব ৷

একদা পলিগ্রামবাদী এক কৃষক পরিবার মধ্যে এক-জন শিক্ষকের আবশ্যক হইয়াছিল। একটা সর্প সেই কর্ম প্রার্থনায় গৃহত্তের বাটীতে উপস্থিত হইয়া কহিল, ভাই কৃষক! আমাদিণের জাভির তুর্নাম র্সকলেই করিয়া থাকে, সচ্চরিতের প্রতিষ্ঠা-পত্র আমরা কাহারো নিকট পাইবার যোগ্য নহি, সর্পবংশে জন্ম গ্রহণ করিলে অবশ্যই ছুশ্চরিত্র হয়, ইহা লোকে স্থির সিদ্ধান্ত করিয়া রাখিয়াছে। আমি আমার বিষয়ে বলিতে পারি, এ অপবাদ হইতে আমি পরিমুক্ত হইয়াছি, যাদও কোন সর্প কোন শিশুকে কখন দংশন করিয়া থাকে, তথাপি আমার তাতি এরপ দোষারোপ কেহ করিতে পারে না। অন্য ফণীর ন্যায় আমার বিষদ্প আছে বটে, কিন্তু তাহা ব্যব-হত কখন হয় নাই। অভএব তুমি দেখ আমি স্ব-জাতীয়দের মধ্যে শ্রেষ্ঠ, জীব-হিংসার্রতিতে প্রব্রুত না হইয়া উত্তম শিক্ষক হওনের অভিপ্রায় যথন আমি প্রকাশ করিভেছি, তথন তাহাতেই তুমি আমার সাধু শভাবের প্রমাণ প্রাপ্ত হইবে। পলিগ্রামবাসী গুহস্থ বলিল, ভোমার কথা সত্য হইলেও হইতে পারে বটে, কিন্তু তথাপি আমি তোগাকে শিক্ষকের পদে নিয়োগ করিতে পারি না , কারণ ভোমার আত্মীয় কুটুম্বগণ আশার বাটীতে তোমাকে নিযুক্ত হইতে দেখিলে, যাওয়া আসা করিতে ছাড়িবে না। ভাহার।

বন্ধুত্ব ভাবে ভোমার সহিত ছই চারি দিন বাস করিলেও করিতে পারে। ভাহা হইলে একটি উভম সর্পের
জন্য বছ প্রভারকের সংস্রব নিভ্য আমার বাদীতে
হইবে, আমার পরিবার ভদ্ধারা শীঘ্র যে উচ্ছিন্ন-যাইবে
তার আর কোন সন্দেহ নাই। ফণীবর! রাগ করিও
না, ভোমার সাহায্য আমার পক্ষে ভৃষ্টিকর বটে,
কিন্দু জানিয়া শুনিয়া আপন সর্বনাশ কে কোথায়
আপনি করিয়া থাকে: সভ্য কহিভেছি, সর্প জাতির
মধ্যে যাহার। অভ্যুত্তম বলিয়া মান্য গণ্য, ভাহারাও
এক কপদ্ধিকর যোগ্য পাত্র নহে।

পাঠকগণ আমার এই গণ্পের তাৎপর্যা তোমর। কি বুঝিতে পার না। *

হস্তী, অথবা অপরের মহদ্গুণ দেখিয়া ঈর্ষা করা উচিত নয়।

একদা এক হস্তী পশুরাজ দিংহকে দাভিশার সন্তুষ্ট করিয়াছিল, দিংহ তৎপ্রতি প্রীতি দেখাইবার জন্য তাহাকে উচ্চ পদস্থ করিল। বনবাদী পশুগণ ইহাতে ক্রোধ প্রকাশ করিয়া কহিতে লাগিল, বাহ্য দৃষ্টি এবং আচার ব্যবহারে হস্তীর প্রদান কোন মনো-

^{*} ক্ষিয়া দেশে করাশী শিক্ষক নিযুক্ত করিয়া প্রধান প্রধান পরিবারের বালকদিনের শিক্ষা বিধান ছইত, প্র শিক্ষকেরা শাস্ত্র ও নীতি বিরুদ্ধ মত তাহাদিগকে শিখাইত। ক্রীলক তাহা-দিগকে বিদ্ধাপ করিয়া এই গণ্প রচনা করিয়াছেন।

রম এবং প্রসিদ্ধ গুণ নাই যে এরপ্রপণ পাইবার যোগ্য হয়। থেঁকশিয়াল লাঙ্গুল নাড়িয়া বলিল, আমার মত তাহার যদি ঝাঁকড়া লেজ থাকিত, তবে আমি তাহাকে এক দিন প্রশংসা করিতে পারিভাগ। ভল্লুক বলিল, আমার মত তাহার পদে-তো সুতীক্ষ্ণ নখর নাই, তবে আবার তাহার সেপিদ্ধ্য কি? রুষ শৃঙ্গ উভোলন করিয়া, দুর হউক তোমরা কেহই বুঝিতে পার নাই, হস্তীর দন্ত ছটি লয়া, নিশ্চয় বোধ হইতেছে, সে এ দন্ত ছারা রাজপ্রসাদ লাভ করিয়া থাকিবে। কি জানি রাজা ভ্রম বশতঃ এ দন্তদ্বয়কে শৃঙ্গ জ্ঞান করিয়াছেন। তদ্পুবণে গর্দভ আপন করি উন্নত করিয়া কহিতে লাগিল। যথার্থ কারণ ভোমরা কেহই জান না, স্পাট দেখা যাইতেছে, হস্তী কর্ণ দ্বারা পশু রাজকে সন্তুট করিয়া থাকিবে।

কর্মা প্রযুক্ত আমরা অন্যের দোষ লক্ষ্য করিয়া থাকি, গুণের প্রতি লক্ষ্য করি না।

-0-

ক্রমক ও খেঁকশিয়াল, অথবা চোরকে বিশ্বাস করিতে নাই।

একদা এক পল্লীপ্রাম বাসী কৃষক এক থেঁকশিয়ালকে বলিল, "বেন্ধো! কুকুট চুরী করণ অপকর্মটি
তুমি এত ভাল বাস কেন? তোমার যে ব্যবসা সে
ব্যবসার মধ্যেই নয়, উহাতে লাভ তো কিছুই দেখি

না, লাভের মধ্যে জন সমাজে অপমানিত, লজ্জিত এবং অভিশাপগ্রস্ত হইতে হয়। চেগ্রিবৃত্তি অব-লম্বন করিয়া যে অকিঞ্চিৎকর খাদ্য প্রাপ্ত হও, ভজ্জন্য জীৰিভাবস্থায় কোনু দিন কে ভোমার গাতের চর্ম উৎপাটন করিবে, ইহা তুমি এক বারও ভাব না। ছিছি। বংকিঞ্চি আহারের জন্য আগ্ন প্রাণকে বিপদগ্রস্ত করা কি বুদ্ধিয়ানের কর্মাণ খেঁকসিয়াল কহিল, যথার্থকহিতেছ, আমিও ঐব্যবসায়ে এখন ভ্যক্ত বিরক্ত হইয়াছি, কুঞ্ট-নাংদ আর আমার মুখরোচক হয় না। আমি নিজে সচ্চরিত্র বটে, কিন্তু আমাকে পরিবার প্রতিপালন করিতে হয়। জীবন ধারণের জন্য যে উপজীবিকা অবলম্বন করিয়াছি, ভাহাতে ক্লান্ত হইলেই বা কি হইবে, আমার স্বজাতীয় পশু-রাও ঐ কার্য্য করিয়া থাকে, তাহাদিগের অপেকা উহাতো অপকৃষ্ট ব্লুতি নহে, তবে আমি ইহা ছাড়া আর কি করিব বল। কৃষক বলিল, চৌর্যারুত্তি অতি-জঘন্য কর্মা, ইহা যদি তোমার স্থির হৃদয় স্থা হইয়া থাকে, তবে যাহাতে তুমি সাধু ও নির্দোষ উপায় দারা জীবিকা উপাজ্জ ন করিতে পার, আমি এমন একটি কর্ম .দিব। তুমি আমার বার্টীতে থাকিয়া উত্তম খাদ্য প্রাপ্ত হইবে, কর্মোর মধ্যে তোমার স্বজা-তীয় বন্ধদিগের তীক্ষ দন্ত দারা আমার হংস কুকুট পালিত পক্ষী গুলি যেন नके ना इय, , मर्जना এই ভত্ত্বাবধান করিবে, কারণ তুমি ভাহাদের চাতুর্য্য ও পুর্ত্তার বিষয় বিশেষরূপ অবগত আছ। খেঁক-শিয়াল ইহাতে সমত হইয়া কৃষকের হংস ও কুকু ট-

দিগের রক্ষক পদে অভিষিক্ত হইল, এখন আর কোন ভয় নাই, প্রতি দিন নির্ভয়ে মহা ভোজন করিয়া বিলক্ষণ হাউ পুঊ হইল। কিন্তু যে অসৎ সেই অস-চরেত্র, অপা দিনের মধ্যে সে আপন অভ্যক্ত প্রত্যু-রুত্তি এমনি চরিতার্থ করিল, যে, এক পক্ষের মধ্যে কুষকের বারীতে একটিও হংস ও কুকুট রহিল না।

ু সজরিত্র সাধু ব্যক্তি দরিত্রও যদি হয়, তথাপি সে অন্যের সম্পত্তিতে লোভ করে না। কিন্তু চোর্য্য-ব্লভিতে প্রবৃত্ত যে লোক লক্ষ মুদ্রা দিলেও সেপর-দিন পুনর্কার চুরী করিবে।

শূকর এবং আতা রক্ষ, অথবা অক্লভজতা।

একদা একটা প্রাচীন আন্ত রক্ষের তলায় বিস্তর আন্ত্র পড়িয়াছিল। একটা শুকর গলায় গলায় তাহা ভক্ষণ করিয়া সেই স্থানেই নিজা গেল। জাগ্রত হইয়া সে প্র প্রকাণ্ড রক্ষের চতুর্দ্দিকস্থ মৃত্তিকা নাসিকা ও দস্ত ছারা খনন করিবার উপক্রম করিলে, শাখায় উপবিষ্ট একটা কাক ভাহাকে নিষেধ করিয়া উচ্চঃস্বরে কহিল, "কি কর, কি কর, যদাপি ভোমার দন্ত ছারা রক্ষ-মূলের অনিষ্ট হয়, ভবে যে গুঁড়ী পর্যান্ত শুক্ষ হইয়া যাইবে ভাহা কি তুর্নি জানংনা।" শুকর বলিল, গাছের গুঁড়ী শুক্ষ হয় হউক, যাহাতে আমাকে হান্টগুট করে, সেই জান্ত্র পাইলেই হয়। এই কথা শুনিয়া আক্রম্ক

কোধাবিউ হইয়া কহিল, রে কৃতন্ম ় রে মহাপাত কি । একবার মস্তকোত্তোলন করিয়া উর্দ্ধিটি কর, যে ফল খাইয়া তুই হুন্ট পুন্ট হইয়াছিস, সে আমার উৎপা-দিত ফল বই আর কাহারো নহে।

যে অজ্ঞান, শিপা এবং বিজ্ঞান শাস্ত্রবিষয়ে বিরুদ্ধ কথা কহিয়া বিবাদ করিয়া থাকে, ভাহাদিগের ফলে যে ভাহার শরীর পোষণ হয়, ভ্রমক্রমে একবারও সে এমন বিবেচনা করে না।

বানর এবং মুকুর, অথবা আত্ম দোষ আমরা দেখিতে পাই না।

একদিন একটা বানর আয়নাতে আপন প্রতিরপ দেখিয়া এক ভল্লুককে সন্ত্রাষণ করিয়া বলিতে লাগিল। ভাই! ছি!ছি! আশীর ভিতর ওটা কি কুৎদ্রিভ জ্বনা মক্ষরাদার জন্তু, আমার যদি অমন মূর্ত্তি হইভ, আমি গলায় দড়ি দিয়া মরিতাম। আমি জানি আমার পাঁচ ছয় জন অমুষদ্ধী বন্ধু ঠিক এমনি কদা-কার, যদি বল, আমি অলুলি গণনা করিয়া ভাহাদের নাম বলিতে পারি। ভল্লুক বলিল, তুমি অমর্থক এমন প্রলাপ বাক্য কেন কহিভেছ? তুমি আপনার ঐ কুংসিত চিবুকটি, একবার লক্ষ্য কর দেখি। কিন্তু ভল্লুকের সন্ত্রপদেশ ভৎপক্ষে রুখা হইল, বানর ভাহার কথায় প্রত্যয় করিল না। এইরূপ বানর অনেক আছে, ব্যক্ষ্যোক্তি বিশিষ্ট কাব্যরূপ মুকুরে তাহার। আপনাদের প্রতিরূপ দেখিতে পায় না।

নেকজিয়া ব্যান্ত এবং মেষপালকগণ, অথবা কড়া বলে হাড়ী ভাই ভোমার তলা কাল ।

একদা এক নেকডিয়া ব্যান্ত নেষের থোঁয়াড়ের চতুপার্শে ঘুরিয়া বেড়াইতে ছিল, বেড়াইতে বেড়াইতে
দেখিল জন কয়েক মেষপালক একটা মেষের চতুর্থাংশের একাংশ পরস্পর বিভাগ করিয়া লইতেছে।
মেষ-রক্ষক কুত্নুরগণও তাহার কিয়দংশ পাইবার
জন্য সেহানে বিদ্যা আছে। তদ্দশনে নেকড়িয়াটা
বিদ্রপ করিয়া বলিল, আহা সদাশয় মহাশয়গণ!
এখন ভোমাদের আমাদের মধ্যে প্রভেদ কি? আমি
যদি মেষ নই করিয়া আপনাদিগের মধ্যে এইরূপ
অংশ করিয়া লইতাম, ভবে ভোমরা যে কভ গোলমাল
করিতে তাহা বলিতে পারা যায় না।

বোরাই গাড়ী, অথবা অভ্যন্ত সত্ত্বর হইলেই মন্দগতি হয়।

একবার হাঁ'ড়ীতে'পরিপূর্ণ অনেকগুলি শকট গড়া-নিয়া স্থানের উপর দিয়া চালিত হইভে ছিল। গাড়ীর কর্ত্তা অনিষ্ট ,নিবারণ হেতু ভঙ্গপ্রবণ জিনিসগুলি প্রথমে ঐ স্থানের উপরিভাগে রাখিল, পরে সারধান পুর্বক কতকণ্ডলি হাড়ী খোড়ার পুঠে বান্ধিয়া দিয়া ঘোড়া চালাইতে লাগিল। বোঝার ভারে পাছে পড়িয়া যায়, এই ভয়ে তুর্বল পশুটি ধীরে ধীরে যাইতেছে, এমন সময়ে অপর একথান শকটের একটা অহঙ্কারী চঞ্চল পূর্ণধেবিন খোটক তাহাকে অবলোকন করত নিন্দা করিয়া কহিতে লাগিল, বাহবা! বাহবা! কি জনকালই হইয়াছে। এই জনাই প্রভূ তোমার নিমিতে শ্লাঘা করিয়া থাকেন, বাছার চলন ভো নয়, ঠিক যেন একটি কাঁকড়া যাইভেছে। একেতো সম্পূর্ণ বক্র, ভাতে আবার পীঠ বাঁকাইয়া চলিতেছ, এখনি যে উছোট খাইয়া বামভাগের পাথরের উপর পড়িতে হইবে। আর একটুক টানিয়া চলনা, এতো डेक পाहा ज नम्र अवर तांकिकाल नम्, मित्नत दिनाम পাঁহাড়ের নীচে দিয়া যাইতে এত ধুম ধাম কেন? এমন একটি গৰ্মত, এরপ জন্তকে দেখিতে কেহ **रेध्या। বলম্বন করিতে পারে না. কেবল জল বহন বাতি-**त्रिक अष्टे। जांत कांन करमीत (यांशा नग्न। जांगता क्तिमन कतिया यांहे, अकरात अहरक पृष्टि कत, मूह ईकाल नके इट्रेंद ना, आमदा शांड़ी ना होनियांड अर्केदारक গড়াইয়া লইয়া যাইব।

অভঃপর পৃষ্ঠের মেরুদও বক্র করিয়া ক্ষয়ের কেশর উত্তোলন পূর্বক অহলারী যুবক অথ বোঝাই গাড়ী টানিতে আরম্ভ করিল। ঢালু • জায়পায় গাড়ীর ঢাকা কভক্ষণ চলে, ছুই এক হাত চালিত না হইডে হইডে গাড়ীথানা বোঝার ভরে ট্রুমল করিতে লাগিল। অহসারী ঘোড়াটা তথাপি কিছু দুকপাত করিল না, চালাকি দেখাইবার জন্যে তেজে দেগিড়া-ইতে লাগিল। তাহাতে গাড়ীখানা এক ধাক্কায় ঘোড়ার পীঠে পড়িল, বোমটা চূর্ণ হইয়া গেল, এবং মোটা নোটা শোণের রসি একেবারে ছিন্ন হইল। ঘোড়াটা ভূতলশায়ী হইয়া দারুণ যন্ত্রণায়খাবি খাইতে লাগিল, পরে প্রন্তর ও নরদামার উপর দিয়া পড়িয়া বোঝাই গাড়ীশুল্প নদীর জলে পত্তিত হইল। তাহাতে হাঁড়ী ব্যবসায় ঘারা তাহার প্রভু ধনোপাক্ষ নের যে আশা করিয়াছিল, সে আশায় নিরাশ হইতে হইল।

অনেক মনুষ্য এমত অহকারী এবং চুর্বলে, যে, অপর বাজির সকল সদ্ধাও সংকর্মাকে তাহার। অন্যায় দোষ বোধ করে; কিন্তু তাহার। আপনার। যথন স্বহস্তে সে কর্ম করিতে যায়, তখন তাহাদের কর্ম দ্বিগুণ অন্যায়ও নন্দ হইয়া থাকে।

পূর্ণবয়স দাঁড়কাক, অথবা অত্যন্ত বর্দ্ধনেচ্ছুক হওয়া ভাল নয়।

একদা এক উৎকোশ পক্ষী অত্যুক্ত শ্নামার্গ হইতে শোঁ শোঁ শক্ষে নামিয়া এক মেষপাল মধ্যে পড়িল, এবং সহর একটি ছোট মেষশাবককে ধরিয়া পুনরায় আকাশে উভিয়া গেল। তদ্দ নে বয়ঃপ্রাপ্ত একটা দাড়কাক তদতুরূপ সাতিশয় লোভাকৃট হইয়া মনে বনে ভক্ক ক্রিয়া কহিতে লাগিল, "এবিষয়ে প্রাপ্তা খ

হওয়া আমার উচিত নয়, যদি একবার আমি এক रमस्भातक लहेगा या है, তবে আরো लहेट পারিব। এक জনের পায়ের থাবা কর্দ্ধন লেপনে মলিন করণে আব-শাক কি ? উৎকোশ পক্ষী জাতির মধ্যে অনেকেতো ছুর্বল আছে, ভবে কেমন করিয়া ভাহারা মেষ্শাবক ধরিয়া লইয়া যায় ? আমার যে বুদ্ধি আমি ইচ্ছা করিলে भावक कि, इसे शूसे अकरे। यु एमस्क ध्रिया नहेया যাইতে পারিব। এই স্থির করিয়া কাকটা ভূমি হইতে উথিত হইল, আর মেষপাল ও তৎশাবকগণের প্রতি লোভদৃষ্টি করিয়া বিচক্ষণতা পূর্বক তাহাদের মধ্যে কোন্টা ভাল কোন্টা মন্দ বিবেচনা করিতে লাগিল। অনেক ভাবিয়া চিস্তিয়া সে এমন একটি ছাট পুট প্রকাণ্ড মেয় মনোনীত করিল, 'যে তদ্রুপ একটি পশু ধুত করা নেকড়িয়া ব্যাত্মের পক্ষেও ছঃমাধ্য। যাহা হউক, সে প্রস্তুত হইয়া সত্ত্র বেগে উড্ডীয়মান হওত উক্ত মেষের উপর পড়িল, এবং সবলে তাহাকে ধুত করিয়া ভাহার লোমারত শরীরে আপন নশর বিদ্ধ করিল। অতঃপর তাহার বোধ হইল, যে, শিকার সে কোন মতেই ধরিয়া লইয়া যাইতে পারিবে না, সর্বা বিধায়ে উহা তৎপক্ষে অনুপ্যোগী। এদিকে লোক সকল এক দুটে ভাহার প্রতি দৃষ্টিপাত করিয়া দেণিড়িয়া আদিতেছে। উড়িয়া পালাইতে চেকা करत, किन्तु शनारेदात त्या नारे, स्वरुद्ध नमा लाग তাহার পায়ের থাব। জড়িয়া প্রিয়াছে। এখন আগগন্ধ বিপদ হইতে তাহার মুক্ত হইবার আর কোন र्छेशांत्र नाहे। मुर्केक लाकमित्रत के अनि छ नित्री-

ধকে ধরা অতি সহজ ব্যাপার হইল। ঘেষপালকেরা আসিয়া তাহাকে হস্ত দ্বারা ধরিলে, তাহার শের্বা বীর্যা একেবারে লোপ হইল। তাহারা ঐ অহক্ষারী দাঁডকাকের শুদ্ধ পাথা কাটিয়া ছাড়িয়া দিল, না, বালকেরা ভাহাকে লইয়া আমোদ ও ক্রীড়া করিতে লাগিল।

মানব জাতির মধ্যে অনেক্বার দুই ইইয়াছে, যথন নীচমভাব কুদ্র লোক মহলোককে অন্তক্রণ করিতে চাহে, তথন মহদাশয় ব্যক্তিরা যে দোষকে ভারি দোষ জান করেন না, নীচাশয় লোক ভাহা বিষম দোষ বিবেচনা করিয়া, প্রতিকল দিবার চেইটা করিয়া থাকে।

শুঁড়ী ও মুচী, জথবা ধনে সুখ নহে, কিন্তু সুখ হয় মনে।

- একদা মদ্য ব্যবসায়ী এক জন শে ত্রিক মদ্য বিজয় দ্বারা বিস্তর ধনোপার্জন করিয়াছিল; তাহার ধনের ইয়ন্তা করিছে লোক সহসা পারিত না। রাজপ্রাসাদ তুল্য দনোহর প্রকাণ্ড অটালিকা নির্মাণ করিয়া, সে তুমধ্যে বাসকরিত। তাহার ভাণ্ডারে ভোগ-বিলাসো-প্রোগী বড়মানুষের প্রয়োজনীয় কোন দ্বোরই অভাব ছিল না, সে উপাদেয় খাদ্য সামগ্রী ভোজন এবং অত্যুহকুট ক্রেদ্যপান করিত। প্রতিদিন তাহার বারীতে উৎসব হইত, আপানি যেরপ খাইত বন্ধু বাক্কর্দিগকে নিমন্ত্রণ করিয়া সেইরপ ভোজন পান

क्तांइछ। मत्था गत्था छारांत राजित्व ताजिकातन मुछा गीडामि आस्माम अनक किया इरेड, अधिक कि, গাড়ী ঘোড়া প্রভৃতি যে সকল বস্তু ধনাট্য লোকদিগের সাংসীরিক সুখের জন্য আবিশাক, শেষিভকের সে সকলই ছিল। অসুখের মধ্যে একটা তাহার প্রধান অসুথ ছিল এই, রাত্রিকালে এক দিনও তাহার সুনিদ্রা হইত না, সে ঘটায় ঘটায় জাগিয়া উঠিতু, চক্মুদিলেই নানা কুষগ্ন দেখিয়া সশক্ষিত হইত। পর লোকে তাহাকে ঈশ্বরের বিচারে দণ্ডায়নান হইতে इहेर्द, अथवा ভविषा ए निर्धात इहेर्द, धरे जाव-নায় তাহার উক্ত তুর্দ্দো ঘটিয়াছিল কি না, তাহা আমি বলিতে পারি না, কারণ যে খানে বিষয় সেই খানেই চিন্তার প্রাহর্ভাব দুফ হইয়া থাকে। প্রাভঃকালে সুশীতল সমীরণ হইলে সে অপ্প একটুক নিদ্রা যাইতে চেষ্টা করিত বটে, কিন্তু মূতন যাতনা এবং মূতন ভাবনা তাহার মনে উদয় হওয়াতে, সকালেও সে কোন মতে ঘুমাইতেপারিত না। যাহাহউকপরমেশ্বর তাহাকে এक कन প্রতিবাসী দিয়াছিলেন, জাতিতে সে চর্মকার, বনিকের বার্টীর সমুথ ভাগে ভাহার পর্ণকুর্টীর ছিল। টাকা নাই, ভোজন পানাদির পারিপাট্য নাই, দরি-स्रोदञ्चाम त्म दाल्कि कान यांशन कति उठ दर्छ, किन्छ মনের হর্ষ প্রযুক্ত সে এক দণ্ড কাল নিঃশব্দে থাকিতে পারিত না, জুতা গড়িতে গড়িতে সে,প্রাতঃকাল হইতে দ্বিতীয় প্রহর, এবং তৃতীয় প্রহর 'ইইতে রাত্রি এক প্রহর পর্যান্ত, সুখে গান গাইত। চর্মকার গাই-वांत्र मनग्र উरिक्रः यदत शाहेल, यूजतार व्याह्यः कारन धनीत

নিত্রা আইলেও দে ঘুমাইতে পারিত না। বলিক কিরপে তাহার গান বন্ধ করিতে পারে? যদি, বল-প্রকাশ পূর্বক আজা দিয়া নিবারণ করণের চেন্টা পার, তবে তাহার আজা কে মানিবে, এরপ আজা দিতেও তাহার কোন অধিকার নাই। সে বিনয় রাক্যে চর্ম-কারকে পত্র লিখিয়া প্রার্থনা করিল, কিন্তু সে প্রার্থনা চর্ম্মকার কোন মতে গ্রাহ্য করিল না। তাহাতে সে তাহার সহিত সাক্ষাৎ করিয়া কথা কহিবার জন্য তাহাকে ডাকিয়া আনাইতে লোক পাঠাইল। তদ্য-মারে প্রতিবাসী চর্ম্মকার আইলে, বিনয় বচনে ধনী তাহাকে প্রিয় সম্ভাষণ করিয়া কহিল।

শো। প্রিয় বজো! কেমন আছ?

চ। ঈশ্বরপ্রসাদে সকলই মৃদ্রল, কোন বিষয়ে কোন প্রকার হিবলক্ষণ্য নাই, দয়া করিয়া আপনি যে আমাকে এমন মিফ কথা কহিলেন, ভাহাতে আমি আপনকার নিকট বডই বাধিত হইলাম।

শো। তোনার কাজকর্ম এখন কিরপ চলিতেছে ? না চলে, সভা করিয়া বল, ভোনার মত লোক এক জন আনার বড়ই আবশ্যক হইয়াছে।

চ। মহাশয় ! কাজকর্ম মন্দ নয়, আমার হক্তে মর্মানাই মথেট কর্ম থাকে।

শো ৷ ভবে তুমি সুখে আছ, যে রভি অবলম্বন করিয়াছ ড়াহাতে অসভোষ ডোমার নাই।

চ। অগন্তট থকন হইব ? পরমেশ্বর আমাকে বে অবস্থায় বাথিয়াছেন, তাহাতে অগন্তোয প্রকাশ করিলে অধর্ম হইবে। এ কথাতে আশ্চর্য হইবেন नाः शन इंकि कंतरन जागात तका नारे, जागात धर्माशकी मुक्ती स्कती अवर धर्माशीला।

শো । এই জন্যই কি ভুমি প্রকুলচিত, মনের সুখে দিবারাত্রিগান করিয়া থাকে ?

্চ। মহাশর যুবতী ধর্মশীলা জীর সহবাসে মনের নির্মাল আনন্দ এবং উংসাহ না হয়, এমন ভো লোক দেখিতে পাই না ।

শে। সভা করিয়া বন, ভোদার কাছে সর্বাদা কি টাকা পাকে, অন্টন কথন হয় না ?

চ। না, এত টাকা থাকে না যে প্রয়োজনের অতিরিক্ত ব্যয় করি, কিন্তু এ জগতের অকর্মণ্য অনর্থক পদার্থ এবং ভোগ-বিলাদ আমি চাহি,না। সূত্রাং আমাকে টাকা অন্টনের জন্য বিরক্ত হইতে হয় না।

েশে। তবে বন্ধে। এ সংসারে থাকিয়া ভোমার ধনী হইবার অভিলাধ নাই ?

চ। ধনের অভিলাষ নাই আমি এমন কথা বলিতে পারি না, ধন রজি করণের আকাজ্জা মনুষ্য-মাতেরই আছে। আপনি আপনা হইতেই বিশেষ জানেন, আপনকার ঐশ্বর্যাের তো পরিসীমা নাই, তথাপি আপনি এ ধন অপ জান করিয়া আরো চাহেন কেন? আমার যাহা আছে, তজ্জনা আমি পরমেশ্বরকে ধন্যবাদ করি বটে, কিন্তু এমন ভরসাও করি, ধনে আমার কিছু মাত্র অপকার করিবে না।

় শো। প্রিয় বন্ধো! ভূমি বুদ্ধিমানের মত কথা কহিতেছ, যেথানে ধন সেই খানেই কেই, দরিতভা এ সংসারে কোন মতেই লজ্জার কারণ নহে, একথা যথার্থ বটে, কিন্তু ধনহীন হইলে জগতে যে নানা-বিধ কট সহু করিতে হয়, তদ্বিয়ে অণুমাত্র সন্দেহ নাই। অতএব স্থির সিদ্ধান্ত হইল, দরিদ্র ইওয়া অপেকা ধনী হওয়া তাল। তোমার সহিত কথা কহিয়া আজি আমি বড়ই আহ্লাদিত হইলাম, প্রীতির প্রুমাণ স্বরূপ, আমি তোমাকে পাঁচ শত মুলায় পূর্ণ এই থলিয়াটি দিতেছি, তুমি ইহা লইয়া নিয়া তোমার যুবতী ধর্মাণীনা সহধর্মাণীকৈ দেও। নম্কার, এখন যাও, ঈশ্ব-প্রসাদে আমার দত্ত এই টাকা যেন তোমার পক্ষে আশীর্কাদ স্বরূপ হয়। কিন্তু এ টাকা তুমি অপচয় রা অপবয়য় করিও না, যত্ন পুর্কাক সঞ্চয় করিয়া রাখিও, ভবিষাতে যখন তোমার এমন অভাব হইবে যে এ টাকা বয়ম না করিলে কোন মতে চলিবে না, তথনই বয়য় করিও।

অনন্তর চর্ম্মকার প্রীত মনে যত্ন-পূর্ব্বক থলিয়াটি হস্তে থারণ করিয়া আপন গৃহাভিমুখে চলিল। জন্মাবিথি অত টাকা সে একেবারে কখন পায় নাই, অতএব পরম পদার্থ জান করিয়া সে একবার উহা আংরাখার ভিতর রাথে, একবার চাদর ঢাকা দেয়, এই-রূপ অনেক সংগোপনে বাটীতে আনিয়া আপন ধর্ম-পত্নীকে দিল। টাকা দেখিয়া ও গণনা করিয়া প্রথমে তাহারা স্ত্রী-পুরুষে সাতিশয় আহ্লাদিত হইল বটে, কিন্তু সামান্য পর্ণ-কুটীরে বাস, পাছে দস্য আদিয়া অপহরণ করিয়া লইয়া যায়, এই সন্দেহে ভাহাদের অস্থুও ভয়ের আর পরিসীমা রহিল না।

রাত্রিকাল •উপস্থিভ হইলে তাহারা কুটারের এক কোণে উহা পুতিয়া রাখিল, তাহাদের চিত্তের প্রকল্পলাও উহার সঙ্গে পোতা গেল। চর্মাকারের স্মধ্র মার • ধানি আব শুনা গেল না, তাহার চক্ষু হইতে নিদ্রা দেবী দুরে পলায়ন করিলেন। রাত্রিকালে যদি বিড়াল লাফিয়া পড়ে, যদি ইন্ডুর খড় খড় করে, তবে একেবারে তাহার গুপ্ত ধন মনে উদয় হয়, সন্দেহে তাহার মন পরিপূর্ণ হয়, সে মনে করে, চোর আনার ঘরে সিঁদ দিতেছে, ভয়ে হতজ্ঞান হইয়া নিঃশক্ষে সকল শন্দই কাণ পাতিয়া শুনে। অপে বলি, চর্মা-কারের জীবনের স্থে বিলুপ্ত হইবার উপক্রম হইল, সংসার ত্যাগী অভাগাদিগের নাায় জলমগ্ন হইয়া মরিতেও তাহার ছঃখ হইল না, ধনের প্রতি সে তাক্র বিরক্ত হইয়া, যাহাতে এছঃথের অবসান হয় এমন এক উপায় কপ্পনা করিল।

সে মুদ্রা-পূরিত পূর্ব্বোক্ত থলিয়াটি লইয়া ধনাটা প্রতিবাসীর নিকটে গিয়া কহিল, মহাশম! আমা-সদৃশ দীনের প্রতি আপনি যে দয়া প্রকাশ করিয়া-ছেন, তজ্জনা আমি আপনকাকে ধন্যবাদ করি, এই আপনকার টাকার থলি পুনরায় গ্রহণ করুন; আমার উহাতে প্রয়োজন নাই। হায়! অনিদ্রা কাহাকে বলে আমি এখন বিলক্ষণ জানিয়াছি, আপনি লক্ষ্মীর বরপুত্র, এখার্গ্য সন্তোগে সুখে কাল যাপন করুন। সামান্য উপজীবিকার উপর নির্ভুর ক্রেরিয়া, আমি পূর্ব্বে বেমন সুখে গীত গাইতাম এখনও সেইরপা গাঁইব। গীত ও সুনিদ্রার পরিবর্তে আপনি যদি

আমাকে লক মুদ্রা প্রদান করেন, আমি ভাহা আর কথন গ্রহণ করিব না।

থেঁক শিয়ালের লাঙ্গুল, অথবা টাকা হারাণ অপেক্ষা একটি পয়সা হারাণ ভাল ।

শীতকালে এক দিন প্রত্যুবে এক খেঁকশিয়াল কোন নদী তীরে জল পান করিতে আইল, হিমশিলা দার। ঐ নদীর জল তথন জমিয়া গিয়াছিল। শিয়াল বাঁকড়া লেজ হেঁচডিয়া যেনন বরফের উপর দিয়া টানিয়া লইয়া যাইবে; অমনি তাহার লাজ লেব শেষ ভাগ বরফে জমাট হইয়া গেল। তদ্দশ্নে সে বলিতে লাগিল, ইহাতে আমার বিশেষ হানি হয় নাই, টানিয়া লইলে গাছ কয়েক লোম ছিঁডিয়া যাইবে, যায় যাউক, আমিতে। এই বিপদ হইতে উদ্ধার হইব। আরবার ভাবিল, তাহা হইলে আমার লান্ত্রের কোন সোন্দর্যা থাকিবে না, ইহার পীত-বর্ণ ক্ষুদ্র লোম সকল বড় বড় কোমল লোমের সহিত নিশ্রিত হইলে, বিশ্রীও বিকৃতাকার হইবে। অনেক ভাবিয়া চিষ্কিয়া সে কিয়ৎক্ষণ বিলম্ করিতে মনস্থ कतिल, ভाविल लांकिता अथन अभिन गाँरे एक है, जक्राभीमग्रे हरे (लहे, दबक शिलाग्रा या हरत, उथन जना-য়াসে আমার লাজ ল মুক্ত করিয়া লইতে পারিব। এই স্থির করিয়া শুগাল অনেক ক্ষণ বিলম্ব করিয়া বদিয়া রহিল, ভাহাতে ভাহার লেভ পূর্বাপেকা বরফে আরো জমাট হইয়া গেল। এ দিকে প্রথা দিক तिकिमा वर्ग इहेशा स्ट्रिगीमश इहेन, उथानि हिम-শিলা দ্বী হত হইল না। থেঁকশিয়াল কিন্তু প্রায় হইয়া বিস্তর টানা টানি করিতে লাগিল, কিন্তু কোন মতেই তাহার লাজ ল থসাইতে পারিল না। হতাশ হইয়া ক্রন্দন করিতেছে, এমত সময়ে একটা নেকডিয়া ব্যাত্রকে তাহার কাছ দিয়া যাইতে দেখিল। সে উচ্চৈঃম্বরে তাহাকে কহিল, ভাই! বিপদে পড়িয়াছি, তুমি আমাকে সাহায্য কর। এই কথা শুনিয়া নেক-ডিয়া স্বজাতির রীতানুসারে ভাহার সহায়তা করিল, অর্থাৎ দন্ত দারা পৃষ্ঠের অন্থির নিকট,পর্যান্ত তাহার লাজ ল কাটিয়া দিল। ভাহাতে থেঁকশিয়াল সহর্ষ-চিত্তে আপন গতে প্রত্যারত হইল, মনে করিল লেজ ষাউক ভাতে কতি নাই, আমার যে প্রাণ রক্ষা হইল (मह मक्टलहे मक्ल।

অনেক নির্মোধ প্রথমে মস্তকের এক গাছি কেশ ছিড়িয়া ফৈলিতে ইচ্ছা করে না বটে, কিন্তু শেষে তাহাদিগকে উপকেশ অর্থাৎ পরচুলা পরিয়া জন-मगांदक दोहित इहेट इस ।

নেকজিয়া ব্যাঘু এবং বিভাল, অথবা যেরূপ বুনে সেরূপ কাটে।

একদা একটা নেকভিয়া বাান্ত নিকটবৰ্জী বন হইতে নীত্র পলায়ন করিয়া এক প্রামে প্রবেশ করিল। সে मर्भन्। व ज्याय यात्र नारे, कुक्रूब এবং मिकाती লোকেরা শিকার করিবার নিমিত তাহার পশ্চাদ্ধাব-শান হইয়াছিল বলিয়া, প্রাণ রক্ষার জন্য সে প্রামে আশ্রয় লইয়াছিল। লুক্কায়িত হইবার নিমিক্ত সে যে বার্টীতে যায় সেই বার্টীরই দ্বার রুদ্ধ দেখে, অনেক অস্বেষণের পর দেখিল, যে, একটি বিড়াল নিঃশক্ষে এক প্রাচীরের উপর বদিয়া রহিয়াছে। সে বিনীভ-ভাবে ভাহাকে मञ्जायन कतिया कहिन, ভाই বিড়াল! ইছা **পূর্বক** আমাকে সাহায্য করে, তুমি এমন কোন क्रयकरक जान, कार्यन क्कूर्यमिश्य रचडे रचडे नक आमि मनिकटे छनिटा शाहेरा छ। दिखान बनिन, আশ্রম লইলে হরিদাস কুণ্ড্ ভোমার প্রাণ রক্ষা করিতে নেকড়িয়া উত্তর করিল, আমি এক দিন ভাহার একটি মেষ চুরী করিয়াছি, সে আমাকে কখনই वाँ । विजान कहिन, उद्य तामनाम नन्तीत कारह यांछ, निकड़ियां कहिन, मां, मिछ कतिरव मां, আমা কর্ত্ব ভাহার একটি ছাগল নই হইয়াছে। विकाल विलिल, उरव कृष्णनांत्र शाला। "रमख नग्न, रमव পাইবার নিমিত যে এক দিন আমাকেইতন্ততঃ খুজিয়া (दङ्गिटिक किल।" "उद्य क्लिमिलाम आहे।" वाल त्व तम कि कतित्व, तम मिन आर्मि डाहात अकि दाहूव মারিয়া কেলিয়াছি। তখন বিড়াল রাগ করিয়া কহিল, এ নয় সে নয়, তুমি যখন সকলকারই অনিষ্ট করিয়াছ, তখন কিরুপে আগ্রেয় লাভের আশা করিতে পারণ এখন আপন অচুষ্টের উপর নির্ভর কর, মেরুপ অপরাধ করিয়াছ ভাহার সমুচিত মূল্য দেও। যেমন কর্মা তেমন কল, লোকে যেরুপ বীজ বপন করে, সেইরুপ শাস্য কাটিয়া থাকে।

ভ্রমণকারী আমীর, অথবা কাজে কিন্তু কথায় নয়।

একদা এক ধনাটা আমীর যুদ্ধ-সজ্জায় সুসজ্জিত হইয়া, ডাকিনী ও জাতুকরদিণের অনুসন্ধানে ভ্রমণ করিতে চাহিলেন। অসারুট হইয়া তিনি নিজ বাটীর প্রবেশ-দারের নিকট আসিয়াছেন, এমত সময়ে তাঁহার ঘোটকটি গতি নিক্দ্ধ করিল, তাহাতে তিনি তাহাকে সম্বোধন করিয়া এই কথা কহিতে লাগিলেন, হে আমার উৎকৃষ্ট অস্থ! তোমার যে সাহস, তুমি উপত্যকা এবং পাহাড় অতিক্রম করিয়া যাইবে, তার আর কোন সন্দেহ নাই; তাহাতে তোমার কীর্ত্তি-মন্দির আমাদের সন্মুখে সুপ্রকাশিত হইবে। যথন আমি মানবজাতির শক্রপক্ষকে দণ্ডবিধান, করিতে পারিব, আমার শের্গ্য বীর্ষ্য দেখিয়া যথন চীনদেশীয় রাজক্ষীরে সহিত বিবাহ হইবে; যথন আমি অভ্যা-

চারী রাজপুরুষদিগকে নাট করিয়া বছল রাজ্য পরাজয় করিব, তখন তুমি যে কত সন্ত্রান্ত ও মান্য গণ্য
হইবে তাহা বলিতে পারি না। আমি তোমার
জন্য রাজপ্রামাদের ন্যায় একটি অশ্বশালা নির্মাণ
করিব, তাহার নিকটে তোমার বিচরণীয় সুবিস্তর্গি
একটি মাঠ প্রস্তুত হইবে, তোমার আহারের নিমিত্ত
কিরকাল তাহা হরিত তুণ এবং সুস্বাদ গুল্মে পরিপূর্ণ
থাকিবে। এই কথা বলিয়া অশ্বারোহী সদ্বতা ঐ
থোটকটির লাগাম ছাড়িয়া দিলেন। তাহাতে সে
পুর্বোক্ত সন্ত্রান প্রাপ্ত হইতে কিছুমাত অম্থরাগ প্রকাশ করিল না, নিঃশব্দে তাহার প্রস্তুবে লইয়া
নিজ বাসস্থান অশ্বালায় প্রত্যাগ্রমন করিল।

ৰন এবং অগ্নি, অথবা শক্ষাজনক বন্ধুদিগকে প্ৰশ্ৰায় দ†ন অবিধেয়।

বিশেষ পর্যাবলাচনা এবং সতর্কতা সহকারে বন্ধু
মনোনীত করা কর্ত্ব্য। একদা শীতকালে কোন অরণ্যের নিকটস্থ পথে অত্যাপে অগ্নি মিট মিট করিতেছিল। বোধ হয় কোন জ্রমণকারী পথিক তীর্থধানা
যাইবার সময় সে স্থানে উহা ফেলিয়া গিয়া থাকিবেক।
কাঠ সংযুক্ত পা হল্লয়াতে ঘন্দায় ঘন্দায় ঐ অগ্নি ক্রমে
তেজহীন হইতে লাগিল, শেষাবস্থায় সেস্থানে যে অগ্নি
আছে ভাহা বনবাসী কোন পশুর অনুভব হইল না।

মুত্র সম্মুখ দেখিয়া অগ্নি আপন অদুট পরিবর্তনে সচেষ্ট হইয়া, প্রতিবাদী অরণ্যকে সম্বোধন পূর্কক কহিল, ভাই অরণ্য। বিধাতা তোমার কি পাষাণ প্রাণ করিয়াছেন, তোমার ব্লুশাখার উপর কি ভোমার চত্ত্ ষ্পার্শ্বে একটিমাত্র পত্র দেখিতে পাওয়া যায় না ; ভদ্ বিরহে হিমশিলা পতন দ্বারা তুমি দারুণ শীত সহ্য করিতেছ, আহা! তোমাকে দেখিয়া আমার বড় দ্র:খ হইতেছে।

তথন বনস্থিত একটি ব্লফ উত্তর করিল, * শীতকালে আমি হিমশিলা দারা আচ্ছাদিত থাকি, দাকণ শীত এবং ঝটিকা দ্বারা সর্মদা ভয় পাই, তবে কেমন করিয়া আমার শাখা পল্লব পত্র এবং পুষ্পদ্ধারা সুশোভিত হইবে। অগ্নিবলিল, ও সব অনর্থক বাক্য, ভয় কি ? তুমি আমার কথায় বিশাস কর, আমি ভোমাকে সাহায্য করিব। তুমি জাননা আমি নিজে সুর্য্যের ভাতা, শীতকালে ততুলা আমি আশ্চর্যা কিয়া করি। উষ্ণভর কাচগৃহে যাইয়া তত্রভ্য ব্লফ সকলকে ভুমি আনার বিষয় জিজ্ঞাসা করিলে জানিতে পারিবে, যে, শীতকালে প্রবল বায়ুর সময়েও তথায় যে পুষ্প বুক দকল কুসুমিত এবং শোভিত হয়, ফলবান্ রক্ষ সকল যে সুপক্ ফলে পরিণত হইয়া থাকে, সে কেবল আমার গুণেই হয়। কিন্তু আত্মহারী আপনি করা উচিত নহে, উহার সীমা কত দুর পর্য্যন্ত রাখিতে হয়

^{🗼 🛪} এরপ বর্ণনা ভারতবর্ষের পক্ষে নছে, বৌধ হয় রুষিয়া দেতে क्षेत्रा थाएक।

ভাহা আমি জানি; স্থা অহস্কার প্রকাশ করিয়া যে কোন হানে দীপ্তি প্রদান করুন না কেন, ক্ষমতাতে কোন মতেই আমি দ্বিতীয় বা অসদৃশ নহি। তুমি দেখ আমার তেজে চতুষ্পার্শ্বন্থ হিমানী সকল কেমন দ্রবী-ভত হইতেছে, বড় একটা কঠিন নয়, আমি যাহা বলি তুমি শীতকালে যদি সেই কর্মটি করিতে পার, ভবে অবশাই বসন্তকালের ন্যায় পুষ্প পল্লবে স্বশোভিত হইবে ''তুমি কেবল কিঞ্চিমাত্র স্থান তোমার অভ্যস্তরে আমাকে দেও"। ক্ষুদ্ৰ বন ইহাতে সম্মত হওয়াতে প্রস্তাবিত কর্মটি শীভ্র নিষ্পাদিত হইল। উপবনে প্রবিষ্ট হইয়া কুদাগ্নি নহদগ্নির ন্যায় প্রবলপ্রতাপ হইল, বিলম্করিতে হইল না, ক্ষণমাত্রেই তাহার শিখা সুনির্দাল ও সমুজুল ভাবে উদ্ধে উথিত হইয়া, রক্ষের শাখা সকল স্পর্শ করিল, এবং মুহুর্ভেকের মধ্যে বনকে ন্ট করিয়া একেবারে এভট করিল। এক এক বার কুল্বর্ব গোলার ন্যায় ধূম শূন্যনার্গে উঠে, একবার খট্ খটু ফটু ফটু শব্দ করিয়া মনোহর ক্ষুত্র বনটিকে দগ্ধ করিতে থাকে। আহা। গ্রীষ্মকালে মধ্যাহ্ন সময়ে প্রিকেরা যাহার শীতল ছায়ায় বসিয়া অসহ্য স্থ্যো-ভাপ-জনিত শ্ৰাস্তি দুৱ করিত, সে হ'লে এখন বড় বড় কৃষ্ণবর্ণ অসঙ্খা थুँটি বই আর কিছুই রহিল না। এ विषय किছू वर्ला कोनगट्डि मसुवर्शत नट्ट, कार्रा কাষ্ঠ এবং অগ্নিতে কখন কি সদ্ভাব হইয়া থাকে? জন্মাবধি যাড়াদিগের পরস্পার শক্রভাব, তাহাদিগের কখন কি নিত্ৰ ভাব হয়?

বিড়াল ও বুলবুলবোঁস্তা, অথবা ছঃখের সময় গান গাওয়া যায় না।

अक्षा अक्षे वर्ष विष्ठांन स्मात अक्षे दून दून दर्ग-স্তাকে ধরিয়া আপন নধরের নীচে রাথিয়া পীড়ন করিতে লাগিল। যাতনাতে ছর্মল পক্ষীট ভূমিতল-শায়ী হইয়া পড়িয়া আছে, এমত সময়ে বিড়ালটা ভাহাকে মৃত্সবে কহিতে লাগিল প্রিয়বদ্ধো! বুল বুল বেঁ। সুমধুর সঙ্গীত ছারা তুমি নিকুঞ্জবাসী পক্ষী **मिट्टांत मन इत्र क्त्र, मिय्टांनक छ मिय्टांनिका** ভোমার মধুরস্বর এবণে মোহিত হইয়া থাকে, অভএব আমিও তোমার চিত্তসুথকর শব্দ শুনিতে মান্স করি-গাছি। ভীত হইবার আবশ্যক নাই, আমি ভোমাকে থাইয়া ফেলিব না, একটি মাত্র গীত শুনাইয়া নিকুঞ্জে প্রস্থান কর। সঙ্গীত আমি বড় ভালবাসি, গুণ গুণ भक् श्रितिल मर्सनारे आमात निर्माकर्यन रहा। विद्राल এইরূপ প্রস্তাব করণকালীন ছর্মল বুলবুল বেঁশস্তাটিকে পদন্থর ছারা পূর্বাপেকা অধিক দাবন করে, এবং এক এক বার বলিতে থাকে, গাওনা কেন, হানি কি? যাতনা দিলে সুম্বর কি বহির্গত হয়; হতভাগ্য পক্ষী কাতর-ধ্বনি ব্যতিরেকে আর কিছুই করিতে পারিল না, অজত্র অঞ্বারি তাহার চকু হইতে বিগলিত হইতে লাগিল। তথন বিড়াল তাহাকে বিদ্রাপ করিয়া এই कथा विनन, दा वून वून दाँ। अहे धुरा कि जूहे নিকুঞ্জ বনের জীব সকলের চিত্ত রঞ্জন করিস, তোর মত জামার শাবকগণও শ্বরশক্তি প্রকাশ করিতে পারে।

এখন তোর দারা আমার যেরপে কর্ণস্থ কংকিঞ্মাত্র হইল, সেইরপে যৎ কিঞ্চিৎ স্থাদ্য খাদ্য হইরা উদরের ভৃপ্তিকর হও। এই কথা বলিয়া নির্দিয় বিড়ালটা মনো-হর পক্ষী বুল বুল বেঁশস্তার প্রাণব্ধ করত, একেনারে গিলিয়া ফেলিল। বুলবুলবেঁশস্তা যথন বিড়ালের পদতলে দলিত হয়, তথন তাহা হইতে সুধ্ব প্রবণের চেন্টা করা আমানের বুথা চেন্টা মাত্র।

-0-

বালক এবং ক্লমি, অথবা বিশ্বাস্থাতকতার দও প্রায় আপনা আপনি হয়।

বিশ্বাস্থাতক, কৃতন্মতার জন্য সত্ত আপনা আপনি
দণ্ড পাইয়া থাকে; কৃমির গণ্প পাঠ করিলে পাঠকগণের তাহা বিশেষরূপে হৃদ্যুদ্ধন হইবে। একদা
পল্লীগ্রাম্ম কোন উদ্যানে একটা কৃমি বাস করিত।
কলবান রক্ষের নিকটে তাহার বাসস্থান থাকাতে,
তত্রতা শুদ্ধ পত্র ভক্ষণ করিয়া সে সুখে গ্রীষ্মকাল যাপন
করিত। তাহার আচরণ দেখিয়া কৃষক সন্তুন্ত হইয়া
কহিল, এন্থলে কৃমি যথন এমন সন্থাবহার করিতেছে,
তথন উদ্যানের যেন্থলে সমূহ কলবান রক্ষ আছে, সেন্থলে
উহাকে আশ্রয় 'দেওয়া বিধেয়। কৃষক যাহা বলিল
তাহাই করিল। কৃমি বায়ু এবং রন্ধির ক্লেশ হইতে
উদ্ধার হইয়া পত্র স্মূহের অভ্যন্তরে স্বন্থলে কাল্যাপন
করিতে লাগিল। কিছুদিন পরে স্থায়াতাপে বাগাদের আভা কল সকল পাকিয়া উঠিল। চোর্যা দোধে

দূষিত একজন বালক তন্মধ্যে একটি অত্যুৎকৃষ্ট সুন্দর ফল অপহরণ করিতে ইচ্ছুক হইয়া তথায় আইল বটে, কিন্তু ব্লে আরোহণ করা ভাহার সুসাধ্য হইল না, ৩ ডী নাডা দিয়া ফল পাড়ে হস্তে তাহার এমন বলও নাই, কি করে, গাছের তলায় বসিয়া নানা ভাবনা করিতে লাগিল। এমত সময়ে পূর্ব্বোক্ত কুমি তাহার সন্মুখবর্তী হইয়া কহিল, যদি তুমি আমাকে আতার কিয়দংশ দেহ, তবে আমি তোমাকে উহ প্রাপ্ত হওনের উপায় কবিয়াদি। বালক ভাহাতে সম্মত হইল, কুনি মন্দ মন্দ গমনে গাছের গুঁড়ী বহিয়া শার্থায় অবরোহণ পূর্বক ফলের বোঁটা কাটিয়া দিল। আতা ভূমিতলে পতিত হইলে, কৃমি তাহার কিয়দংশ লাভ করিতে আশা করিল বটে, কিন্তু সেঁ আশা তাহার ফলবতী হইল না; পেটুক বালক তাহা পাইবামাত্র একেবারে ভক্ষণ করিয়া ফেলিল। তথাপি ব্লক হইতে অবরোহণ করিয়া যথন ভাহার অংশ প্রার্থনা করিল, তথন বালক ক্রোথভরে তাহাকে পদদলিত করিল। यथार्थ नाराय-विठात रहेशारह, रयमन कर्या टिमन कन। কুতল্পের কর্মা করিতে গিয়া ফলের সঙ্গে সঙ্গে কৃমিরও প্ৰাণ বিনাশ হইল।

খেঁকশিয়াল বদান্যশীল হয়, যথন তাহাকে ব্যয় কিছু করিতে হয় না ৷

একদা তিনটি পক্ষি-শাবকের নাত্রিয়োগ হওয়াতে শীতে ও কুধার ভাহারা জীবস্ত হইয়াছিল। এক থেঁকশিয়াল তাহাদিগকে অবলোকন করিয়া কৰণারসে আর্ফ হইয়া অশ্রবারি নিক্ষেপ পূর্মক কহিতে লাগিল, ह् शक्की गन, ट्यांमार एक कि किन क्रम्य, এই नादक ত্রয়ের বিপদ দর্শনে যখন পাষাণও বিচলিত হয়, তখন ভোমাদিগের অন্তঃকরণে একটু দয়া হইতেছে না! ভোমরা প্রভ্যেকে এক একটি শস্য এবং দৈবাল আনিয়া मिता देशां श्रमतात्र जीविक इदेत । दर कार्किन! তুমি যে পালক গুলিন পরিবর্ত্তন করিতেছ তাহা উহাদিগকে দেহ; হে কপোত! তুমি শস্ত্রেক্ত इइंटि भना आनिया ইशामिशतक त्मर ; तर घुषु ! তুমি কিছুকণ আপন শাবককে পরিত্যাগ করিয়া ইহাদিগকে পোষণ কর; হে টুনটুনী কুদ্র মক্ষিকা এবং কীট ধরা তোমার পক্ষে সহজ ব্যাপার, তুমি তাহা আনিয়া দিয়া ইহাদিগের প্রাণ রক্ষা কর, হে বুলবুল বেঁাস্তা তোমার স্বরে মোহিত না হয় এমন क्तान जलुरे नारे, मधुत मञ्जीज शास्त्रा ज्ञि रेशांनित्शत নিজাকর্বণ করাও। আনাদিগের অন্তঃকরণ যে দয়াতে পূর্ণ, তাহা এখন এইরূপে আমাদের প্রকাশ করা উচিত। শুগাল যথন এইরূপ বাক্য-নৈপুণ্য প্রকাশ করিতেছিল, তথন শাবকগণ কুধার জালায় অতিমাত্র কাতর হইয়া নীডে পাশ পরিবর্তন করিল, যেমন করিল অমনি ভূমিতে পডিয়া গেল। পডিবামাত, धूर्ड मृशान कान दिनम कदिन ना, अमनि छारामिशतक মুখে ধরিয়া একেবারে গিলিয়া ফেলিল। ভাহাতে দয়া এবং আহারাভাবে ভাহার। নিভাস্ত যে ছুঃখ পাইতেছিল, সে অভাব এখন দুরীকৃত হইল।

ধর্মপ্রচারক যে সকল ব্যক্তি পরের টাকাতে দরি-দ্রুকে ভিক্ষা দান করে, এবং দান করা কর্ত্তব্য বলিয়া প্রচার করিয়া বেড়ায়; কিন্তু আপনারা নিজে একটি পয়সা কাহাকেও দেয় না, তাহাদিগকে বকা-ধার্মিক ব্যতীত আর কি বলা যাইতে পারে ?

মাকড়সা ও মৌমাছি, অথবা অকর্মণ্য বুদ্ধিকোগল।

একদিন একজন বণিক বিক্র করিবার নিমিত হটে উত্তানাত্তম বস্তু লইয়া গেল, লোকের বিশেষ প্রয়োজনীয় হওয়াতে উহা শীঘ্র বিক্রীত হইল। তদর্শনে একটা মাকড্যার ঈর্বার আর পরিসীমা রহিল না, মে বণিককে সম্ভাষণ করিয়া কহিতে লাগিল, আমার বুনা কাপডের কাছে তোমার ও কাপড কিছুই নয়, আমি কি উৎপাদন করিতে পারি কলা তোমাকে দেখাইন। এই কথা বলিয়া মাকড্যা সমস্ত রাত্রি পরিশ্রান করিয়া প্রতিবাসী একজন গৃহত্তের ছাদের নিম্নালাগ পরন স্থানর একখানি জাল নির্মাণ করিল। কর্মা সমাপন হইলে, সে অক্রণোদয়কালের অপেক্রাতে তথায় বসিয়া রহিল, আমা করিল প্রতিশেষ করিল হহুদংখ্যক ক্রেতা ইহা ক্রম করিতে আমিবে। কিন্তু তুর্বাগ্য ক্রমতঃ সে আমা তাহার ফলবতী হইল না, অক্রণোদয় হইতে না হইতে মেথর আসিয়া বাঁটা দ্বারা উহা ক্রাটাইয়া, মাকড্সা

শুদ্ধ জালখানি পাঁশগাদায় ফেলিয়া দিল। তথন সে সকোধে মনোগতভাব এইরপে প্রকাশ করিল, রে অকৃতজ্ঞ জগতের লোক সকল। আমার স্থভা যে অতিশয় লঘু এবং বুনন কোশল যে অত্যস্ত স্থক্ষ : ইহা তোরা চক্ষে একবার দৃষ্টি করিলি না। এই কথা শুনিয়া একটি মোমাছি তাহাকে বলিল ভাই। যে কথা বলিভেছ তাহা যথাৰ্থ বটে, মানবচক্ষে তোমার স্থ্র যে আশ্চর্যা বস্তু তাহার আর কোন সন্দেহ নাই। কিন্তু বলদেখি, নগরস্থ লোকদিগকে বস্ত্র পরিধান করান বিষয়ে উহা যথেষ্ট উষ্ণ হয় কি না। ভোনার নৈপুণাশভির বিশেষ ক্রটি এই, যে, সার্থক উপকারক কর্মণা অভিপ্রেভ ইহাতে সিদ্ধ কোন মতেই হয় না।

ক্রবক ও সর্প, অথবা বাহ্ন পরিবর্তনে বিশ্বাস করা উচিত নয়।

শীতকালে একদিন একটা দর্প কোন কৃষকের কুটীর মধ্যে প্রবেশ করিয়া, তাহাকে এই কথা বলিতে লাগিল, "বন্ধো! হিংশা-রভি মহাপাপ জানিয়া আদি তাহা একেবারে পরিত্যাগ করিয়াছি। আইস তোমায় আমায় একণে বন্ধুত্ব ভাব করি, বিগত বসস্ত কালে আমি পরিবর্তিত হইয়াছি, আমার পুরাতন চর্ম্ম অভি দুরে নিক্ষেপ করা হইয়াছে।" কৃষক বলিল, "হাঁতা হইতে পারে বটে, কিন্তু তোমাকে যে বিশ্বাস করে সে ত্রিওণ মূর্য। কারণ তুমি আপনার চর্ম পরিবর্ত

করিয়াছ, অঁশুর পরিবর্ত্ত কর নাই।" এই কথা বলিয়া সে কুড়ালী দ্বারা সর্পের মস্তক চূর্ণ করিয়া ফেলিল।

পুরাতন সংমার্জনী, অথবা মূর্থ টীকাকার।

এক দিন এক মদ্যপ ভূত্য পুরাতন মলিন কাদালাগা ঝাঁটার পদোন্ধতি করিয়া, প্রভুর বস্ত্র পরিছার করণ কর্মো তাহাকে নিযুক্ত করিল। তাহাতে
ঝাঁটার অহঙ্কারের আর সীমা রহিল না, শস্যে যেরূপ
আঘাত করিয়া বীজ সংগ্রহ করে, সে সেইরূপে
তাহার প্রভুর বনাতের চাপকান পরিষ্কার করিতে
লাগিল। কিন্তু ঝাঁটাগাছটা কাদাতে পরিলিপ্তা
থাকাতে, চাপকানটি যত সে ঘর্ষণ করিতে লাগিল
ততই তাহা পূর্ব্বাপেক্ষা আরো মলিন হইল। নির্ব্বোধ
টীকাকারেরা টীকা লিখিতে গিয়া অনেকবার মূল
গ্রন্থকে মুক্তের্থ করিয়া কেলে।

-0-

কোকিল এবং উৎকোশ পক্ষী, অথবা ক্ষমতা-বিহীন পদ-মৰ্য্যাদা।

একদা এক উৎক্রোশ পক্ষী অহুস্কারী ক্রোকিলকে বুলবুল বেঁশস্তার স্বর সংশোধনের ভার প্রদান ক্রিল। কোকিল ইহাতে সাতিশয় আহ্লাদিত হইয়া এক ব্লক-শাখায় বসিল, এবং কুঞ্জবনের অপর গায়ক পক্ষী-দিগকে নোহিত করিবার নিমিত্ত, আপন স্বরশক্তি প্রকাশ করিতে লাগিল। কিন্তু কোন পক্ষী ভাহার কুহুদ্ধনি শুনিতে কর্ণপাত করিল না। সকলেই তাক্র বিরক্ত হইয়া উড়িয়া চলিয়া গেল। কোকিল ইহাতে অসন্তুট হইয়া, রাজা উৎক্রোশের নিকট গমন করত, অভিযোগ করিয়া কহিল, 'মহারাজ। আপনকার সদিজ্য এবং ব্যবস্থাসুসারে বুলবুল বেঁশস্তার পদে আমি উন্নত হইয়াছি বটে, কিন্তু অপর পক্ষীগণ আশার গীত শুনিয়া আমাকে হাস্য পরি-হাস করে"। উৎক্রোশ প্রত্যুত্তর করিল, বস্ধো! আমি রাজা বটি, কিন্তু ঈশ্বর নই। কোকিল, বুল বুল বোঁস্তার পদ প্রার্থনা করিলে আমি সে কর্মটি ভাহাকে দিতে পারি বটে, কিন্তু যে স্বাভাবিক শক্তি দে পদের বিশেষ উপযোগিনী হয়, তাহা প্রদান করণে আমার কোন ক্ষমতা নাই।

জলপ্রপাত এবং প্রভাবণ, অথবা কলরব শূন্য ব্যবহার্য্যতা।

একদা এক পর্বতের প্রাস্তভাগ দিয়া এক জলপ্রপাত বছ কর্লরেরে বহিয়া যাইতেছিল; তাহার নিম্নভাগে একটি প্রস্রবণ চক্ষুর অদৃশ্য ছিল। জানপদ
বর্গের স্বাস্থ্য, বিধান ও বলাধান করণ উৎসের মুখ্য
ব্রত হওরাতে, বছ লোক ভাহার জল লইতে আসিত।
তদ্দর্শনে নির্মরের স্থা উদ্রেক হওয়াতে, সে উৎস্কে

সংসাধন কঁরিয়া এই কথা বলিতে লাগিল, প্রতিবাসিন্! কল কল ধ্বনি করিয়া আমি অতি জাঁক জনকে যাই, তথাপি আমাকে অত্যুপ লোকে দেখিতে আসিয়া থাকে। তুমি নিঃশক্তে আমার অধোভাগে অবস্থিতি করিতেছ, বছ-সন্থাক লোক তথাপি ভোমার নিকটে আইসে, এত বড় আশ্চর্য বিষয়! ইহার কারণ কি তা বল। প্রস্রবণ উত্তর করিল, কেন কেন, ইহার কারণ আর কিছুই নহে, ভোমার দারা মৈ লোকেরা বধির ও অজ্ঞান হয়, আমি ভাহাদিগকে দচেতন করিয়া সুস্থ-শ্রীর করি।

নিংছ এবং তদমাত্যবর্গ, অথবা দরিদ্রই ধনীকে বস্ত্র পরিধান করায়।

একবার পশুরাজ দিংহের একটি কোমল শ্যার প্রয়োজন হইলে, সে উষ্ণ বস্ত্র পরিহিত ব্যাত্র ভল্লুক প্রভৃতি ভত্র অনাত্য বর্গকে আহ্বান করিয়া কহিল, বন্ধুগণ! আনার একটি কোমল শ্যার আবশ্যক হইয়াছে, কি প্রকারে তাহা লাভ হয় তৎপরামশ বল। তাহারা একেবারে প্রভাত্তর করিল, মহারাজ! এজন্য আপনি চিন্তিত হইবেন না, আপনি চাহিলে শুজ লোম কি, চর্ম্ম পর্যান্ত প্রদান না করে, এমন মেষপালই নাই। এভদ্তির লোমারত ছাপ ও, হরিও মুথেই আছে, ভাহাদিগেরও দ্বারা আপনকার মানস পূর্ণ হইতে পারে। এই কথা বলিয়া বাগ্রতা সহকারে ভাহারা কার্যা আরম্ভ করিল, সিংহ ভাহাদের ঔৎসুকা দেখিয়া চনৎকৃত হইল। আহা! ছর্মল জন্তুদিগের উপরে পড়িয়া ভাহারা শীত্র শীত্র ভাহাদিগের লোম কর্ভন করিতে লাগিল; যাহাদিগের পশম নাই কেবল উণ্ আছে, তাহারা তাহাদিগকেও পরিভাগে করিল না। ঐ হতভাগোরা সিংহের অভাব সংপ্রণ করিয়া না হয় নিস্কৃতি পাউক, আহা! তাহাদের মুক্তি পদ পাইবার মো কি! এই ঘটনায় সিংহের অমাত্য এবং পারিষদ বর্গকেও প্রচুব প্রমাণে তাহাদিগকে গাত্রলোম দিতে হইল।

-0-

ক্লযক ও দর্প, অথবা অসৎ সংদর্গ করা অবিধেয়।

যেরপে সংসর্গ করে মতুষ্য জনসমাজে ভদমুরপে নান্য গণ্য হয়। একদা এক কৃষক এক সর্পের সহিত সে হার্দ্দ করিলে, সর্প তাহার বাটীতে বাস করিয়া ভাহার সহিত এক সঙ্গে ভোজন পান করিতে লাগিল। ফণি-বরের প্রতি কৃষকের সম্পূর্ণ বিশাস ছিল বটে, কিন্তু থাকিলে কি হয়, তাহার কুটুম্ব ও আত্মীয়গণ আর ভাহার বাটীতে আসিভ না, সকলেই ভাহাকে পরি-ভাগে করিয়াছিল। ভাহাতে সে অসন্তোষ প্রকাশ করত এক দিন-ভাহান্দিগকে ডাকিয়া কহিল, ভোমরা আমাকে কি জন্যে পরিতাগ করিলা? আমার জ্বী কি ভোমাদিগকে কোন অবমাননের কথা কহিয়াছে? জানার বার্টীতে বিশেষ সমাচৃত ও অভার্থিত হইয়া তোমরা কি ভোজন পানাদি কর নাই? তাহারা সকলেই বলিল, প্রতিবাসিন বন্ধো রামদাস! তোমার বার্টীতে এক দিনও আমরা অবসানিত হয় নাই, আমরা সকলেই তোমাকে ভাল বাসি, তোমার প্রতিঠা বধা তথা করিয়া থাকি; তুমি সর্বাদাই আমাদের প্রতি দরালুভাব প্রকাশ করিয়াছ। কিন্তু ভাই! সভ্যু যদিও অপ্রিয় হয়, তথাপি ভাহা নিঃসংশয়ে স্পটরূপে বলা বন্ধুর কর্মা হইয়া থাকে। তোমার বার্টীতে গিয়া এমন কি আমরা আর সক্তেশে থাকিতে পারি না। বৈঠকথানায় বসিতে না বসিতে ভোমার সহবাসী সর্পবন্ধুর ভয়ে আমাদের শরীর, কম্পিত হইতে থাকে, সে তক্তপোসের নিয়ভাগে গুড়ী মারিয়া আসিয়া পাছে আমাদের পদে দংশন করে, এ আশ-ক্ষায় প্রাণ আমাদের ব্যাকুলিত হয়।

নেকজিয়া ব্যাঘু কর্তৃক মেষের বিচার, অথবা যিনি রক্ষক তিনিই ভক্ষক।

একদা এক গৃহস্থ, পশ্চালিখিত দোবে দোবী করিয়া বিচারার্থ এক নেষকে, বিচারক নেকড়িয়া ব্যান্ত্রের সন্মুখে আনয়ন করিল। প্রাতঃকালে ঐ গৃহস্থের সুইটি কুক্কুট পাওয়া যায় নাই; কে মাক্ষিয়াছে যদিও নিশ্চিত নাই, তথাপি উঠানের মধ্যে মেষ যেথানে শ্যন করিয়াছিল, সেইখানে তাহাদের কয়েকখান

অস্থি পালক পাওয়া গিয়াছে। বাদী এই অভি-যোগ করিলে, প্রতিবাদী প্রত্যুত্তর করিল, ধর্মাবতার! আমি কিছুই জানি না, সমস্ত রাত্রি নিজিত ছিলাম, আমার সুধীর ও শাস্ত স্বভাব বিষয়ে আমার প্রতি-বাদীগণ দাক্ষা প্রদান করিবে, এতদ্বাতীত আমি মাংস থাই না, কুক্কুট মারিয়া আমার ফল কি? एथन कतियां नित छेकील भूगांल माँ छोटेया कहिल. সুবিচারক মহাশয়! নেষের কথায় বিশ্বাস করিবেন ना, वित्रकालरे উराता गिथावामी, अ वाक्ति निर्फा-ষিতার যে সকল প্রদাণ প্রয়োগ করিতেছে সে সকলই অগ্রাহ্য। কুকুট-মাংস মুখরোচক অতি কোমল মাংস, ভাহার পালক, ও অভি যখন উহার শয়ন ভানে পাওয়া গিয়াছে, তখন ও যে তাহাদের হস্তা তার আর কোন সন্দেহ নাই। অতএব মেষকে বধ করিয়া সুবিচারের মূল্যস্বরূপ আপনি উহার সমুদায় মাংস লউন, এবং অপকারের প্রতিকারার্থ ক্রতিপূরণ রূপে ফরিয়াদীকে উহার চর্দ্ম প্রদান করুন। বিচারক নেকডিয়ার মনের মত কথা হইয়াছিল, অতএব সে শুণালের সিদ্ধান্তেই বিচার সিদ্ধান্ত করিল।

-0-

নিংহ এবং নৈকড়িয়া বাঘ, তাথবা যুবকদিগের তাতুকরণ করা রুদ্ধের উচিত নহে।

একদিন এক সিংহ এক মেষশাবকের মাংস খাইতে ছিল। প্রিরদুশন একটি কুঞ্জুর-শাবক আত্তে আংস্ভ

তাহার নিকটে আদিয়া তাহার একথণ্ড আহার করিল,
দিংহ তাহাকে একটি কথাণ্ড বলিল না। তাহা দেখিয়া
একটা নেকড়িয়া বাঘ মনে মনে বলিতে লাগিল,
দিংহের সাহস কিছুমাত্র নাই, থাকিলে সে অবশাই
কুক্কুরের দণ্ড বিধান করিত। এই স্থির করণানন্তর সে
মন্তর গমন করত সিংহের খাদ্য মেষশাবকের খানিকটা
কামড়াইয়া ধরিল। তদ্ধ্টে সিংহ গাত্রোখান করত
একেবারে তাহাকে ধরিল, এবং তাহার শরীর খণ্ড
বিখণ্ড করিয়া, দ্বিতীয় ভোজনের নিমিত যত্বে তুলিয়া
রাখিয়া দিল। প্রাণ বধ করণ কালীন সিংহ নেকডিয়াকে এই কথা বলিয়াছিল, কুক্কুর শাবকের প্রতি
যেরূপ ব্যবহার করা যায়, বৃদ্ধ নেকড়িয়া সে ব্যবহারের যোগ্য পাত্র কদাত হর না।

-- \$588--

উংক্রোশ পক্ষী এবং ছুঁচা, অথবা সামান্য অবস্থার লোক সতর্ক করিলে তাহা ঘূণা করা উচিত নয়।

একবার এক উইজোশ পক্ষী নিবিড় অরণ্য মধ্যে এক শত বইসরের দেবদাক ব্লেক নীড় নির্দ্দাণ করিতে আরম্ভ করিয়া, মনে মনে বিবেচনা করিতে লাগিল, বাসা নির্দ্দিত হইলে আমার শাবকগণ ইহাতে প্রভিপালিত ও বিশেষরূপ বৃদ্ধিত হইরে, আমি, ইহাতে বাস করিয়া জীবনের অবশিক্ত কাল সুথে অভিবাহিত করিব। এ ব্লক্ষতল বাসী একটা ছুঁচা ইহা অবলোকন

করিয়া উৎক্রোশের নিকট আগমন করভ বৈনয়-নম্র বচনে কহিতে লাগিল, মহাশয় ! এস্থান হইতে প্রস্থান করুন, অনেক কালের প্রাচীন রক্ষ, ইহার গুঁডী অসার হইয়া পচিয়া গিয়াছে। এই কথা প্রবণে উৎক্রোশ সক্রোধে কহিল, আমি অত্যুক্ত শূন্যমার্গে উঠিয়া সুর্য্য-মণ্ডল পর্যান্ত দর্শন করি, একটা অন্ধ জন্ত আগার কর্মে হস্তক্ষেপ করিয়া, আমাকে হিতবাক্য শ্বনায়, এতো সামান্য আস্পদ্ধা নহে। অতএব সে ঘূণা প্রদর্শন করিয়া ছুঁচার পরামর্শ অগ্রাহ্য করত নীড় নির্মাণ করিতে লাগিল। দিন কয়েক কোন ব্যাঘাত ঘটিল না, বাসায় শাবক উৎপন্ন হইল, সকলই ভালরূপ চলিতে লাগিল। একদিন উৎকোশ শাবকদিগের জন্য উত্তয খাদ্য আহরণ করিয়া আনয়ন করিতেছে, দেখিল, মূল শুদ্ধ দেবদাৰু গাছটি পড়িয়া গিয়াছে, ভাহার শাবক-গুলি, মাভার সহিত মৃতাবস্থায় ভূতলে পতিত হইয়া রহিয়াছে। তদ্দনি ভাহার কোভ শোকের আর পরিসীমা রহিল না, সে সমস্ত জগৎ অন্ধকারময় বোধ করিয়া উচিচঃম্বরে রোদন করিতে লাগিল। তথন ছুঁচা আপন গৰ্ভ হইতে বহিৰ্গত হইয়া বিনীত-ভাবে ভাহাকে সম্ভাষণ করিয়া কহিল, মহাশয়! এখন ছু:খ ক্ষোভ করিলে কি হইবে ় সভ্য সভ্যই আমরণ ভূগর্ভে বাস করি বটে, কিন্তু আপনি নিশ্চয় জানিবেন, ভুতলবাসী সামান্য লোকে যে সকল বিষয় চক্ষে দেখিতে পার, অভুদ্রনাদী, লোকদিগের ভাহা দৃষ্টিগোচর হয় না

ব্রান্ধণ, অথবা ভূতের যাহা প্রাণ্য তাহা ভূতকে প্রদান কর।

একদা বারাণসীতীর্থে এক জন ব্রান্ধণ সন্ন্যাসাঞ্জম গ্রহণ করিয়া এক মঠে বাস করিতেন, তিনি বাছে যেরপ আপনাকে ধর্মনীল দেখাইতেন, কার্য্যে সেরপ ছিলেন না। তাঁহার সহবাদী মুঠের অপর সন্তা-সীরা হিন্দু-ধর্ম-মতানুসারে প্রকৃত ধর্ম-পরা<mark>র</mark>ণ লোক ছিলেন, আর মঠাধ্যক্ষ গোসাঞীজী মহাশয় দ্রচ-বিশ্বাসী সাত্মিক হিন্দু হওয়াতে, তাঁহার সমক্ষে হিন্দু মতের বিপরীত কার্য্য একটিও হইতে পারিত না। গৃহস্থাত্র্যাণী সন্ন্রাসীদিগকে মৎস্য মাংস আহার করিতে নাই। ব্রাহ্মণ তদ্বিপরীত কর্মা করিয়া, এক দিন রাত্রিকালে একটি হাঁসের ডিম্ব প্রদীপের শিখায় পোড়াইয়া সিদ্ধ করিতে ছিলেন। আর, ইটি, গুরু গোসামী মতের অতিক্রান্ত কর্ম হইতেছে, মনে মনে এই আক্ষোলন করিয়া তিনি হাস্য করিভেছিলেন। এমত সময়ে গোসাঞীজীর বাস-গৃহের দ্বার হঠাৎ উদুঘাটিভ হইল, তিনি একেবারে ব্রাহ্মণ-সমীপে সমুপস্থিত হইলেন। প্রদীপের শিখায় ডিয়া দগ্ধ হইতেছে দেখিয়া তাঁহার কোধের আর ইয়ভা রহিল না। তিনি বজুশব্দের নাায় রাম! রাম! শব্দ করিয়া, কি ভয়ন্ধর ব্যাপার! কি মহাপাতকের कर्म ! विनया डिकिटनन । পরে রাগ किছু भीमा इहेटन, তিনি ব্রাহ্মণকে কহিলেন, রে বৎস! তোর কি কর্মা? ব্রাহ্মণ সভয়ে কর যোড়-পূর্বক প্রত্যুত্তর

করিল, মহাশয়! ক্ষমা করুন, এ যে কি ব্যাপার আমি তাহার কিছুই জানি না; বোধ হয় ভূতে আমাকে মায়াজালে আবদ্ধ করিয়া একদ্মে প্রবন্ত করাইয়াছে। এই কথা বলিবা মাত্র একটা প্রকাণ্ড ভয়য়য় মূর্ত্তি ভূত রন্ধনশালা হইতে বহির্গত হইয়া ব্রাহ্মণকে সম্মোধন করত উঠিজঃম্বরে কহিল, রে ত্রা-য়ন! য়য়ং কুকার্য্য করিয়া ভূতের প্রতি দোষারোপ করিতে ভারে কি লজ্জা হইল না, কিরুপে দীপশিখায় ডিয় সিদ্ধ করে আমি জন্মাবিছিলে জানিতাম না, উহা ভো এখনি ভোর কাছে শিথিলাম।

বিড়াল-শাবক ও শালিক, অথবা কুপরামর্শ দিলে নিজের অনিফৌৎপত্তি হয়।

একদা এক গৃহস্থের বার্টাতে একটি শালিক পক্ষী ছিল, বুল-বুল বেঁশস্তার ন্যায় মধ্ব স্থরে সে গান করিতে পারিত না বটে, কিন্তু সে স্চতুর আর বাকপটুতা শক্তি তাহার বিলক্ষণ ছিল। এ গৃহস্থের বার্টাতে একটি বিড়াল-শাবক থাকাতে শালিকের সহিত তাহার বড়ই সদ্ভাব হইয়াছিল। এক দিন বিড়াল-শাবকটি সমস্ত দিন কিছু আহার করিতে পায় নাই, ক্ষুধায় কাতর হইয়া সে মিউ মিউ শক্ষ করিতে লাগিল। গুদ্দেশনে, শালিকের অন্তঃকরণে করণা সঞ্চার হইলে, সে তাহাকে কহিল, ভাই! বিপদে কাতর হইতে নাই, ইধ্যাবলয়ন পূর্বক আপদ

সহ করিতে হয়। কিন্তু একটি কথা আছে, ঐ যে পিঞ্জরস্থ হরিদ্রাবর্ণ পাখীট দেখিতেছ, ভূমি উহার মাংস থাইয়া কি কুধা নিরুত্তি করিতে পার না? বোধ হয় সদসৎ বিবেক শক্তিতে এ কর্ম্ম করণে ভোমার সংশয় জন্মায়, কিন্তু ওটি অনুর্থক বাক্য নাত্র। কথায় दरन, " ठाठा आश्रमा दाँछा, आजा द्वरथ धर्म, जरन পিতৃ পুরুষের কর্ম্ম । এইরূপ অনেক ক্ষণ তর্ক করিয়া শালিক বিড়ালশাবকের হৃদয়ন্তম করিয়া দিল, যে, প্রাণ রক্ষার নিমিত্ত পীতবর্ণ পাখীটিকে মারিলে তাহার অধর্ম নাই। বিড়ালশাবকও মনোনিংবশ পূর্মক ভাহার উপদেশ বাক্য শ্রেবণ করিয়া ভাহাতে সম্মত হইল। অতঃপর দে লাফ দিয়া উঠিয়া খাঁচা শুদ্ধ হলুদে পাথিটকে ভ্নিতে ফেলিয়া দিল, পরে পিঞ্জর ভগ্ন করত তাহার মাংস ভোজন করিল। কিন্তু অতি-ক্ষুদ্র পীতবর্ণ পক্ষীর মাংসে তাহার কি হইবে, বরং ঐ অকিঞ্চিৎকর খাদ্য খাইয়া পূর্মাপেকা ভাহার কুধা প্রবল্তর হইল। এখন অধিক খাদ্যের প্রয়োজন, শালিক আপনিই উপদেশ দিয়াছিল, যে, ফুধা নিবারণ হেতু প্রাণি-বধে পাতক নাই, অভএব সে আন্তে আত্তে সেই বড় পক্ষী শালিকের পিগুরের নিকটে গিয়া তাহাকে নট করত আপন উদর পূর্ণ করিল। দেখ, কুপরামর্শ দিয়া শালিক নিজে নিহত হইল !

বিচারক নেকড়িয়াবাঘ, অথবা জমীদার মাজিইটর হইলে প্রজার রক্ষা নাই।

একবার একটা নেকডিয়া বাঘ মেষপালের রক্ষক-भरम भरनानी इहेरड अखिनायी इहेरन, छादात वनु থেঁকনিয়াল গোপনে সিংহীর নিকট ঘাইয়া ব্যাত্রকে केळ श्रेम निर्वातं जना विख्य अञ्चरत्रांध कतिल. किन्ह मत्निह श्रेयुक्त निक्षियारक स्म श्रेम श्रिमार निश्ही সম্মতা হইল না। যাহাহউক, অনেক বিবেচনা করিয়া কয়েকদিনের পর সিংহ আ'দেশ করিল, যে, অনতিকাল মধ্যে এই অরণ্যে সমুদায় পশু সংমিলিত ছইয়া একটি সভা স্থাপন করিবে, সেই সভার নেকড়ি-য়ারা আপনাদের যাহা বক্তব্য তাহা প্রকাশ্য-রূপে বলিবে। রাজ আক্রান্তুসারে সভাতে পশু সকল আগত হইলে, নেকড়িয়াকে মেষরক্ষক পদে নিযুক্ত করা বিধেয় কি না? এই প্রস্তাব হইল। অনেক তর্ক বিতকের পর সভা স্থির করিল, যে, পদ-মর্যাদা-মুসারে পদ প্রদান করা হইবে, অভএব অনেকের সম্মতিতে নেকডিয়াই সে পদের যথার্থ যোগ্য বলিয়া স্থিরীকৃত হইল। এই বার্তা প্রবণে মেষগণ অসস্তুষ্ট इहेग्रा दलिए जाशिन, कि। ध दिष्टम आंगोिं पिर्शद অনেক বক্তব্য আছে। কিন্তু থাকিলে কি হয়, সভাতে কোন কথা,বলিতে তাহাদের ক্ষমতা ছিল না, সুতরাং তাহাদের মনের কথা মনেই রহিল।

ক্ষত্রিম পুষ্পা, অথবা স্বাভাবিক নৈপুণ্য এবং সংশোধনকারী বিবেচক।

একদা এক রাজবাতীর জানালায় কতক গুলী কুত্রিম পুষ্প স্থাপিত হইয়াছিল। তাহাদের বর্ণ অভি মনোরম, সেন্দর্যোর ছটাতে ভাহার। চক্ষের পাপ দুর করিতেছিল। এক দিন হঠাৎ জল ঝড় উপস্থিত হওয়াতে, তাহারা যে লোহার তারে আবদ্ধ ছিল, ভাহায় মড়িচা পড়িয়া গেল, পথের ধূলা উড়িয়া ভাহাদিগের মনোহর বর্ণকে বিবর্ণ করিল, ভাহাদের রূপের ছটা আর কিছুমাত রহিল না। তথন তাহার। উচ্চৈঃম্বরে চীৎকার করিয়া কহিতে লাগিল, প্রাণ যায়, আমরা গেলাম, আমাদের যে অপকার করিল তার সর্বনাশ হউক। কিন্তু দেখ় ঝটিকা দ্বারা দেশের বায়ু সুপরিক্ষত হইয়া সুশীতল হইল। ব্লফি षाता चर्चारवत ७ क प्लट्ट यम कीवन मक्षात इहेन। তাহাতে উদ্যানের পুষ্প সকল প্রাকৃতিক মনোহর শোভা ও সেরিভ বিজ্ঞ করিয়া প্রক্টিভ হইল, ভাহাদিগের সদ্গন্ধে চারি দিক আন্মোদিত হইতে লাগিল। আহা ! সোন্দর্যা বিহীন হওয়াতে কৃত্রিম श्रुष्त्र मकरलत ष्टुःरथत आत मीमा तिहल ना, मर्ग निम পরে রাজবাদীর ভতেরো ভাহাদিগকে লইয়া জঞ্জাল-রাশির উপর নিকেপ করিল।

বনপূপ্প, অথবা ছোট বড় সকলের উপর সমদ্ফি করা উচ্চপদস্থ রাজপুরুষদিগের কর্ত্তব্য।

একবার একটি বনপুষ্প, প্রিয় মূর্ত্তি ধারণ করিয়া প্রক্রটত হইয়াছিল। হঠাৎ সে পীড়িভ হওয়াতে ঙিফ</sub>ুইইয়া গেল, ভাহার উন্নত মস্তক ভূমিতলে অবনত হইয়া পড়িল। ভাহাতে সে মলয়-বায়ুকে সম্ভাষণ कतिया हूरल हूरल दिनाट नांगिन, जाहे! दमखकारनत ইদনিক আলোকের ন্যায় যদি আমি এস্থলে আলোক প্রাপ্ত হই, যে গোরবান্তিত সূর্যা দিঙ্মওল ও বিচ-বণ ভূমি দীপ্যমান করেন, সে স্থর্য্যের করুণা চৃষ্টি যদি আমার উপর হয়, তবে আমি সজীব হইয়া পুনরায় পত্র পুষ্প ধারণ করিতে পারি। একটা গোবরিয়া পোকা গোপনে বনপুষ্পের এই সকল শুনিয়া বলিতে লাগিল, প্রিয় বন্ধো! তুনি কি নির্কোধ, তুমি কি বোধ কর ভোমার তত্ত্বাবধান, এবং প্রতিদিন প্রাতঃকালে তুমি কিরূপ थांक उर्थिशारवक्षन, এই छूरे कर्म दाजित्तर स्ट्रिंग्त আর কোন কর্মা নাই। তুমি বন্ধিত বা শুক্ষ হইতেছ, जूमि मूर्तू निक दा आक हिंठ श्टेर कह, जूमि महन्दे दा অসম্ভূষ্ট আছে, এ সব বিষয়ের সংবাদ লইতে ওাঁহার অবকাশও নৃষ্ট এবং ইচ্ছাও নাই। এই জনোই বলি তুর্মি সুর্বাদেবের বথা কহিও না। ভোমার অপ্ত জান ও অপ্প বুদ্ধি, আমার মত যদি তুমি দুরে যাইতে পারিতে, পৃথিবীর জান যদি ভোমার আর

কিছু অধিক থাকিত, ভবে দেখিতে পাইতে, নয়দান শাস্য-ক্ষেত্র এবং বিচরণ ভূমি প্রভৃতি যে সকল বস্তু আম্বিদেগের ধন ও সেভিগ্যি বিস্তার করে, সে সকলই স্থারে অধীন। কারণ অত্যুচ্চ দেবদাক এবং প্রকাণ্ড বটরুক্ষ সকল, ভাঁহার উষ্ণ কিরণ দ্বারাই সজীবতা প্রাপ্ত হইয়া থাকে, রাত্রি কালে পুষ্পা সকল যে সুবর্ণে শোভিত এবং সদৃগন্ধ-যুক্ত হয়, সে কেবল ভাঁহারই দারা হয়। পৃথিবীতে পুষ্প এত মনোরম পদার্থ কেন ? কি জন্য উহার গুণামুবাদ লোকে মুক্ত কঙে করে ? কাল করাল বদন ব্যাদান করিয়া জগতের ममञ्ज बञ्चरक ध्वःम करत, किन्छ शुष्ट्रा ध्वःम कतियात সময় তাহার এত ছঃথ হয় কেন ? সুবর্ণ ও সেরিভ ইহার মুখ্য কারণ। কিন্তু বনপুষ্প! না আছে ভোমার মেন্দির্যা, না আছে ভোমার সেরিভ, কোন গুণে তুমি সূর্য্যের প্রসন্মতা লাভের প্রত্যাশা করিতে পার ? এই জনাই বলি, তুমি তদ্বিরুদ্ধে একটি মাত্র অসম্ভোষের কথা কহিও না। আমার কথায় বিশাস কর, তিনি যথন তোমার উপরে কিছু মাত্র কিরণ প্রদান করিতেছেন না, তথন তুমি তৎপ্রভার কথা কহিয়া কি জন্য তাঁহাকে তাক্ত বিরক্ত কর ? অতএব নিঃশব্দে শুষ্ক দেহ ইইয়া প্রাণ তাগি করা ভোমার উচিত হইয়াছে। গোৰৱিয়া পোকা বনপুষ্পকে এইরূপ বলিতেছে, এমত সময়ে দিবাছর সমস্ত প্রাকৃতিক পদার্থকে আলোক প্রদীন করীণার্থ সমু-জ্জুল প্রভার সহিত উদিতবানু হইলেন। তাহাতে कि अत्रेग कि छेन्। ने कि क्वि. ने ने स्टार्टन ने ने

প্রকার রক্ষ লতাদির উপরে তাঁহার কিরণ পতিত
 হইল, সকলেই সজীব ও সতেজ হইয়া উচিল। রাত্রি কালের শিশির পতনে যে সকল শাস্যের ফুল ম্রিয়মাণ
 হইয়াছিল, তিনি তাহাদিগকেও পুনর্বার প্রফুল ও
 সজীব করিয়া তুলিলেন।

সূর্য্য থেরূপ প্রকাণ্ড বটবুক্ষ অবধি সামান্য তৃণ।
পর্যান্ত, সকল প্রকার উদ্ভিদ্ধে ও সকল প্রকার প্রস্পেই।
সমভাবে আপন সুনির্মাল জ্যোতি প্রদান করেন;
সেইরূপ কি ভদ্র কি অভদ্র কি ধনী কি নির্ধান, সকলের।
হিত চেন্টা এবং সকলের প্রতি সম দৃষ্টি করা উচ্চ-পদ্ধ বাজপুরুষদিগের নিতান্ত কর্ত্ব্য হয়।

मनांश्च ।

-0-